

য়াজা রাম্মোহন রায়-

প্ৰণীত গ্ৰন্থাবলি ৷

শ্রীযুক্তরাজনারায়ণ বসু ও শ্রীযুক্তআনন্দচন্দ্র বেদান্তবাগীশ

কর্ত্তক

সংগৃহীত ও পুনঃ প্রকাশিভ।

কলিকাতা।

আদি-ব্রাহ্মসমাজ-যত্তে মুদ্রিত।

2950 M4 1-1

বিজ্ঞাপন।

মহাত্মা বাজা বামমোহন বামেব প্রাণীত গ্রন্থ সকল এক্ষণে গতি হৈপাণ হইষা উঠিয়াছে। বোদ হয় আন দশ বংসৰ পৰে তাহার অধি কাংশ বিলোপদশা প্রাপ্ত হইবে। এক্ষণে যদি সে দকল গ্রন্থ পুন ক্রিজিত ও পুনঃপ্রকাশিত না করা সায়, তাহা হইলে দেশের একটি বিশেষ ক্ষতি হইবে সন্দেহ নাই। কোন বিখ্যাত গ্রন্থকার বিল্যাছন, কোন মহয়েব প্রণীত গ্রন্থসমূহ সংগ্রহ কবিয়া একত্রে প্রকাশ করা ভাহার সকল প্রকাব স্মুরণীয় চিহ্ন অপেক্ষা প্রেষ্ঠতম স্মুরণীয় চিহ্ন ক্ষতি ছুংখের বিষয় এই যে, আমারদিগের দেশের প্রধান গৌরবস্থল ক্রিজি ছুংখের বিষয় এই যে, আমারদিগের দেশের প্রধান গৌরবস্থল ক্রিজি ছুংখির বিজ্ঞা বামমোহন রাঘের স্মুনণার্থ এ প্র্যান্ত উপরোক্ত ক্রিজি ছুর্টানির্মিত হইল না।

উল্লিখিত শভাব জনা বিশেষ ক্ষোত প্রাপ্ত ইন। আমনা উক্ত মহাআমার প্রণীত গ্রন্থ সকল সংগ্রহ ও পুনঃপ্রকাশে ক্রতসংকংপ হই। আমনা
শীঘই আমাদেব সংকংপ কার্ম্যে পরিণত করিতে পাবিতান কিন্তু উক্ত
গ্রন্থসকল সংগ্রহ করা যেরূপ কঠিন কার্মা তাহা অনেকে অবগত নহেন।
আনেক কক্টে পুন্তকগুলি সংগৃহীত হইলেও অর্থের অভাব নিমিত্ত আমাদিগকে চিন্তানিত হইতে হইয়াছিল। এক্ষণে গ্রাহক নহাশ্যদিগের উপরেই নির্ভর করিয়া সক্ষপিত কার্ম্য সাধনে প্রন্ত হইতেছি। ঈশ্বরপ্রসাদে এই ত্রুকর ব্রত উদ্যাপন কবিতে পাবিলে ক্রার্থ হই।

কি প্রণালীতে এই সকল গ্রন্ধু পুনর্দ্রিত হইতেছে, তাহা উল্লেখ করা আবশ্রুক। কালক্রমান্ত্রে, যাহার পর যে গ্রন্থ বচিত ইইয়াছিল, তাহার পরে সেই গ্রন্থই প্রকাশ কবা যাইতেছে। কোন কোন স্বলে বিষয়ের একত্রীকবণনিমিত্ত এক এক খানি পরের গ্রন্থ পূর্বের প্রকাশ কবা যাইবে। অধিকাংশ গ্রন্থে গ্রন্থকারক কুঁক প্রথম মুদ্রান্ধণে তাহার তারিখ লিখিত হইয়াছে। তদ্দ্টে পাঠকগণ গ্রন্থের পৌর্বাপর্য সহজেই নিক্ষণ করিবে পারিবেন। যে গ্রন্থ যেরপে আরম্ভ, যেরপে শেষ ও উদ্ভর্গত শ্লোকানি যেরপে বিন্যন্ত হইয়াছে, সমুদায় অবিকল মুদ্রিত হইবে। প্রত্যেক গ্রন্থের প্রথমে আমরা একটি একটি "আখ্যাপত্রে" গ্রন্থের নাম নির্দেশ করিব। যেন্থলে গ্রন্থকার ক্বত কোন "আখ্যাপত্র" আছে, সেখানেও আমাদের একটি করিয়া "আখ্যাপত্র" সর্ব্ব প্রথমে থাকিবে।

ক্তজ্ঞত। পূর্ব্বক অঙ্গীকার করিতেছি, যে উক্ত মহাত্মার পৌত্র শ্রীযুক্ত বারু হরিমোহন রায় ও শ্রীযুক্ত বারু প্যারীমোহন রায় মহাশয়গণ এই বিষয়ে সাহায্যার্থ আমাদিগকে ১০০ টাকা প্রদান করিয়াছেন।

পরিশেষে ইহা স্বীকার করা আবঞ্চক যে শ্রীযুক্ত বারু ঈশানচন্দ্র বস্থ স্বীয় আস্তরিক অনুরাগ বশতঃ এই বিষয়ের প্রথম প্রস্তাব করেন এবং অধ্যবসায় সহকারে পুস্তকাদি সংগ্রহ করিয়া আমাদের যথেষ্ট সাহায্য করিতেছেন।

> শ্রীরাজনারায়ণ বস্থ। শ্রীআনন্দচন্দ্র বেদাস্তবাগীশ।



বেদান্ত গ্ৰন্থ।



ভূমিকা।

ওঁতৎসং॥ বেদের পুনঃ পুনঃ প্রতিজ্ঞার দ্বারা এবং বেদান্ত শাস্তের বিবরণের দ্বারা এই প্রতিপন্ন হইয়াছে যে সকল বেদের প্রতিপাদ্য সদ্ধ্রপ পরত্রন্ধ হইয়াছেন। যদি সংস্কৃত শব্দের ব্যুৎপত্তি বলেরদ্বারা ক্রন্ধ পরমাত্মা দৰ্বজ্ঞ ভূমা ইত্যাদি ব্ৰহ্মবাচক প্ৰসিদ্ধ শব্দ হইতে কোন কোন দেবতা কিম্বা মন্ত্রষ্যকে প্রতিপন্ন কর ভবে সংস্কৃত শব্দে যে সকল শাস্ত্র কিম্বা কাব্য বর্ণিত হইয়াছে তাহার অর্থের স্থৈয়্য কোন মতে থাকে না যে হেতু বুাৎপত্তি বলেতে কৃষ্ণ শব্দ আর রাম শব্দ পশুপতি শব্দ এবং কালী ত্বৰ্গাদি শব্দ হইতে অন্য অন্য বস্তু প্ৰতিপাদ্য হইয়া কোন্ শাস্তের কি প্রকাব তাৎপর্য্য তাহার নিশ্চয় হইতে পারে না। ইহার কারণ এই যে সংস্কৃতে নিষম করিয়াছেন যে শব্দ সকল প্রায়শ ধাতু হইতে বিশেষ বিশেষ প্রতায়ের দ্বারা নিষ্পন্ন হয় সেই ধাতুর অনেকার্থ এবং প্রতায়ো নানা প্রকার মর্থে হয় অতএব প্রতি শব্দের নানা প্রকার ব্যুৎপত্তি বলেতে অনেক প্রকার অর্থ হইতে পারে। অধিকস্ত কিঞ্চিৎ মনো নিবেশ করিলে সকলে অনাযাসে নিশ্চয় করিবেন যে যদি রূপগুণ বিশিষ্ট কোন দেবতা কিস্বা মন্ত্ৰ্যা বেদাস্ত শাস্ত্ৰের বক্তব্য হইতেন তবে বেদাস্ত পঞ্চাশদধিক পাঁচশত স্থত্তে কোন স্থানে সে দেবতার কিম্বা মন্থযোর প্রসিদ্ধ নামের কিম্বা রূপের বর্ণন অবশ্য হইত কিন্তু ঐ সকল সংত্রে ব্রহ্ম বাচক শব্দ বিনা দেবতা কিন্তা মনুষ্যের কোন প্রসিদ্ধ নামের চর্চ্চার লেশ নাই। যদি বল বেদে কোন কোন স্থানে রূপগুণ বিশিষ্ট দেবতার এবং মন্ত্রোর এক্সাড় রূপে বর্ণন করিয়াছেন অতএব তাঁহারা দাক্ষাৎ ব্রহ্মরূপে উপাদ্য হয়েন ইহার উত্তর এই অত্যম্প মনোযোগ করিলেই প্রতীতি হইবেক যে এমত কথনের দ্বারা ঐ দেবতা কিন্তা মহুষ্যের সাক্ষাৎ ব্রহ্মত্ব প্রতিপন্ন হয় নাই যেহেতু বেদেতে যেমন কোন কোন দেবতার এবং মহয়ের ব্রহ্মত্ব কথন দেখিতেছি দেই রূপ আকাশের এবং মনের এবং অবাদির স্থানে স্থানে বেদে ব্রহ্মত্ব রূপে বর্ণন আছে এসকলকে ব্রহ্ম কথনের তাৎপর্য্য বেদের এই হয় যে এক্স সর্ব্ব

ময় হ্যেন তাঁহার অধ্যাদ করিয়া দকলকে ব্রহ্মরূপে স্থীকার করা যায় পৃথক পৃথককে দাক্ষাৎ ব্রহ্ম বর্ণন করা বেদের তাৎপর্য্য নহে। এইমত দিদ্ধান্ত বেদ আপনি অনেক স্থানে করিয়াছেন তবে অনেকেই কথন পশুপ পক্ষীকে কথন মৃত্তিকা পাষাণ ইত্যাদিকে উপাদ্য কপেনা করিয়া ইহাতে মনকে কি বুদ্ধির দ্বারা বদ্ধ করেন বোধগম্য করা যায় না এরূপ কপেনা কেবল অপকালের পরম্পরা দ্বারা এদেশে প্রসিদ্ধ হইয়াছে। লোকেতে বেদান্ত শাস্ত্রের অপ্রাচুর্য্য নিমিত্ত স্বার্থপর পণ্ডিত দকলের বাক্য প্রবন্ধে এবং পূর্ব্ব শিক্ষা ও সংস্কারের বলেতে অনেক অনেক স্থবোধ লোক এই কম্পনাতে মগ্ন আছেন এ নিমিত্ত এ অকিঞ্চন বেদান্ত শাস্ত্রের অর্থ ভাষাতে এক প্রকার যথা দাধ্য প্রকাশ করিলেক। ইহার দৃষ্টিতে জানিবেন যে আমারদের মূল শাস্ত্রাম্থদারে ও অতি পূর্ব্ব পরম্পরায় এবং বুদ্ধির বিবেচনাতে জগতের প্রস্ক্রী পাতা সংহত্তি ইত্যাদি বিশেষণ গুণে কেবল ঈশ্বর উপাদ্য হইয়াছেন অথবা দমাধি বিষয় ক্ষমতাপন্ধ হইলে দকল ব্রহ্মময় এমত রূপে দেই ব্রহ্ম দাধনীয় হয়েন।

তিন চারি বাক্য লোকেরা প্রবৃত্তির নিমিত্ত রচনা করিয়াছেন ঐ লোকেও তাহার পূর্ব্বাপর না দেখিয়া আপন আপন মতের প্রাফ্টি নিমিত্ত ঐ সকল বাক্যকে প্রমাণের ন্যায় জ্ঞান করেন এবং সর্ব্বাদা বিচার কালে কহেন। প্রথমত এই যাহাকে ব্রহ্ম জগৎ কর্ত্তা কহ তিহোঁ বাক্য মনের অগোচর স্থতরাং তাঁহার উপাসনা অসম্ভব হয় এই নিমিত্ত কোন রূপ গুণ বিশিক্তকে জগতের কর্ত্তা জানিয়া উপাসনা না করিলে নির্ব্বাহ হইতে পারে নাই অতএব রূপ গুণ বিশিক্তের উপাসনা আবশ্যক হয়। ইহার সামান্য উত্তর এই। যে কোন ব্যক্তি বাল্যকালে শক্রপ্রস্থ এবং দেশাস্তর হইয়া আপনার পিতার নিরূপণ কিছু জানে নাই এনিমিত্ত সেই ব্যক্তি যুবা হইলে পরে যে কোন বন্ধ সম্মুখে পাইবেক তাহাকে পিতা রূপে গ্রহণ করিবেক এমত নহে বরঞ্চ সেই ব্যক্তি পিতার উদ্দেশে কোন ক্রিয়া করিবার সময়ে অথবা পিতার মঙ্গল প্রার্থনা করিবার কালে এই কহে যে যে জন জন্মদাতা তাহার শ্রেয় হউক। সেই মত এখানেও জানিবে যে ব্রক্ষের স্ক্রপ জ্রেয় নহে কিন্তু তাহার উপাসনা কালে তাঁহাকে জগতের

স্রফী পাতা সংহর্তা ইত্যাদি বিশেষণের দ্বারা লক্ষ্য করিতে হয় তাহাব ক'প্রনা কোন নম্বর নাম রূপে কি রূপ করা যাইতে পারে। সর্বাদা যে সকল বন্ধ যেমন চক্র স্বর্যাদি আমরা দেখি ও তাহার দ্বারা ব্যবহার নিস্পন্ন করি ' তাহারো যথার্থ স্বরূপ জানিতে পারি না ইহাতেই বুঝিবে যে ঈশ্বর ইন্দ্রি-য়ের অগোচর তাঁহার স্বরূপ কি রূপে জানা যায় কিন্ধু জগতের নানাবিধ রচনার এবং নিয়মের দৃষ্টিতে তাঁহার কর্ত্তত্ব এবং নিয়স্তৃত্ব নিশ্চয় হইলে ক্বতকার্য্য হইবার সম্ভব হন্ন। সামান্য অবধানে নিশ্চয় হয় যে এই তুর্গম্য নানা প্রকার রচনা বিশিষ্ট জগতের কর্তা ইহা হইতে ব্যাপক এবং অধিক শক্তিমান অবশ্য হইবেক ইহার এক অংশ কিম্বা ইহার ব্যাপ্য কোন বস্তু ইহার কর্ত্তা কি যুক্তিতে অঙ্গীকার করা যায়। আর এক অধিক আশ্চর্য্য এই যে স্বজাতীয় বিজাতীয় অনেকেই নিরাকার ঈশ্বরের উদ্দেশে উপাসনা ক্রিতেছেন ইহা প্রত্যক্ষ দেখিতেছেন অথচ কহিতেছেন যে নিরাকার ঈশ্বর তাঁহার উপাসনা কোন মতে হইতে পারে না॥১॥ দ্বিতীয় বাক্য রচনা এই যে পিতা পিতামহ এবং স্ববর্গেরা যে মতকে অবলম্বন করিয়াছেন তাহার অন্যথা করণ অতি অযোগ্য হয়। লোক সকলের পূর্ব্ব পুরুষ এবং স্ববর্গের প্রতি অত্যন্ত স্লেহ স্থতরাং এবাক্যকে পর পূর্ব্ব বিবেচনা না করিয়া প্রমাণ স্বীকার করেন ইহার সাধারণ উত্তর এই যে কেবল স্বর্গের মত হয় এই প্রমাণে মত গ্রহণ করা পশু জাতীয়ের ধর্ম হয় যে সর্বরদা স্ববর্গের ক্রিয়ানুসারে কার্য্য করে। মনুষ্য যাহার সৎ অসৎ বিবেচনার बुक्ति আছে দে कि ऋপে ক্রিয়ার দোষ গুণ বিবেচনা না করিয়া স্বর্গে करतन এই প্রমাণে ব্যবহার এবং পরমার্থ কার্য্য নির্ব্বাহ করিতে পারে। **এই মত সর্ব্ধত্র সর্ব্ধকালে হই**লে পর পৃথক পৃথক মত এপর্য্যন্ত হইত না বিশেষত আপনাদের মধ্যে দেখিতেছি যে এক জন বৈষ্ণবের কুলে জন্ম লইয়া শাক্ত হইতেছে দিতীয় ব্যক্তি শাক্ত কুলে বৈষ্ণৰ হয় আর স্মার্ক ভট্টাচার্য্যের পরে যাহাকে এক শত বৎসর হয় না যাবতীয় পরমার্থ কর্ম্ম মান দান ব্রতোপবাদ প্রভৃতি পূর্ব্ব মতের ভিন্ন প্রকারে হইতেছে আর मकल करहन रा शंक दांचान रा काल अल्टिंग आहेरमन डांहाएन शा-য়েতে মোজা এবং জামা ইত্যাদি বেশ এবং গো যান ছিল তাহার পরে

পরে দে সকল ব্যবহার কিছুই রহিল না আর ব্রাহ্মণের যবনাদিব দাসত্ব করা এবং যবনের শান্ত পাঠ কবা এবং যবনকে শান্ত পাঠ কবান কোন্ ্ পূর্ব্ব ধর্ম ছিল। অতএব স্ববর্গে যে উপাসনা ওব্যবহার করেন তাহার ভিন্ন উপাসনা করা এবং পূর্ব্ব পূর্ব্ব নিয়মের ত্যাগ আপনারই সর্ব্বদা স্বীকাব করিতেছি তবে কেন এমত বাক্যে বিশ্বাস করিয়া প্রমার্থের উত্তম পথের চেস্টা না করা যায়॥২॥ ভৃতীয় বাক্য এই যে ব্রহ্ম উপাসনা করিলে মহুষ্যের লৌকিক ভন্তাভদ্র জ্ঞান এবং স্কুর্গন্ধি স্থান্ধি আর অগ্নিও জলের পৃথক জ্ঞান থাকে না অতএব স্কুতরাং ঈশ্বরের উপাসনা গৃহস্থ লোকের কি রূপে হইতে পারে। উত্তর। তাঁহাবা কি প্রমাণে এবাক্য রচনা করেন তাহা জানিতে পারি নাই যেহেতু আপনারাই স্বীকার করেন যে নারদ জনক সনৎকুমারাদি শুক বশিষ্ঠ ব্যাস কপিল প্রভৃতি ব্রহ্মজ্ঞানী ছিলেন অথচ ইহাঁরা অগ্নিকে অগ্নি জলকে জল ব্যবহার করিতেন এবং . রাজ্য কর্ম্ম আর গার্হস্থ্য এবং শিষ্য সকলকে জ্ঞানোপদেশ যথাযোগ্য করি-তেন তবে কি রূপে বিশ্বাস করা যায যে ব্রহ্মজ্ঞানীর ভন্রাভন্রাদি জ্ঞান কিছুই থাকে নাই আর কি রূপে একথার আদর লোকে করেন তাছা জানিতে পারি না। বিশেষতঃ আশ্চর্য্য এই যে ঈশ্বরের উপাদনাতে ভদ্রাভদ্র জ্ঞান থাকে আর ব্রহ্ম উপাসনাতে ভদ্রাভদ্র জ্ঞানের বহিভূতি হইয়া লোক ক্ষিপ্ত হয় ইহাও লোকের বিশ্বাস জন্মে। যদি কহ সর্বত্ত ব্রহ্মজান করিলে ভেদ জ্ঞান আর ভন্তাভন্তের জ্ঞান কেন থাকিবেক তাহার উত্তব এই যে লোক যাত্রা নির্কাহ নিমিত্ত পূর্ব্ব পূর্ব্ব ব্রহ্মজ্ঞানীর ন্যায় চক্ষু কর্ণ হস্তাদির কর্ম্ম চক্ষু কর্ণ হস্তাদির দ্বারা অবশ্য করিতে হয় এবং পুত্রের সহিত পিতার কর্মা পিতার সহিত পুত্রের ধর্মা আচরণ করিতে হই-বেক যেহেতু এসকল নিয়মের কর্তা ব্রহ্ম হয়েন। যেমন দশ জন ভ্রম বিশিষ্ট মমুষ্যের মধ্যে একজন অভ্রাপ্ত যদি কালক্ষেপ করিতে চাহে সেই ভ্রম বিশিষ্ট লোক সকলের অভিপ্রায়ে দেহ যাত্রার নির্ব্বাহার্থ লৌকিক আচরণ করিবেক॥ ৩॥ চতুর্গ বাক্য প্রবন্ধ এই যে পুরাণে এবং তক্সাদিতে নানা-বিধ সাকার উপাসনার প্রয়োগ আছে অতএব সাকার উপাসনা কর্ত্তব্য। তাহার উত্তর এই। পুরাণ এবং তন্ত্রাণিতে যেমন সাকার উপাসনার

বিধি আছে দেই রূপ জ্ঞান প্রকরণে তাহাতেই লিখেন যে এসকল যত কহি সকল ব্রহ্মের রূপ কম্পনা মাত্র অন্যথা মনের দ্বারা যে রূপ কৃত্রিম **इटे**श डि**शामा इंटेर्टन रम**हे ऋश के भरनत खना विषया मः रायां ग इटेरल ধ্বংসকে পায় আর হত্তের কৃত্রিম রূপ হস্তাদির দ্বারা কালে কালে নফী হয় অতএব যাবৎ নাম রূপ বিশিষ্ট বস্তু সকল নম্বর ব্রহ্মই কেবল জেয উপাস্য হয়েন। অতএব এই রূপ পুবাণ তত্ত্বেব বর্ণন দ্বারা। পূর্ব্ব পূর্ব যে সাকার বর্ণন কেবল তুর্বলাধিকাবীর মনোরঞ্জনের নিমিত্ত কবিয়াছেন এই নিশ্চয় হয়। আর বিশেষত বুদ্ধির সতান্ত সগ্রাহ্ন বস্তু কেবল পরস্পাব অনৈক্য বচন বলেতে বুদ্ধিমান ব্যক্তিব গ্রাহ্ম হইতে পারে না অথচ পূর্বব বাক্যের মীমাংসা পর বচনে ঐ পুরাণাদিতে দেখিতেছি। যাঁহাবা সকল বেদান্ত প্রতিপাদ্য প্রমাত্মার উপাদনা না কবিষা পুথক পুথক কম্পনা করিয়া উপাদনা করেন তাঁহাদিগ্যে জিজ্ঞাদা কর্ত্তব্য যে ঐ দকল বস্তুকে সাক্ষাৎ ঈশ্বর ক্রেন কিম্বা অপর কাহাকেও ঈশ্বর কহিয়া ঠাহার প্রতিমূর্ত্তি জানিয়া ঐ সকল বস্তুর পূজাদি কবেন। ইহার উত্তবে ঠাহাবা এ সকল বস্তুকে দাক্ষাৎ ঈশ্বর কহিতে পাবিবেন না যেহেতু ঐ দকল বস্তু নম্বৰ এবং প্রায় তাহাদের কৃত্রিম অথবা বশী সূত হযেন। সতএব নে নম্বব এবং ক্লুত্রিম তাহার ঈশ্বরত্ব কি রূপে আছে স্বীকাব করিতে পারেন এবং ই প্রশ্নেব উত্তরে ওসকল বস্তুকে ঈখরের প্রতিমূর্ত্তি কহিতেও তাহারা সঙ্গচিত হইবেন যেহেতু ঈশ্বর যিনি অপরিমিত সতীক্রিয় তাঁহাব প্রতিমূর্ত্তি পরি মিত এবং ইন্দ্রিয় গ্রাহ্ম হইতে পারে না। ইহার কারণ এইয়ে যেমন তাহার প্রতিমূর্ত্তি তদমুযায়ি হইতে চাহে এগানে তাহার বিপরীত দেখা যায় বরঞ্চ উপাসক মন্থ্য হয়েন সে মন্থ্যের বশীভূত ঐ সকল বস্তু হয়েন। এই প্র-শ্বের উত্তরে এরূপ যদি কহেন যে ব্রহ্ম সর্বময় অতএব ঐ সকল বন্ধুর উপাসনায ব্রহ্মের উপাসনা সিদ্ধ হয় এই নিমিত্ত ঐ সকল বস্তুর উপাসনা করিতে হইয়াছে। তাহার উত্তর এই যে যদি ব্রহ্ম সর্ব্বময় জানেন তবে বিশেষ বিশেষ ক্লপেতে পূজা করিবার তাৎপর্য্য হইত না। এস্থানে এমত যদি কহেন যে ঈশবের আবিভাব যে রূপেতে অধিক আছে তাহার উপা-্সনা করা যায়। তাহার উত্তর এই। যে নানাধিক্য এবং হ্রাস **রক্ষি দারা**

পরিমিত হইল দে ঈশ্বর পদের যোগ্য হইতে পারে না অতএব ঈশ্বরকোন স্থানে অধিক আছেন কোন স্থানে অপ্প এ অত্যন্ত অসম্ভাবনা। বিশে- ষত এসকল রূপে প্রত্যক্ষে কোন অলৌকিক আধিকা দেখা যায় না। যদি কহেন এসকল রূপেতে মায়িক উপাধি ঐশ্বর্য্যের বাহুল্য আছে অতএব উপাদ্য হয়েন তাহার উত্তর এই যে মায়িক উপাধি ঐশর্য্যের স্থানাধি-ক্যের দ্বাবা লৌকিক উপাধির লম্বুতা গুরুতার স্বীকার করা যায় পরমার্থের সহিত লৌকিক উপাধির কি বিষয় আছে যেহেতু লৌকিক ঐশ্বর্য্যের দ্বারা পরমার্থে উপাদ্য হয় এমত স্বীকার করিলে অনেক দোষ লোকে উপস্থিত ছইবেক। বন্ধুত কাবণ এই যে বছকাল অবধি এই সংস্কার হইয়াছে যে কোন দৃশ্য কৃত্রিম বস্তুকে সম্মুখে বাখাতে তাহাকে পূজা এবং আহারাদি নিবেদন কবাতে অত্যন্ত প্রীতি পাওযা যায়। প্রায়শ আমারদের মধ্যে এমত সুবোধ উত্তম ব্যক্তি আছেন যে কিঞ্চিৎ মনোনিবেশ করিলে এসকল কাম্পনিক হইতে চিত্তকে নিবর্ত্ত করিয়া সর্ব্বে সাক্ষী সজ্জপ পরব্রহেন্দর প্রতি চিত্ত নিবেশ করেন এবং এ অকিঞ্চনকে পবে পরে তুঠ্ট হয়েন। আমি এই বিবেচনায় এবং আশাতে তাঁছারদের প্রসন্মতা উদ্দেশে এই যতু করি-লাম। বেদান্ত শাস্ত্রের ভাষাতে বিবরণ করাতে সংস্কৃতের শব্দ সকল স্থানে স্থানে দিয়া গিয়াছে ইহার দোষ যাঁহারা ভাষা এবং সংস্কৃত জানেন তাঁহারা লইবেন না কারণ বিচার যোগ্য বাক্য বিনাসংস্কৃত শব্দের দ্বারা কেবল স্বদেশীয় ভাষাতে বিবরণ করা যায় না। আর আমি সাধ্যাত্মসারে স্থলভ করিতে ক্রাটি করি নাই উত্তম ব্যক্তি সকল যেখানে অশুদ্ধ দেখি-বেন তাহার পরিশোধন করিবেন আর ভাষামুরোধে কোনকোন শব্দ লিখা গিয়াছে তাহারো দোষ মার্জনা করিবেন। উত্তরের লাঘব গৌরব প্রশ্নের লঘুত। গুরুতার অমুসারে হয় অতএব পূর্বে লিখিত উত্তর সকলের গুরুত্ব লযুত্ব তাহার প্রশ্নের গৌরব লাঘবের অনুসারে জানিবেন। ঐ সকল প্রশ্ন সর্বাদা ভাবণে আইদে এনিমিত্ত এমত অযুক্ত প্রশ্ন সকলেরো উত্তর অনি-চ্ছিত হইয়াও লিখা গেল ইতি শকাব্দা ১৭৩৭ কলিকাতা।

দৈনিজ্ঞেরমস্য শাস্ত্রস্য তথালোচ্য মমাজতাং। ক্বপরা স্থজনৈঃ শোধ্যা-স্ত্র-চরোন্মিরিবন্ধনে।

অনুষ্ঠান।

ওঁতৎসৎ।--

প্রথমত বাঙ্গলা ভাষাতে আবশ্যক গৃহ ব্যাপার নির্ব্বাহের যোগ্য কেবল কতক গুলিন শব্দ আছে। এভাষা সংস্কৃতের যেরূপ অধীন হয় তাহা অন্য ভাষার ব্যাখ্যা ইহাতে করিবার সময় স্পন্ত হইষা থাকে দ্বিতীয়ত এভাষায় গদ্যতে অদ্যাপি কোনো শাস্ত্র কিম্বা কাব্য বর্ণনে আইসে না। ইহাতে এত-দ্দেশীয় অনেক লোক অনভ্যাস প্রযুক্ত ছুই তিন বাক্যের অন্বয় করিয়া গদ্য হইতে অর্থ বোধ করিতে হঠাৎ পারেন না ইহা প্রত্যক্ষ কামুনের তরজমার অর্থ বোধের সময় অমুভব হয়। অতএব বেদান্ত শান্ত্রের ভাষার বিবরণ সামান্য আলাপের ভাষার ন্যায় স্থগমনা পাইয়া কেহ কেহ ইহাতে মনোযোগের ক্যুনতা করিতে পারেন এনিমিত্ত ইহার অন্তর্চানের প্রকরণ লিখিতেছি। যাঁহাদের সংস্কৃতে ব্যুৎপত্তি কিঞ্চিতো থাকিবেক আর যাঁ। হারা ব্যুৎপন্ন লোকের সহিত সহবাস দারা সাধু ভাষা কহেন আর শুনেন তাঁহাদের অপ্প শ্রমেই ইহাতে অধিকার জিন্মিবেক। বাক্যের প্রারস্ত আর সমাপ্তি এই ত্বইয়ের বিবেচনা বিশেষ মতে করিতে উচিত হয়। যে যে স্থানে যখন যাহা যেমন ইত্যাদি শব্দ আছে তাহার প্রতি শব্দ তথন তাহ। সেই রূপ ইত্যাদিকে পুর্বের সহিত অধিত করিয়া বাক্যের শেষ করিবেন। যাবৎ ক্রিয়া না পাইবেন তাবৎ পর্য্যস্ত বাক্যের শেষ অঙ্গীকার করিয়া অর্থ করিবার চেক্টা না পাইবেন। কোন্ নামের সহিত কোন্ ক্রিয়ার অব্য হয় ইহার বিশেষ অনুসন্ধান করিবেন যেছেতু এক বাক্যো কথন কথন কয়েক নাম এবং কয়েক ক্রিয়া থাকে ইহার মধ্যে কাহার স হিত কাহার অন্বয় ইহা না জানিলে অর্থজ্ঞান হইতে পারে না। তাহার উদা-হরণ এই। ব্রহ্ম ঘাঁহাকে সকল বেদে গান করেন আর ঘাহার সতার অবলম্বন করিয়া জগতের নির্ব্বাহ চলিতেছে সকলের উপাদ্য হযেন। এ উদাহরণে যদ্যপি ব্রহ্ম শব্দকে সকলের প্রথমে দেথিতেছি তত্রাপি সকলের শেষে হয়েন এই যে ক্রিয়া শব্দ তাহার সহিত ব্রহ্ম শব্দের অধ্য হইতেছে।

আর মধ্যেতে গান করেন যে ক্রিয়া শব্দ আছে তাহার অবয় বেদ শব্দের সহিত আর চলিতেছে এ ক্রিয়া শব্দের সহিত নির্কাহ শব্দের অবয় হয়। অর্থাৎ করিয়া যেখানে যেখানে বিবরণ আছে সেই বিবরণকে পর পূর্ব্ব পদের সহিত অন্বিত যেন না করেন এই অন্থুসারে অনুষ্ঠান করিলে অর্থ বােধ হইবাতে বিলম্ব হইবেক না। আর ঘাঁহাদের ব্যুৎপত্তি কিঞ্চিতো নাই এবং ব্যুৎপন্ধ লোকের সহিত সহবাস নাই তাঁহারা পণ্ডিত ব্যক্তির সহায়তাতে অর্থ বােধ কিঞ্চিৎ কাল করিলে পশ্চাৎ স্বয়ং অর্থ বােধে সমর্থ হইবেন। বস্তুত মনোযােগ আবশ্যক হয়। এই বেদান্তের বিশেষ জ্ঞানের নিমিত্ত অনেক বর্ব উত্তম পণ্ডিতেরা শ্রম করিতেছেন যদি ছুই তিন মাস শ্রম করিলে এ শাল্পের এক প্রকার অর্থ বােধ হইতে পারে তবে অনেক স্থলত জানিয়া ইহাতে চিত্ত নিবেশ করা উচিত হয়।

কেহো কেহো এ শাস্ত্রে প্রবৃত্তি হইবার উৎসাহের ভঙ্গ নিমিত্ত কহেন যে বেদের বিবরণ ভাষায় করাতে এবং শুনাতে পাপ আছে এবং শৃদ্রের এ ভাষা স্থনিলে পাতক হয়। তাঁহাদিগ্যে জিজ্ঞাসা কর্ত্তব্য যে যথন তাঁহাবা শ্রুতি ক্ষৃতি জৈমিনি স্কৃত্র গীতা পুরাণ ইত্যাদি শাস্ত্র ছাত্রকে পাঠ করান তথন ভাষাতে তাহার বিবরণ করিয়া থাকেন কি না আর ছাত্রেরা সেই বিবরণকে শুনেন কি না আর মহাভারত যাহাকে পঞ্চম বেদ আর সাক্ষাৎ বেদার্থ কহা যায় তাহার শ্লোক সকল শুদ্রের নিকট পাঠ করেন কি না এবং তাহার অর্থ শূদ্রকে বুঝান কি না শূদ্রেরাও দেই বেদার্থের অর্থ এবং ইতিহাস পরস্পর আলাপেতে কহিয়া থাকেন কি না আর আদ্ধা-দিতে শূদ্রে নিকটে ঐ সকল উচ্চারণ করেন কি না। যদি এই রূপ সর্ব্বদা ক্রিয়া থাকেন তবে বেদান্তের এ অর্থের বিবরণ ভাষাতে ক্রিবাতে দোষের উল্লেখ কি রূপে করিতে পারেন। স্থবোধ লোক সত্য শান্ত্র আর কাপ্প-নিক পথ ইহার বিবেচনা অবশ্য করিতে পারিবেন। কেহ কেহ কছেন ব্রহ্ম প্রাপ্তি যেমন রাজ প্রাপ্তি হয়। দেই রাজ প্রাপ্তি তাহার দ্বারীর উপা-সনা ব্যতিরেক হইতে পারে না সেই রূপ রূপ গুণ বিশিষ্টের উপাসনা বিনা ব্রহ্ম প্রাপ্তি হইবেক না। যদ্যপিও এ বাক্য উত্তর যোগ্য নহে তত্রাপি লোকের সন্দেহ দূর করিবার নিমিত্ত লিখিতেছি। যে ব্যক্তি রাজ

প্রাপ্তি নিমিত্ত দ্বাবীর উপাসনা করে সে দ্বারীকে সাক্ষাৎ রাজা কহে না এখানে তাহার বিপরীত দেখিতেছি যে রূপ গুণ বিশিষ্টকে সাক্ষাৎ ব্রহ্ম কহিয়া উপাসনা করেন। দ্বিতীয়ত রাজা হইতে রাজার দ্বারী স্কুসাধ্য এবং নিকটস্থ স্থতরাং তাহার দ্বারা রাজ প্রাপ্তি হয এখানে তাহার অন্যথা দেখি। ব্ৰহ্ম দৰ্ব্বব্যাপী আর ঘাঁহাকে তাঁহার দ্বারী কহ তেহো মনের অথবা হস্তের কৃত্রিম হয়েন কথন তাঁহার স্থিতি হয় কথন স্থিতি না হয় কথন নিকটস্থ কখন দূরস্থ অতএব কি রূপে এমত বস্তুকে অন্তর্যামী সর্বব্যাপী পরমাত্মা হইতে নিকটস্থ স্বীকার করিয়া ব্রহ্ম প্রাপ্তির সাধন কহা যায়। তৃতীয়ত চৈতন্যাদি রহিত বস্তু কি রূপে এই মত মহৎ সহায়তার ক্ষমতা-পন্ন হইতে পারেন। মধ্যে মধ্যে কহিয়া থাকেন যে পৃথিবীর সকল লোকের যাহা মত হয তাহা ত্যাগ করিয়া ছুই এক ব্যক্তির কথা গ্রাছ্ম কে করে আর পূর্বের কেহে। পণ্ডিত কি ছিলেন না এবং অন্য কেহ পণ্ডিত কি সংসারে নাই যে তাঁহারা এই মতকে জানিলেন না এবং উপদেশ করিলেন না। যদ্যপিও এমত সকল প্রশের শ্রবণে কেবল মান্স ছুঃখ জন্মে তত্র। পি কার্য্যান্থরোধে উত্তর দিয়া যাইতেছে। প্রথমত একাল পর্যান্ত পুথিবীব যে সীমা আমরা নির্দ্ধারণ করিয়াছি এবং যাতায়াত করিতেছি তাহার বিংশতি অংশের এক অংশ এই হিন্দোস্থান না হয়। হিন্দুরা যে দেশেতে প্রচুর রূপে বাস করেন তাহাকে হিন্দোস্থান কহা যায়। এই হিন্দোস্থান ভিন্ন অর্দ্ধেক হইতে অধিক পৃথিবীতে এক নিরপ্তন পরব্রহ্মের উপাসনা লোকে করিয়া থাকেন এই হিন্দোস্থানেতেও শাস্ত্রোক্ত নির্ব্বাণ সম্প্রদা এবং নানক সম্প্রদা আর দাতু সম্প্রদা এবং শিবনারায়ণী প্রভৃতি অনেকে কি গৃহস্থ কি বিরক্ত কেবল নিরাকার পরমেশরের উপাদনা করেন তবে কি রূপে কহেন যে তাবৎ পৃথিবীর মতের বহিভূতি এই ব্রহ্মোপাসনার মত হয়। আর পূর্বেও পণ্ডিতেরা যদি এই মতকে কেহো না জানিতেন এবং উপদেশ না করিতেন তবে ভগবান বেদব্যাস এই সকল স্থত্র কি রূপ করিয়া লোকের উপকারের নিমিত্ত প্রকাশ করিলেন এবং বাদরি বশিষ্ঠাদি আচার্য্যেরা কি প্রকারে এইরূপ এক্ষোপদেশে প্রচুর গ্রন্থ প্রকাশ চরিয়াছেন। ভগবান শঙ্করাচার্য্য এবং ভাষ্যের টীকাকার সকলেই কেবল

ব্রহ্ম হাপন এবং ব্রহ্মোপাসনার উপদেশ করিয়াছেন নবা আচার্য্য গুরু নানক প্রভৃতি এই ব্রহ্মোপাসনাকে গৃহস্থ এবং বিরক্তের প্রতি উপদেশ করেন এবং আধুনিকের মধ্যে এই দেশ অবধি পঞ্জাব পর্যান্ত সহস্র সহস্র লোক ব্রহ্মোপাসক এবং ব্রহ্ম বিদ্যার উপদেশ কর্ত্তা আছেন। তবে আমি যাহা না জানি সে বস্তু অপ্রসিদ্ধ হয় এমত নিয়ম যদি করহ তবে ইহার উত্তর নাই। এতদ্দেশীয়েরা যদি অনুসন্ধান আর দেশ ক্রমণ করেন তবে কদাপি এ সকল কথাতে যে পৃথিবীর এবং সকল পণ্ডিতের মতের ভিন্ন হয় এমত বিশ্বাস করিবেন না। আমাদিগ্যের উচিত যে শাস্ত্র এবং বৃদ্ধি উভয়ের নির্দ্ধারিত পথের সর্ব্বেথা চেন্তা করি এবং ইহার অবলম্বন করিয়া ইহ লোকে পর লোকে কৃতার্থ হই।

ত্ত তৎসং॥ কোন কোন শ্রুতির অর্থের এবং তাৎপর্য্যের হঠ। ১ অনৈক্য বুঝায় যেমন এক শ্রুতি ত্রন্ধ হইতে জগতের উৎপত্তি আর এক শ্রুতি আ্কাশ হইতে বিশ্বের জন্ম কহেন আর যেমন এক শ্রুতি এক্ষের উপাদনাতে প্রব্রত্ত করেন অন্য শ্রুতি পুর্য্যের কিম্বা বায়ুর উপাদনার জ্ঞা-পক হয়েন এবং কোন কোন শ্রুতি বিশেষ করিয়া বিবরণের অপেক্ষা করেন যেমন এক শ্রুতি কহেন যে পাঁচ পাঁচ জন। ইহাতে কি রূপ পাঁচ পাঁচ জন স্পায় বুঝায় নাই। এই নিমিত্ত পরম কারুণিক ভগৰান বেদব্যাস পাঁচশত পঞ্চাশত অধিক স্থত্ত ঘটিত বেদাস্ত শান্তের ছারা সকল শ্রুতির সমন্বয় অর্থাৎ অর্থ ও তাৎপর্য্যের ঐক্য এবং বিশেষ বিবরণ করিয়া কেবল ব্রহ্ম সমুদায় বেদের প্রতিপাদ্য হয়েন ইহা স্পষ্ট করিলেন যেহেতু বেদে পুন: পুন: প্রতিজ্ঞা করিতেছেন যে সমুদায় বেদে ব্রহ্মকে কছেন এবং ব্রহ্মই বেদের প্রতিপাদ্য হয়েন। ভগবান পূজ্যপাদ শঙ্করাচার্য্য ভাষ্যের দারা ঐ শাস্ত্রকে পুনরায় লোক শিক্ষার্থে স্থগম করিলেন। এ বেদাস্ত শাস্ত্রের প্রয়োজন মোক্ষ হয় আর ইহার বিষয় অর্থাৎ তাৎপর্যা বিশ্ব এবং ব্ৰহ্মের ঐক্য জ্ঞান অতএব এ শাস্ত্রের, প্রতিপাদ্য ব্রহ্ম আর এ শাস্ত্র ব্রহ্মের প্রতিপাদক হয়েন।

ওঁ ব্রহ্মণে নমঃ॥ ওঁ তৎসৎ॥ অথাতো ব্রহ্মজিজ্ঞাসা॥ ১॥ চিত্ত শুদ্ধি হইলে পর ব্রহ্মজ্ঞানের অধিকার হয় এই হেতু তথন ব্রহ্ম বিচারের ইচ্ছা জয়ে॥ ১॥ ব্রহ্ম লক্ষ্য এবং বৃদ্ধির প্রাঞ্ছ না হয়েন তবে কি রূপে ব্রহ্ম তত্ত্বের বিচার হইতে পারে এই সন্দেহ পর স্থেত্রে দূর করিতেছেন। জয়াদ্যস্য য়তঃ॥ ২॥ এই বিশ্বের জয় হিতি নাশ যাহা হইতে হয় তিনি ব্রহ্ম। অর্থাৎ বিশ্বের জয় ছিতি ভলের দ্বারা ব্রহ্মকে নিশ্চম করি। যেহেতু কার্য্য থাকিলে কারণ থাকে। কার্য্য না থাকিলে কারণ থাকে না। ব্রহ্মের এই তটস্থ লক্ষণ হয় তাহার কারণ এই জগতের দ্বারা ব্রহ্মকে নির্ণয় ইহাতে করেন। ব্রহ্মের স্বন্ধপ লক্ষণ বেদে কহেন যে সত্য সর্ববিজ্ঞ এবং মিথ্যা জগৎ যাহার সত্যতা দ্বারা সত্যের ন্যায় দৃষ্ট হইতেছে। যেমন মিথ্যা সর্প সত্যরজ্জুকে আশ্রয় করিয়া সর্পের ন্যায় দেখায়॥ ২॥ শ্রুতি এবং ক্ষতির প্রামাণের দ্বারা বেদের নিত্যতা দেখি অতএব ব্রহ্ম বেদের সাৎ।। ৩ ।। **শাস্ত্র অর্থাৎ বেদ তাহার** কারণ ব্রহ্ম অতএব স্থতরাং জগৎ কারণ ব্রহ্ম হয়েন। অথবা শাস্ত্র বেদ সেই বেদে ব্রহ্মের প্রমাণপাওয়া যাই-তেছে যেহেতু বেদের দারা এক্ষের জগৎকর্তৃত্ব নিশ্চিত হয়। ৩। বেদ ভদ্মকে কছেন এবং কর্মাকেও কছেন তবে সমুদায় বেদ কেবল ব্রহ্মের প্রমাণ কি রূপ ছইতে পারেন এই সন্দেহ দূর করিতেছেন। তত্তু সমন্ব-য়াৎ ॥ ৪ ॥ ব্রহ্মই কেবল বেদের প্রতিপাদ্য হয়েন সকল বেদের তাৎপর্য্য ত্রকো হয়। যেহেতু বেদের প্রথমে এবং শেষে আর মধ্যে পুন: পুন: ব্রহ্ম ক্থিত হইয়াছেন। সর্কে বেদা য়ৎ পদমামনন্তি ইত্যাদি শ্রুতি ইহার প্রমাণ। কর্মকাণ্ডীয় শ্রুতি পরম্পরায় ব্রহ্মকেই দেখান। যেহেতু শাস্ত্র-বিহিত কর্ম্মে প্রকৃতি থাকিলে ইতর কর্ম্ম, হইতে নিরুত্ত হইয়া শুদ্ধি হয় পশ্চাৎ জ্ঞানের ইচ্ছা জন্মে॥৪॥ বেদে কহেন দৎ স্ঠির পূর্বের্ব ছিলেন অতএব সৎ শব্দের দ্বারা প্রকৃতির জ্ঞান কেন না হয় এই সন্দেহ দূর করিতেছেন। ইক্ষতের্নাশব্দং॥ ৫॥ স্বভাব জগৎ কারণ না হয় যেহেতু শব্দে অর্থাৎ বেদে স্বভাবের জগৎ কর্ত্তুত্ব কহেন নাই সং শব্দ যে বেদে কহিয়াছেন তাহার নিত্য ধর্ম চৈতন্য। কিন্তু স্বভাবের চেতন নাই যে-হেতু ইক্ষতি অর্থাৎ স্থান্টির সংকম্পে করা চৈতন্য অপেক্ষা রাখে সে চৈতন্য ব্রন্সের ধর্ম্ম হয় প্রাকৃতি প্রভৃতির ধর্ম্ম নহে॥ ৫॥ গৌণশ্চেম্নাত্মশব্দাৎ॥ ৬॥ যেমত তেজের দৃষ্টি এবং জলের দৃষ্টি বেদে গৌণ রূপে কহিতেছৈন দেই রূপ এখানে প্রকৃতির গৌণ দৃষ্টির অঙ্গীকার করিতে পারা যায় এমত নহে। যেহেতু এই শ্রুতির পরে পরে সকল শ্রুতিতে আত্ম শব্দ চৈতন্য বাচক হয় এমত দেখিতেছি অতএব এই স্থানে ইক্ষণ কৰ্ত্তা কেবল চৈতন্য স্ক্রপ আত্মা হয়েন ॥ ৬॥ আত্মাশব্দ নানার্থবাচী অতএব এখানে আত্মা-শব্দ দ্বারা প্রকৃতি বুঝায় এমত নহে। তব্নিষ্ঠস্য মোক্ষোপদেশাৎ॥৭॥ যেহেতু আত্মনিষ্ঠ ব্যক্তির মোক্ষ ফল হয় এই রূপ উপদেশ খেতকেতুর প্রতি শ্রুতিতে দেখা যাইতেছে। আত্মশব্দ দ্বারা এখানে জড় রূপা প্রকৃতি অভিপ্রায় করহ তবে খেতকেতুর চৈতন্য নিষ্ঠতা না হইয়া জড় নিষ্ঠতা দোষ উপস্থিত হয়॥ १॥ লোক রক্ষ শাখাতে কথন আকাশস্থ

চক্রকে দেখায়। দেই রূপ সৎ শব্দ প্রকৃতিকে কহিয়াও পরম্পরায় ব্রহ্মকে কহে এমত না হয়। হেয়ত্বাবচনাক্ত ॥ ৮ ॥ যেহেতু শাখা দ্বারা যে ব্যক্তি চক্র দেখায় দে ব্যক্তি কখন শাখাকে হেয় করিয়া কেবল চক্রকে . দেখায় কিন্তু সৎ শব্দেতে কোন মতে হেয়ত্ব করিয়া বেদেতে কথন নাই। খুত্রে যে শব্দ আছে তাহার দ্বারা অভিপ্রায় এই যে একের অর্গাৎ প্রক্র-তির জ্ঞানের দ্বারা অন্যের অর্থাৎ ব্রহ্মের জ্ঞান কিরূপে হইতে পারে॥৮॥ স্বাপায়াৎ।। ১। এবং আত্মাতে জীবের অপায় অর্থাৎ লয় হওয়া বেদে শুনা যাইতেছে প্রকৃতিতে লয়ের শ্রুতি নাই॥ ৯॥ গতিসামান্যাৎ॥ ১০॥ এই রূপ বেদেতে সম ভাবে চৈতন্য স্বরূপ আত্মার জগৎকারণত্ব বোধ হইতেছে। ১০। শ্রুতত্বাস্ত। ১১ । সর্বজ্ঞের জগৎকারণত্ব সর্বত্র শ্রুত হইতেছে। অতএব জড় স্বরূপ স্বভাব জগৎ কারণ না হয়॥ ১১॥ আনন্দ-ময় জীব এমত শ্রুতিতে আছে অতএব জীব সাক্ষাৎ আনন্দময় হয় এমত নহে। আনন্দময়োভ্যাসাৎ॥ ১২॥ ব্ৰহ্ম কেবল সাক্ষাৎ আনন্দময় যেহেতু পুনঃ পুনঃ শ্রুতিতে ব্রহ্মকে আনন্দময় কহিতেছেন। যদি কহ শ্রুতি পুনঃ পুনঃ ব্রহ্মকে আনন্দ শব্দে কহিতেছেন আনন্দম্য শব্দের কথন পুনঃ পুনঃ নাই। তাহার উত্তর এই যেমন জ্যোতিষের দ্বারা যাগ করিবেক যেখানে বেদে কহিয়াছেন দেখানে তাৎপর্য্য জ্যোতিষ্টোমের দ্বারা যাগ করিবেক সেইরূপ আনন্দ শব্দ আনন্দময় বাচক। তবে আনন্দময় ব্রহ্ম লোকে জীব রূপে শরীরে প্রতীতি পান সে কেবল উপাধি দ্বাবা অর্থাৎ স্বধর্ম ত্যাগ করিয়া পর ধর্ম্মে প্রকাশ পাইতেছেন। যেমন স্মর্গ্য জলাধার স্থিত হইয়া অধস্থ এবং কম্পানিত হইতেছেন। বস্তুত সেই জলাধার উপাধিব ১ ভগু হইলে সুর্য্যের অধস্থিতি এবং কম্পাদির অমুভব আর থাকে নাই। সেই রূপ জীব মায়া ঘটিত উপাধি হইতে দুর হুইলে আনন্দময় ব্রহ্ম স্বরূপ হয়েন এবং উপাধি জন্য স্থুখ ছুঃখের যে অমুভব হইতেছিল সে অমু-ভব আর হইতে পারে নাই।। ১২ ॥ বিকারশব্দান্দ্রেতি চেন্ন প্রাচুর্যাৎ ॥১৩॥ আনন্দ শব্দের পর বিকারার্থে ময়ট প্রত্যয় হয় ৮ এই হেতু আনন্দময় শব্দ বিকারীকে কয় অতএব যে বিকারী সে আনন্দময় ঈশ্বর হইতে পারে নাই এই মত সম্পেহ করিতে পার না। ষেহেতু যেমন ময়ট প্রত্যয় বিকারার্থে

হয় সেই রূপ প্রচুর অর্থেও ময়ট প্রতায় হয় এখানে আনন্দের প্রচুরতা অভিপ্রায় হয় বিকার অভিপ্রায় নয়॥ ১৩ ॥ তদ্ধেতুত্বন্সদেশাচ ॥ ১৪ ॥ আনন্দের হেতু ব্রহ্ম হয়েন যেহেতু শ্রুতিতে এই রূপ বাপদেশ অর্থাৎ কথন আছে অতএব ব্রহ্মই আনন্দময়। যদি কহ ব্রহ্ম মায়াকে আত্রয় করিয়া জীব হয়েন তবে জীব আনন্দের হেতু কেন না হয়। তাহার উত্তর এই যে নির্মাল জল হইতে যে কার্য্য হয় তাহা জলবৎ ছুগ্ধ হইতে হইবেক नारे ॥ २८ ॥ माञ्जदिम करमव ह शीयर ॥ २८ ॥ मरञ्ज यिनि छेक रसन তিহোঁ মাদ্রবর্ণিক সেই মাদ্রবর্ণিক এক্ষা তাঁহাকেই শ্রুতিতে আনন্দময় রূপে গান করেন॥ ১৫॥ নেতরোহমুপপত্তেঃ॥ ১৬॥ ইতর অর্থাৎ জীব আনন্দময় জগৎ কারণ না হয় যেহেতু জগৎ স্ফি করিবার সংকম্প জীবে আছে এমত বেদে কহেন নাই॥ ১৬॥ ভেদবাপদেশাচ্চ॥ ১৭॥ জীব আনন্দময় না হয় যেহেতু জীবের ব্রহ্ম প্রাপ্তি হয় এমতে জীব আর ব্রহ্মের ভেদ বেদে দেখিতেছি॥ ১৭॥ কামাচ্চ নাতুমানাপেক্ষা॥ ১৮॥ অনুমান শব্দের দ্বারা প্রধান বুঝায়। প্রধানের অর্থাৎ স্বভাবের আনন্দময় রূপে স্বীকার করা যায় নাই। যেহেতু কাম শব্দ বেদে দেখিতেছি অর্থাৎ স্থাতির পূর্বে স্থাটির কামনা ঈশ্বরের হয় প্রধান জড় শ্বরূপ তাহাতে কামনার সম্ভাবনা নাই ॥ ১৮ ॥ তিমিন্নস্য চ তদ্যোগং শান্তি ॥ ১৯ ॥ তিমান্ অর্থাৎ ব্রন্মেতে অস্য অর্থাৎ জীবের মুক্তি হইলে সংযোগ অর্থাৎ একত্র হওয়া বেদে ক্রেন অতএব ব্রহ্মই আনন্দময়। ১৯॥ সুর্য্যের অন্তর্কান্তী দেবতা যে বেদে শুনি দে জীব হয় এমত নহে। অস্তস্তদ্ধ্যোপদেশাৎ॥ २०॥ অন্তঃ অর্থ.ৎ পুর্যান্তর্বর্তী রূপে ব্রহ্ম হয়েন জীব না হয় যেহেতু ব্রহ্ম ধর্মের কথন পুর্যা-ন্তর্বন্ত্রী দেবতাতে আছে অর্থাৎ বেদে কহেন স্থ্যান্তর্মন্ত্রী ঋণ্ডেদ হয়েন এবং সাম হয়েন উকথ হযেন যজুর্বেদ হয়েন এরূপে সর্ববত্ত হওয়া ব্রহ্মের धर्ष इत्र कीरवेत धर्म नय ॥ २० ॥ एकत्राभरमभोक्रानाः ॥ २० ॥ पूर्यास्टर्क्यवी পুরুষ পর্য্য হইতে অন্য হয়েন যেহেতু পর্য্যের এবং পর্যান্তর্মন্ত্রীর ভেদ কথম বেদে আছে। ২১। এ লোকের গতি আকাশ হয় বেদে কছেন এ আকাশ শব্দ হইতে ভূতাকাশ তাৎপৰ্য্য হয় এমত নহে। আকাশন্তব্লি-। স্বাৎ॥ ২২ ॥ লোকের গতি আকাশ যেখানে বেদে কছেন সে আকাশ

শব্দ হইতে ব্রহ্ম প্রতিপাদ্য হয়েন যেহেতু বেদে আকাশকে ব্রহ্ম রূপে কহিয়াছেন। যে আকাশ হইতে দকল ভূত উৎপন্ন হইতেছেন দকল ভূতকে উৎপন্ন করা ব্রহ্মের কার্য্য হয় ভূতাকাশের কার্য্য নয়॥ ২২ ॥ বেদে · কহেন ঈশ্বর প্রাণ হয়েন অতএব এই প্রাণ শব্দ হইতে বায়ু প্রতিপাদ্য হয় এমত নহে। অতএব প্রাণঃ॥ ২৩॥ বেদে কহিতেছেন যে প্রাণ হইতে সকল বিশ্ব হয়েন এই প্রমাণে এখানে প্রাণ শব্দ হইতে ব্রহ্ম তাৎপর্য্য হয়েন বায়ু তাৎপর্য্য নয় ষেহেতু বায়ুর স্থাটিকর্ত্তুত্ব নাই ॥ ২৩ ॥ বেদে যে জ্যোতিকে স্বর্গের উপর কহিয়াছেন সে জ্যোতি পৃথিব্যাদি পঞ্চভূতের এক ভূত হয় এমত নছে। জ্যোতিশ্চরণাভিধানাৎ। ২৪। জ্যোতিঃ শব্দে এখানে ব্রহ্ম প্রতিপাদ্য হয়েন যেহৈতু বিশ্ব সংসারকে জ্যোতিঃ ব্রহেমর পাদ রূপ করিয়া অভিধান অর্থাৎ কথন আছে। সামান্য জ্যোতির পাদ বিশ্ব হইতে পারে না ॥ ২৪ ॥ ছন্দোছভিধানান্ধেতি চেন্ন তথা চেতোর্পণনিগদাত্ত-থাহি দর্শনং॥ ২৫॥ বেদে গায়ত্রীকে বিশ্বরূপ করিয়া কহেন অতএব ছন্দ অর্থাৎ গায়ত্রী শব্দের দ্বারা ব্রহ্ম না হইয়া গায়ত্রী কেবল প্রতিপাদ্য হয়েন এমত নহে যেহেতু ত্রন্ধের অধিষ্ঠান গায়ত্রীতে লোকের চিত্ত অর্প-নের জন্যে কথন আছে এই রূপ অর্থ বেদে দৃষ্ট হইল॥২৫॥ ভূতাদি-পাদব্যপদেশোপপত্তেকৈচবং ॥ ২৬ ॥ এবং অর্থাৎ এই রূপ গায়ত্রী বাক্যে ব্রহ্মই অভিপ্রায় হয়েন যেহেতু ভূত পৃথিবী শরীর হৃদয় এ সকল ঐ গায়-ত্রীর পাদ রূপে বেদে কথন আছে। অক্ষর সমূহ গায়ত্রীর এ সকল বস্তু পাদ হইতে পারে নাই। কিন্তু ব্রহ্মের পাদ হয় অতএব ব্রশ্বই এখানে অভিপ্রেত ॥২৬॥ উপদেশভেদান্ত্রেতি চেন্ন উভয়িশ্বিরপ্য-বিরোধাৎ।। ২৭।। এক উপদেশেতে ত্রন্ধের পাদের স্থিতি স্বর্গে পাওয়া যায় দ্বিতীয় উপদেশে স্বর্গের উপর পাদের স্থিতি রুঝায় অতএব এই উপদেশ ভেদে ব্রহ্মের পাদের ঐক্যতা না হয় এমত নহে। যদ্যপিও শাধারে ও অবধিতে ভেদ হয় কিন্তু উভর স্থলে উপরে স্থিতি উভয় পাদের কথন আছে অতএব অবিরোধেতে ছুইয়ের ঐক্য হইল। ব্রহ্মকে যখন বিরাট রূপে স্থূল জগৎ স্বরূপ করিয়া বর্ণন করেন তখন জগতের এক এক দেশকে ব্ৰহ্মের হস্ত পাদাদি করিয়া কহেন বস্তুত ঠাহার হস্ত পাদ 23, 232

আছে এমত তাৎপর্যা না হয়। ২৭॥ আমি প্রাণ প্রজান্ধা হই ইত্যাদি ্ষ্রতির দ্বারা প্রাণ বায়ু উপাদ্য হয় কিম্বা জীব উপাদ্য হয় এমত নহে। প্রাণন্তথামুগমাৎ।। ২৮।। প্রাণ শব্দের এখানে ব্রহ্ম কথনের অনুগম অর্থাৎ উপলব্ধি হইতেছে অতএব প্রাণ শব্দ এই স্থলে ব্রহ্মবার্চক কারণ এই যে সেই প্রাণকে পর শ্রুতিতে অমৃত অর্থাৎ ব্রহ্মরূপ করিয়া কহিয়া-ন বক্তুরাজ্মোপদেশাদিতি চেৎ অধ্যাত্মভূমা ছান্মিন্॥ ২৯॥ ইন্দ্র আপনার উপাসনার উপদেশ করেন অতএব বক্তার অর্থাৎ ইন্দ্রের প্রাণ উপাদ্য হয় এমত নয় যেহেতু এই প্রাণ বাক্যে বেদে কহিতেছেন যে প্রাণ তুমি প্রাণ সকল ভূত এই রূপ অধ্যাত্ম সম্বন্ধের বাহল্য আছে বন্ধত আত্মাকে ব্রহ্মেব সহিত ঐক্য জ্ঞানের দ্বারা ব্রহ্মাভিমানী হইয়া ইক্স আপনার প্রাণের উপাসনার নিমিত্ত কহিয়াছেন ॥ ২৯ ॥ শান্ত দৃষ্ট্যা তুপদেশোবামদেববৎ।। ৩০।। আমার উপাসনা করহ এই বাক্য আমি ব্রহ্ম হই এমত শাস্ত্র দৃষ্টিতে ইক্র কহিয়াছেন স্বতন্ত্র রূপে আপনাকে উপাদ্য করিয়া কহেন নাই যেমত বামদেব আপনাকে ব্রহ্মাভিমান করিয়া আমি মনু হইয়াছি আমি সুৰ্য্য হইয়াছি এইমত বাক্য দকল কহিয়াছেন॥৩০॥ জীবমুখ্যপ্রাণলিঙ্গান্ধেতি চেল্লোপাদাত্তৈবিধ্যাদাঞ্জিতত্বাদিহ তদ্যোগাৎ ॥৩১॥ জীব আর মুখ্য প্রাণের পৃথক্ কথন বেদে দেখিতেছি অতএব প্রাণ শব্দ এখানে ব্রহ্মপর না হয় এমত নয়। উভয় শব্দ ব্রহ্ম প্রতিপাদক এ স্থলে হয় যেহেতু এ রূপ জীব আর মুখ্য প্রাণ এবং ব্রক্ষের পৃথক্ পৃথক্ উপাদনা হইলে তিন প্রকার উপাদনার আপত্তি উপস্থিত হয় তিন প্রকার উপাসনা অগত্যা অঙ্গীকার করিতে হইল এমত কহিতে পারিবে নাই যেহেতু জীব আর মুগ্য প্রাণ এই ছুই অধ্যাস রূপে ব্রন্দোর আশ্রিত হয়েন আর সেই ব্রন্দোর ধর্মের সংযোগ রাখেন যেমত রক্তব্কে আশ্রয় করিয়া ভ্রমরূপ দর্প পৃথক্ উপলব্ধি হইয়াও রজ্জুর আত্রিত হয় আর রজ্জুর ধর্মও রাথে অর্থাৎ রজ্জ নাথাকিলে সে সর্পের উপলব্ধি আর থাকে না। এক বস্তুতে অন্য বস্তুর জ্ঞান হওয়া অধ্যাদ কহেন।। ৩১।। ইতি প্রথমাধ্যায়ে প্রথমঃ পাদ:।

ওঁতৎসং।। বেদে কছেন যে মনোময়কে উপদেশ করিয়া ধ্যান করিবেক। এখানে মনোময়াদি বিশেষণের দ্বারা জীব উপাস্য হয়েন এমত নয়। সর্ব্বত্র প্রসিন্ধোপদেশাং॥১॥ সর্ববত্র বেদান্তে প্রসিদ্ধ ত্রন্ধের উপাস-নাব উপদেশ আছে অতএব ব্ৰহ্মই উপাদ্য হয়েন। যদি কহ মনোময়ত্ব জীব বিনা ব্রহ্মের বিশেষণ কি রূপে হইতে পাবে তাহার উত্তর এ**ই।** সর্ববং খলিদং ব্রহ্ম ইত্যাদি শ্রুতির দ্বারা যাবং বিশ্ব ব্রহ্মস্বরূপ হয়েন অত-এব সম্পার বিশেষণ ব্রহ্মের সম্ভব হয়॥ ১॥ বিবক্ষিত গুণোপ পত্তেশ্চ ॥২॥ যে শ্রুতি মনোম্য বিশেষণ কহিয়াছেন সেই শ্রুতিতে সতাসঙ্কম্পাদি বিশেষণ দিয়াছেন এসকল সত্য সঙ্কপ্পাদি গুণ ব্ৰহ্মেতেই সিদ্ধ স্থাছে॥২॥ শ্বমুপপত্তেন্ত্র ন শাবীরঃ॥৩॥ শারীর অর্থাৎ জীব উপাদ্য না হয়েন যে হেতু সতা সক্ষপ্পাদি গুণ জীবেতে সিদ্ধি নাই ॥ ৩॥ কর্ম্মকভূ বাপদে-শাক্ষ॥ ৪॥ বেদে কহেন মৃত্যুর পরে মনোময অত্মাকে জীব পাইবেক এ শ্রুনিতে প্রাপ্তিব কর্ম্ম রূপে ব্রহ্মকে আর প্রাপ্তিব কর্ত্তা রূপে জীবকে কথন আছে অতএব কর্ম্মের আর কর্তার ভেদ দ্বারা মনোময় শব্দেব প্রতি-शोना बन्न रूरान कीव ना रूरा ॥ ॥ भक्तिरभवां ॥ ॥ । त्वर्म हित्रशाय পুৰুষ রূপে ব্রহ্মকে কহিয়াছেন জীবকে কহেন নাই অতএব এই সকল गयन मर्ज्वभग्न बुदक्तत वित्नम् वहा जीत्वत वित्नम् वहेट आति नाहे ॥ «॥ শ্বতেশ্চ। ৬। গীতাদি শৃতির প্রমাণে ব্রহ্মাই উপাস্য হয়েন অতএব জীব উপাস্য না হয়॥ ৬ ॥ অর্ভকন্তাব্দাপদেশাচ্চ নেতি চেন্ন নিচাযাত্বাদেবং ব্যোম বং।। ৭।। বেদে কহেন ব্রহ্ম হৃদয়ে থাকেন আর বেদে কহেন ব্রহ্ম ব্রীহি ও াব হইতেও ফুদ্রে হয়েন অতএব অণ্প স্থানে যাহার বাস এবং যে এ পর্যাস্ত কুত্র হয় সে ঈশ্বর না হয় এমত নহে এ সকল শ্রুতি ভূর্বেলাধিকারী ব্যক্তির উপাসনার নিমিত্ত ব্রহ্মকে হৃদয় দেশে ক্ষুদ্র স্বরূপে বর্ণন করিয়াছেন যেমন **স্তের ছিদ্রকে স্ত্ত্ত প্রবেশ ক**রিবার নিমিত্ত আকা**শ শব্দে লোকে ক**হে॥ ৭॥ দক্তোগপ্রাপ্তিরিতি ঢের বৈশেষ্যাৎ ॥ ৮ ॥ জীবের ন্যায় ঈশ্বরের সম্ভোগের প্রাপ্তি আছে এমত নয় যেহেতু চিৎ শক্তির বিশেষণ ঈশ্বরে আছে জীবে নাই ॥৮॥ বেদে কোন স্থানে অগ্নিকে ভোক্তা রূপে বর্ণন করিয়াছেন কোন স্থানে জীবকে ভোকা কহিয়াছেন অতএব অগ্নি কিমা জীব ভোক্তা হয

ঈশ্বর জগৎ ভোক্রানা হয়েন এমত নয়। অত্তা চরাচরগ্রহণাৎ ॥ ৯॥ জ্বগ-তের সংহার কর্ত্তা ঈশ্বর হয়েন যেহেতু চরাচর অর্থাৎ জ্বগৎ ঈশ্বরের ভক্ষ্য ং হয় এমত বেদেতে দেখিতেছি তথাহি ব্রন্মের গৃত স্বরূপ ভক্ষ্য সামগ্রী মৃত্যু হয়॥৯॥ প্রকরণাচ্চ॥১০॥ বেদে কহেন ব্রহ্মের জন্ম নাই মৃত্যু নাই ইত্যাদি প্রকরণের দ্বারা ঈশ্বর জগৎ ভোক্তা অর্থাৎ সংহারক হ-स्त्रन ॥ २० ॥ त्वरण करहन ऋणशोकारण कूहे वञ्च প্রাবেশ করেন কিন্তু পর-মান্ত্রার পরিমিত স্থানে প্রবেশের সম্ভাবনা হইতে পারে নাই অতএব বেদে এই ছুই শব্দ দারা বুদ্ধি আর জীব তাৎপর্য্য হয় এমত নহে। গুহাং প্রবিক্টাবাত্মানো হি তদ্দর্শনাৎ॥ ১১॥ জীব আর পরমাত্মা হৃদয়াকাশে প্রবিষ্ট হয়েন যেহেতু এই ছুইয়ের চৈতন্য স্বীকার করা যায় আর ঈশ্বরের হৃদয়াকাশে প্রবেশ হওয়া অসম্ভব নহে যেহেতু ঈশবের হৃদয়ে বাস হয় এমত বেদে দেখিতেছি আর দর্ববময়ের দর্বত্ত বাদে আশ্চর্য্য কি হয়॥১১॥ विल्मिष्यां क्र ॥ >२ ॥ त्राप क्रेश्वत्क भगा जीवत्क भन्ता विल्मेष्यां ज्ञात কহেন অতথ্য বিশেষণের দ্বারা জীব আর ঈশ্বরের ভেদের প্রতীতি আছে। ১২। বেদে কহিতেছেন ইহা অকি গত হয়েন। এ শ্ৰুতি দ্বারা বুঝায় যে জীব চক্ষু গত হয় এমত নহে। অস্তর উপপত্তেঃ॥১৩॥ অক্ষির মধ্যে ব্রহ্মই হয়েন যে হেতু সেই শ্রুতির প্রকরণে ব্রহ্মের বিশেষণ শব্দ অক্ষিণত পুরুষের বিশেষণ করিয়া কহিয়াছেন ॥ ১৩ ॥ স্থানানিব্যপ-দেশাচ্চ॥ ১৪॥ চকুস্থিত যদি ত্রন্ম হয়েন তবে তাঁহার সর্ব্ব গতত্ব থাকে নাই এমত নহে বেদে ব্রহ্মকে অক্ষিন্থিত ইত্যাদি বিশেষণেতে উপাসনার নিমিত্ত কহিয়াছেন অতএব ব্রহ্মের চফুস্থিতি বিশেষণের ম্বারা সর্ববগতম বিশেষণের হানি নাই।। ১৪॥ স্থখবিশিক্টাভিধানাদেবচ।। ১৫॥ ব্রহ্মকে স্থখ-স্বরূপ বেদে কহেন অতএব স্থখ স্বরূপ ব্রক্ষের বেদতে কথন দেখিতেছি।।১৫।। व्यारजाशनिषदकगजाजिधानांक्र ॥ ३७ ॥ त्वराम करहन त्य जेशनिषद अतन এমত জানীর প্রাপ্তব্য বস্তু চকুন্থিত পুরুষ হয়েন অতএব চকুন্থিত শব্দের ছারাএখানে ব্রহ্ম প্রতিপাদ্য হয়েন॥ ১৬॥ অনবস্থিতেরসম্ভবাচ্চ নে-তরঃ ॥ ১৭॥ অন্য উপাদ্যের চক্ষুতে অবস্থিতির সম্ভাবনা নাই আর অমৃতাদি বিশেষণ অপরেতে সম্ভব হয় নাই অতএব এখানে পরমাক্সা

প্রতিপাদ্য হয়েন ইতব অর্থাৎ জীব প্রতিপাদ্য নছে।। ১৭।। পৃথিবীতে থাকেন তেঁহো পৃথিবী হইতে ভিন্ন এ শ্রুতিতে পৃথিবীর অভিমানী দেবতা কিল্লা অপর কোন ব্যক্তি এক্ষা ভিন্ন তাৎপর্য্য হয় এমত নহে। অন্তর্যামী অধিদৈবাদিষু उक्तर्मावाश्रारमभार ॥ ১৮ ॥ विदम अधि देनवामि वांका দকলেতে ব্রহ্মই অন্তর্গামী হযেন যেহেতু অন্তর্গামীর অনুতাদি ধর্ম বিশে-ষণেতে বর্ণন বেদে দেখিতেছি আর অমৃতাদি ধর্ম কেবল ব্রহ্মের হয়॥১৮॥ নচ শার্ক্মতন্ধর্যাভিলাপাৎ॥ ১৯॥ সাংখ্য স্মৃতিতে উক্ত যে প্রধান অর্থাৎ প্রকৃতি দে অন্তর্গামী না হয় যেহেতু প্রকৃতির ধর্ম্মের অনা ধর্মকে অন্তর্গামীর বিশেষণ করিয়া বেদে কহিতেছেন তথাহি অন্তর্গামী অদুস্ট অথচ সকলকে দেখেন অশ্রুত কিন্তু সকল শুনেন এ সকল বিশেষণ ব্রহ্মের হয স্বভাবের না হয়।।১৯॥ শারীরশ্চোভরেপিছি ভেদেনৈনম্ধীয়তে॥২০॥ শারীর অর্থাৎ জীব অন্তর্থামী না হয় যেহেতু কার এবং মধ্যন্দিন উত্ত-য়েতে ব্রহ্মকে জীব হইতে ভিন্ন এবং জীবের অন্তর্গামী স্বরূপে কহেন ॥২০॥ বেদেতে ब्रह्माक अनुभा विश्विष्ठ करहन आंत्र (वर्ष करहन य शिखेल সকল বিশ্বেব কাবণকে দেখেন অতএব অদৃশা ব্রহ্ম বিশ্বের কারণ না হইয়া প্রধান আর্থাৎ স্বভাব বিশের কাবণ হয় এমত নহে। অদৃশ্য-ত্বাদিগুণকোধর্মোরকঃ॥ ২১॥ অদুশ্যাদি গুণ বিশিক্ট হইয়া জগৎ কারণ ব্রহ্ম হযেন যেহেতু সেই প্রকরণের শ্রুতিতে সর্ব্বজ্ঞাদি ব্রহ্ম ধর্মের কথন আছে। যদি কহ পণ্ডিতেবা অদৃশাকে কি মতে দেখেন তাহার উত্তর এই জ্ঞানের দ্বাবা দেখিতেছেন ॥ ২১॥ বিশেষণভেদবাপদেশাভাঞ নেতরো ॥ ২২ ॥ বেদে ব্রহ্মকে অমূর্ত্ত পুক্ষ বিশেষণের দ্বারা কহিয়াছেন আর প্রকৃতির এবং জীব হইতে শ্রেষ্ঠ করিয়া ব্রহ্মকে কহিয়াছেন অতএব এই বিশেষণ আর জীব ও প্রকৃতি হইতে ব্রহ্ম পৃথক এমত দৃষ্টির দ্বারা ১ জীব এবং প্রকৃতি বিশ্বের কারণ না হয়েন ॥ ২২ ॥ রূপোপন্যাসাচচ ॥ ২৩ ॥ বেদে কহেন বিখের কারণের মস্তক অগ্নি ছুই চক্ষু চক্র স্থা এইমত রূপের আরোপ সর্ব্বগত ব্রহ্ম ব্যতিরেকে জীবে কিয়া স্বভাবে হইতে পারে নাই অতএব ব্রন্ধই জগৎ কারণ। ২৩। বেদে ক্রেন বৈশানরের উপাসনা ক্রিলে সর্ব্ব ফল প্রাপ্তি হয় সত্তএব বৈশ্বানব শব্দের দ্বাবা জঠরাগ্নি প্রতি-

शीमा इय अमा नरा । रिमानिकः माधातनभव्यविर्भाषा । २८॥ यमाशि আত্মা শব্দ সাধারণেতে জীবকে এবং ব্রহ্মকে বলে এবং বৈখানর শব্দ জঠরাগ্নিকে এবং সামান্য অগ্নিকে বলে কিন্তু ব্রহ্মধর্ম বিশেষণের দ্বারা এখানে বৈশ্বানর শব্দ হইতে ব্রহ্ম তাৎপর্যা হয়েন যেহেতু ঐ শ্রুতিতে স্বর্গকে বৈশ্বানরের মস্তক রূপে বর্ণন করিয়াছেন এ ধর্মা ব্রহ্ম বিনা অপরের হইতে পারে নাই ॥ ২৪ ॥ স্মার্থ্যমানাত্মানং স্যাদিতি ॥ ২৫ ॥ স্মৃতিতে উক্ত যে অমুমান তাহার দ্বারা এখানে বৈশ্বানর শব্দ পরমাত্মা বাচক হয় যেহেত শৃতিতেও কহিয়িছেনে যে অগ্নি ব্ৰহ্মের মুখ আর স্বর্গ ব্রহ্মের মস্তক হয়॥২৫॥ শব্দদিভ্যোহন্তঃপ্রতিষ্ঠানাল্লেতি চেল্ল তথা দৃষ্ট্যুপদেশাদমন্তবাৎ পুরুষ-মপি চৈনমধীয়তে ॥২৬॥ পৃথক পৃথক শুতি শব্দের দ্বারা এবং পুরুষে অন্তঃ প্রতিষ্ঠিতং এ শ্রুতির দ্বারা বৈশ্বানর এখানে প্রতিপাদ্য হয় প্রমাত্মা প্রতিপাদ্য নহেন এমত নহে যেছেতু উপাসনা নিমিত্ত এ সকল কাম্পনিক উপদেশ হয় আর স্বর্গ এই সামান্য বৈখানরের মন্তক হয় এমত বিশেষণ অসম্ভব এবং বাজসনেয়ীরা আত্মা পুরুষকে বৈশ্বানর বলিয়া গান করেন। অতএব বৈশ্বানর শব্দে এখানে ব্রহ্ম তাৎপর্য্য হয়েন॥ ২৬॥ অতএব ন দেবতা ভূতঞ্চ । ২৭ । পূর্কোক্ত কাবণ সকলের দ্বারা বৈশ্বানর শব্দ হইতে অগ্নির অধিষ্ঠাত্রী দেবতা অর্থাৎ পঞ্ছতের ভূতীয় ভূত তাৎ-পর্য্য নহে পরমাত্মাকে উপাদনার নিমিত্ত বৈশ্বানরাদি শব্দ দ্বারা বর্ণন্ করিয়াছেন ॥ ২৭ ॥ সাক্ষাদপ্যবিরোধং জৈমিনিঃ ॥ ২৮ ॥ বিশ্ব সংসারের নর অর্থাৎ কর্ত্তা বৈশ্বানর শব্দের সাক্ষাৎ অর্থ আর অগ্র্যা অর্থাৎ উত্তম জন্ম দেন অগ্নি শব্দের অর্থ এই তুই সাক্ষাৎ অর্থের দ্বারা বৈশ্বানর ও অগ্নি শব্দ হইতে প্রমাত্মা প্রতিপাদ্য হইলে অর্থ বিরোধ হয় নাই এমত জৈ-মনিও কহিয়াছেন ॥ ২৮ ॥ যদি বৈশ্বানর এবং অগ্নি শব্দের দ্বারা প্রমাত্মা তাৎপণ্য হয়েন তবে সর্ব্ব ব্যাপক প্রমান্ত্রার প্রাদেশ মাত্র হওয়া কি রূপে সম্ভব হয়। অভিব্যক্তেরিত্যাশারথাঃ॥ ২৯॥ আশারথা কহেন যে উপলব্ধি নিমিত্ত প্রমাত্মাকে প্রাদেশ মাত্র কহা অমূচিত নহে॥২১॥ ু অনুষ্মতের্কাদরি:।। ৩০ ।। পরমাত্মাকে প্রাদেশ মাত্র কহা অনুষ্মৃতি অর্থাৎ शांन निभिष्ठ वापति मूर्नि कहिशारहन ॥ ७० ॥ मः भरखति जि देकिमिनि-

ন্তথাহি দর্শযিতি॥ ৩১॥ উপাসনার নিমিত্ত প্রাদেশ মাত্র এরূপে পরমান্ত্রাকে কহা স্থাসিদ্ধ বটে জৈমিনি কহিয়াছেন এবং শ্রুতিও ইহা কহিয়াছেন॥ ৩১॥ আমনস্তি চৈনমন্মিন্॥ ৩২॥ পরমাত্রাকে বৈশানর স্বরূপে শ্রুতি সকল স্পান্ত কহিয়াছেন তথাহি তেজাময় অমৃতময় পুরুষ অগ্নিতে আছেন অতএব সর্বত্ত পরমাত্রা উপাসা হয়েন॥ ৩২॥ ইতি প্রথমাধ্যায়ে ছিতীয়ং পাদঃ॥ ০॥

-enedtara-

ওঁতংসং। বেদে কহেন যাহাতে স্বৰ্গ এবং পৃথিবী আছেন অতএব ম্বৰ্গ এবং পৃথিবীৰ আধার স্থান প্রকৃতি কিম্বা জীব হয এমত নছে। ি ছ্রাজাদ্যায়তনং স্বশব্দাৎ ॥১॥ স্বর্গ এবং পৃথিবীর আধার ব্রহ্মই হয়েন গেহেতু ঐ শ্রুতি যাহাতে স্বর্গাদের আধার রূপে বর্ণন করিয়াছেন স্ব অর্থাৎ আত্মা শব্দ তাহাতে আছে।)। মুক্তোপস্প্যত্ত্ব্যপদেশাৎ। ২।। এবং মুক্তের প্রাপ্য ব্রহ্ম হয়েন এমত কথন ঐ সকল শ্রুতিতে আছে তথাহি মর্ত্তা ব্যক্তি অমৃত হয় ব্রহ্মকে সে পায় অতএব ব্রহ্মই সর্গাদের আধার হয়েন॥২॥ নামুমানমতচ্চ্চ্কাৎ॥৩॥ অমুমান অর্থাৎ প্রকৃতি স্বর্গাদের আধার না হয় যেহেতুক সর্বজ্ঞাদি শব্দ প্রকৃতির বিশেষণ হইতে পাবে নাই ॥ ৩ ॥ প্রাণভূচ্চ ॥ ৪ ॥ প্রাণভৃত অর্থাৎ জীব স্বর্গাদের আধার না হয় যেহেতু সর্ব্বজ্ঞাদি বিশেষণ জীবেরো হইতে পারে নাই ॥ ৪ ॥ অমৃতের সেতু রূপে আত্মাকে বেদ সকল কহেন কিন্তু এখানে আত্মা শব্দ হুইতে জীব প্রতিপাদ্য হয় এমত নহে। ভেদব্যপদেশাচ্চ ॥ ৫॥ জীব আর আত্মার ভেদ কথন আছে অতএব এখানে আত্মা শব্দ জীব পর নয় তথাহি সেই অস্মাকে জান ইত্যাদি শ্রুতিতে জীবকে জাতা আত্মাকে জেয় রূপে কহিয়াছেন। ৫। প্রকরণাচ্চ। ৬। ব্রহ্ম প্রকরণের শ্রুতি আত্মাকে সেতু রূপে কহিয়াছেন অতএব প্রকরণ বলের দ্বারা জীব প্রতিপাদ্য হইতে পারে নাই॥৬॥ স্থিতাদনাভ্যাঞ্চ॥৭॥ বেদে কছেন ছুই পক্ষী এই শরীরে বাস করেন এক ফল ভোগী দ্বিতীয় সাক্ষী অতএব জীবের স্থিতি এবং ভোগ আছে ব্রহ্মের ভোগ নাই অতএব জীব এথানে শ্রুতির প্রতি_ পাদ্য না হয় ॥ ৭ ॥ বেদে কছেন যে দিক হইতেও প্রাণ ভূমা অর্থাৎ বড় হয় অতএব ভূমা শব্দের প্রতিপাদ্য প্রাণ হয় এমত নহে। ভূমা সং-প্রসাদাদধ্যপদেশাৎ ॥৮॥ ভুমাশব হইতে ব্রহ্মই প্রতিপাদ্য হয়েন যে হেতু প্রাণ উপদেশে শ্রুতির পরে ভূমা শব্দ হইতে ব্রহ্মই নিষ্পন্ন হয়েন এইমত উপদেশ আছে ॥৮॥ ধর্ম্মোপপত্তেশ্চ ॥৯॥ ভূমাশব্দ ব্রহ্ম বাচক যে হেতু বেদেতে অমৃতত্ব যে ব্রহ্মের ধর্ম তাহাকে ভূমাতে প্রসিদ্ধ রূপে বর্ণন করিয়াছেন ॥৯॥ প্রণবোপাশনা প্রকরণে যে অক্ষর শব্দ বেদে কহিয়াছেন সেই অক্ষর বর্ণ স্বরূপ হয় এমত নহে। অক্ষরমস্বরাস্তধ্তে:॥ ১০॥

অক্ষর শব্দ এখানে ব্রহ্মই প্রতিপাদ্য হয়েন যে হেতু বেদে কছেন আকাশ পর্যান্ত যাবৎ বস্তুর ধারণা অক্ষর করেন অতএক ব্রহ্ম বিনা সর্বব বস্তুর ধারণা বর্ণ স্বরূপ অক্ষরে সম্ভব হয় নাই ॥১০॥ সা চ প্রশাসনাৎ ॥১১॥ এই . রূপ বিশ্বের ধারণা এক্ষ বিনা প্রকৃতি প্রভৃতির হইতে পারে নাই যে হেতু বেদে কহিতেছেন যে সেই অক্ষরের শাসনে স্থা চন্দ্র ইত্যাদি সকলে আছেন অতএব এরূপ শাসন ব্রহ্ম বিনা অপবে সম্ভব নয় ॥১১॥ অন্যভাব-वाहिएखन्छ ॥ २२॥ (तर्पाटक अक्षत्रक अपृष्ठे धवः प्राको ऋश्य वर्गन करतन শাসন কর্তাতে দৃষ্টি সম্ভাবনা থাকিলে অন্য অর্থাৎ প্রকৃতি তাহার জড়তা ধর্মের সম্ভাবনা শাসন কর্ত্তাতে কি রূপে থাকিতে পারে অতএব ক্রস্টা এবং শাসন কর্ত্তা ব্রহ্ম হযেন।।১২।। শ্রুতিতে কছেন ওঁকারের দ্বারা পরম পুরুষের উপাদনা কবিবেক আর উপাদকের ব্রহ্মলোক প্রাপ্তির শ্রবণ আছে অতএব ব্ৰহ্মা এখানে উপাদ্য হয়েন এমত নহে। ইক্ষতিকৰ্ম-বাপদেশাৎ সং॥১৩॥ ঐ শ্রুতির বাকা শেষে কহিতেছেন যে উপাসক ব্রহ্মার পরাৎপরকে ইক্ষণ করেন অতএব এখানে ব্রহ্মার পরাৎপরকে ইক্ষণ অর্থাৎ উপাদনা করা ছারা ব্রহ্মা প্রণব মন্ত্রে উপাদ্য না হয়েন কিন্ত ত্রহ্মার পরাৎপর ব্রহ্ম উপাস্য হযেন ॥১৩॥ বেদে কহেন হৃদয়ে অল্পা-কাশ আছেন অতএব অপ্পাকাশ শব্দের দ্বারা পঞ্চূতের মধ্যে যে আকাশ গণিত হইযাছে দেই আকাশ এথানে পতিপাদা হয় এমত নহে। দহ-বউত্তরেভ্যঃ।।১৪।। এশুতির উত্তর উত্তর বাকোতে ব্রহ্মেব বিশেষণ শব্দ আছে অতএব দহরাকশ অর্থাৎ অম্পাকাশ হইতে ব্রহ্মই প্রতিপাদ্য ह्राम ॥ २८॥ गिकि मद्मा छा १ क्यो हि मृत्येः निक्रक ॥ २८॥ गिकि कीरवे द्य আর ব্রহ্ম গম্য হয়েন এবং সৎ করিয়া বিশেষণ পদ বেদে এই স্থানে কহিতেছেন অতএব এই সকল বিশেষণ দ্বারা ব্রহ্মই হৃদয়াকাশ হ-য়েন ॥১৫॥ ধ্তেশ্চ মহিয়োশ্মির পলকেঃ ॥১৬॥ বেদে কছেন সকল লোকের ধারণা ব্রহ্মেতে এবং ভূতের অধিপতি রূপ মহিমা ব্রহ্মেতে অতএব ছদয়-দহরকাশ শব্দ হইতে ত্রহ্ম প্রতিপাদ্য হয়েন ॥১৬॥ প্রতিসিদ্ধেক্ত ॥১৭॥ क्रमस क्रेश्वरतत উপাসনা প্রসিদ্ধ হয় আকাশের উপাসনার প্রসিদ্ধি নতে অতএব দহরাকাশ এখানে তাৎপর্য্য নতে॥১৭॥ ইতরপরামর্শাৎ

সইতি চেল্লাসম্ভবাৎ ॥১৮॥ ইতর অর্থাৎ জীব তাহার উপলব্ধি দহরাকাশ শব্দের দ্বারা হইতেছে অতএব জীব এখানে তাৎপর্য্য হয় এমত নছে ্যে হেতু প্রাপ্তা আর প্রাপ্য জুইয়ের এক হইবার সম্ভব হইতে পারে নাই।।১৮।। অথ উত্তরাচেদাবির্ভস্বরূপন্ত ॥১৯॥ ইক্রবিরোচনের প্রশ্নেতে প্রজাপতির উত্তরের দ্বারা জ্ঞান হয় যে জীব উত্তম পুরুষ হয়েন তাহার মীমাংসা এই যে ব্রন্ধের আবিভূতি স্বরূপ জীব হযেন অতএব জীবেতে ব্র-ক্ষেরউপন্যাস এবং দহরাকাশেতে জীবের উপন্যাস অর্থাৎ আরোপণ ব্যর্থ না হয় যেমন সুর্যোর প্রতিবিশ্বেতে সুর্যোব উপন্যাস অযোগ্য নয॥১৯॥ অন্যা-র্থশ্চ পরামর্শঃ॥২০॥ জীবের জ্ঞান হইতে এখানে ব্রহ্মজ্ঞানের প্রয়োজন **হয় যেমন বিশ্ব হইতে দাক্ষাৎ স্বরূপের প্রযোজন হ**য় ॥২০॥ অ**প্রেঞ্জ**তিরিতি **চেত্রত্বকুং** ॥২১॥ হৃদয়াকা**শে অস্প স্বরূপে বেদে বর্ণন** কবেন অতএব সর্বব্যাপী আত্মা কি রূপে অপ্প হইতে পাবেন তাহার উত্তব পূর্ক্ষেই কহিয়াছি যে উপাসনার নিমিত্ত অপ্প বোধে অভ্যাস কবা যায় বস্তুত অপ্প নহেন ॥২১॥ বেদে কহেন সেই শুদ্র সকল জ্যোতির জ্যোতি হয়েন অতএব এখানে প্রসিদ্ধ জ্যোতি প্রতিপাদা হয এমত নহে। অনুকৃতেস্ত সা চ ॥২২॥ বেদে কহেন যে ব্রহ্মের পশ্চাৎ স্থ্যাদি দীপু হযেন অতএব ব্রহ্মাই জ্যোতি শব্দের প্রতিপাদা হয়েন আর দেই ব্রহ্মের তেজের দ্বারা সকলের তেজ সিদ্ধা হয় ॥২২॥ অপি চ শার্যাতে ॥২৩॥ সকল তেজের তেজ ১৯,৯৯৯ বুদ্ধাই হয়েন স্মৃতিতেও একথা কহিতেছেন ॥২৩॥ বেদে কহেন অদুষ্ঠ মাত্র পুরুষ হৃদয় মধ্যে আছেন অতএব অঙ্গুষ্ঠ মাত্র-পুরুষ জীব হয়েন এমত নহে। শব্দাদেব প্রমিতঃ ॥२৪॥ ঐ পূর্ব্ব শ্রুতির পরে পরে কহিয়াছেন যে অঙ্গুষ্ঠ মাত্র পুরুষ সকল বস্তুর ঈশ্বর হয়েন অতএব এই সকল ব্রন্ধোর বিশেষণ শব্দেব দ্বারা ব্রহ্মাই প্রমাণ হইতেছেন ॥২৪॥ হৃদ্যপেক্ষযা তু মহু-ষ্যাধিকারিত্বাৎ ॥২৫॥মন্থ্রের হৃদয় পরিমাণে অঙ্গুষ্ঠ মাত্র করিয়া ঈশ্বরকে বেদে কহিয়াছেন হস্তী কিশ্বা পিপীলিকার হৃদয়ের অভিপ্রায়ে কহেন নাই যেহেতু মন্বয়েতে শান্তের অধিকার হয়॥ २৫॥ বেদে কহেন দেবতার ও ঋষির এবং মহুষ্যের মধ্যে যে কেহো ব্রহ্মজ্ঞান অভ্যাস করেন তিঁহো ব্রহ্ম হয়েন কিন্তু পূর্ব্ব হ্যত্রের দ্বারা অহতেব হয় যে মহুষ্যেতে কেবল ব্রহ্মজ্ঞানের

্ অধিকার আছে দেবতাতে নাই এমত নহে। ততুপর্য্যপি বাদরায়ণঃ সম্ভ-বাৎ॥ ২৬॥ মমুষ্যের উপর এবং দেবতার উপর ব্রহ্ম বিদ্যার অধিকার আছে বাদরায়ণ কহিয়াছেন যে হেতু বৈরাগ্যের সম্ভাবনা যেমন মন্থ্যেয় • আছে সেই রূপ বৈরাগ্যের সম্ভাবনা দেবতাতে হয় ॥২৬ ॥ বিরোধঃ কর্মণী-তি চেল্লানেকপ্রতিপত্তিদর্শনাৎ ॥২৭॥ দেবতার অধিকার ব্রহ্ম বিদ্যা বিষয়ে অঙ্গীকার করিলে স্বর্গের এবং মর্ত্ত্য লোকের কর্ম্মের নিষ্পত্তি এককালে দেবতা হইতে হয় এমত রূপ বিরোধ স্বীকার করিতে হইবে এমত নহে যে হেতু দেবতা অনেক রূপ ধারণ করিতে পারেন এমত বেদে কহেন অতএব বহু দেহে বহু দেশীয় কর্ম্ম এক কালে হইতে পাবে অর্থাৎ দেবত। ় স্বর্গের কর্ম্ম এক রূপে কবিতে পারেন দ্বিতীয় রূপে মর্ক্ত্য লোকের যে কর্মী উপাসনা তাহাও করিতে পারেন॥ ২৭॥ শব্দইতি চেব্লাতঃ প্রভবাৎ প্রত্য-ক্ষামুমানাভ্যাং॥২৮॥ নিত্য স্বরূপ বেদ হয়েন অনিত্য স্বরূপ দেবতা ্রপ্রতিপাদক বেদকে স্বীকার করিলে বেদেতে নিত্যানিত্যের বিরোধ উপ স্থিত হয় এমত নহে যে হেতু বেদ হইতে যাবৎ বস্তু প্রকট হইয়াছে এ কথা সাক্ষাৎ বেদে এবং স্মৃতিতে কহিয়াছেন অতএব যাবৎ বস্তুর সহিত বেদেব জাতি পুরঃসরে সম্বন্ধ হয় ব্যক্তির সহিত সম্বন্ধ না হয় ইহার কারণ এই জাতি নিত্য এবং বেদ নিত্য হয়েন॥ ২৮॥ অতএব চ নিত্যত্বং ॥২৯॥ যাবৎ বস্তুর স্ফির প্রকাশক বেদ হয়েন অতএব মহাপ্রলয় বিনা বেদ সর্ববদা স্থায়ী ছয়েন॥ २৯॥ সমাননামরূপস্বাচ্চারতাবপ্যবিরোধদর্শনাৎ ষ্মতেশ্চ ॥৩০॥ স্থাট্ট এবং প্রলয়ের যদ্যপি ও পুনঃ পুনঃ আরুত্তি হইতেছে তত্রাপি নৃতন বস্তু উৎপন্ন হইবার দোব বেদ হইতে পাই যে হেতু পূর্ক স্ফিতে যে যে রূপে ও যে যে নামে বস্তু সকল থাকেন পর স্ফিতে সেই রূপে সেই নামে উপস্থিত হয়েন অতএব পূর্ব্বে এবং পরে ভেদ,নাই এই মত বেদে দেখা যাইতেছে তথাহি যথা পূর্বনমক প্রাথ এবং মৃতিতেও এমত কহেন॥৩০॥ এখন পরের ছুই স্থক্তের দ্বারা আশঙ্কা করিতেছেন। মধ্বাদিষু সম্ভবাদনধিকারং জৈমিনিঃ॥৩১॥ বেদে কহেন বস্থ উপাসনা করিলে বস্থর মধ্যে এক বস্থ হয়। এ বিদ্যাকে মধু তুল্য জানিয়া মধু সংজ্ঞা দিয়াছেন আদি শব্দের দ্বারা সুর্য্য উপাসনা করিলে সুর্য্য হয় এই শ্রুতির গ্রহণ

করিয়াছেন এই দকল বিদ্যাব অধিকার মন্ত্র্যা ব্যতিরেক দেবতার না হয় যে হেতু বহুর বহু হওয়া সুর্য্যের সুর্য্য হওয়া অসম্ভব সেই মত ব্রহ্ম . বিদ্যার অধিকার দেবতাতে নাই জৈমিনি কহিয়াছেন॥৩১॥ যদি কহ যেমন ব্রাহ্মণের রাজস্থা যজেতে অধিকার নাই কিন্তু রাজস্থা যজ্ঞ ব্যতি-রেকে অন্যেতে অধিকার আছে সেই মত মধ্বাদি বিদ্যাতে দেবতার অধি-কার না থাকিয়া ব্রহ্ম বিদ্যায় অধিকার থাকিবার কি হানি তাহার উত্তর এই। জ্যোতিষি ভাবাচ্চ। ৩২। স্থ্যাদি ব্যবহার জ্যোতির্শ্মগুলেই হয় অতএব স্থ্য শব্দে জ্যোতির্মণ্ডল প্রতিপাদ্য হয়েন নতুবা মন্ত্রাদের স্বকীয় অর্থের প্রমাণ থাকে নাই কিন্তু মণ্ডলাদের চৈতনা নাই অতএব অচৈত-নোর ব্রহ্ম বিদ্যাতে অধিকার থাকিতে পারে নাই জৈমিনি কহিয়াছেন॥ ৩২॥ ভাবস্তু বাদবায়নোহস্তি হি॥৩৩॥ স্থাত্রে তু শব্দ জৈমিনির শঙ্কা দূর করিবার নিমিত্ত দিয়াছেন ব্রহ্মবিদ্যাতে দেবতাব অধিকারের সম্ভাবনা আছে বাদরায়ন কহিয়াছেন যে হেতু যদ্যপিও স্থ্য মণ্ডল অচেতন হয় কিন্তু স্ব্য্য মণ্ডলাভিমানী দেবতা সচৈতন্য হয়েন। ৩৩। ছান্দোগ্যউপ-নিষদে বিদ্যা প্রকরণে শিষ্যকে শূদ্র কহিয়া সম্বোধন করাতে জ্ঞান হয় যে শুদ্রের ব্রন্ধবিদ্যার অধ্যয়ন অধ্যাপনের অধিকার আছে এমত নহে। শুগস্য তদনাদরশ্রবণাত্তদান্দ্রবণাৎ স্কচ্যতে হি ॥ ৩৪ ॥ শূদ্রকে অঙ্গ কহিয়া সম্বোধন উদ্ধাণামী হংস করিয়াছিলেন এই অনাদর বাকা শুনিয়া শুদ্রের শোক উপস্থিত হইল ঐ শোকেতে ব্যাকুল হইয়া শূদ্র শীঘ্র রৈক্য নামক গুরুর নিকটে গেলেন গুরু আপনার সর্ববিজ্ঞতা জানাইবার নিমিত্ত শুদ্র কহিয়া সম্বোধন করিলেন অতএব শূদ্র কহিয়া সম্বোধন করাতে শৃদ্রের ব্রহ্মবিদ্যার অধিকাবের জ্ঞাপক না হয়। ৩৪। ক্ষত্রিয়ত্বগতেশ্চোত্তরত্ত চৈত্ররথেন লিঙ্গাৎ। ৩৫।। পরে পর শ্রুতিতে চৈত্র রথ নামা প্রসিদ্ধ ক্ষত্রিয় শব্দের দারা ক্ষত্রিয়ের উপলব্ধি হয় শূত্রের উপলব্ধি হয় নাই। ৩৫॥ সংস্কারপরামর্শাক্তদভাবাভিলাপাচ্চ। ৩৬॥ বেদে কহেন উপনীতি যাহার হয় তাহাকে অধ্যয়ন করাইবেক অতএব উপনয়ন সংস্কার অধ্যয়নের প্রতি কারণ কিন্তু শৃদ্রের উপনয়ন সংস্কারের কথন নাই ॥ ৩৬ ॥ যদি কহ গৌতম মুনি শৃদ্রের উপনয়ন সংস্কার করিয়াছেন তাহার উত্তর এই হয।

তদভাবনিধাবণে চ প্রভেঃ॥ ০১॥। শ্চ ন্য এমত নিধারণ জান হইলে পব শৃদ্রের সংস্কার করিতে গৌতমের প্রবৃত্তি হইয়াছিল অতএব শূদ্র জানিয়া সংস্কারে প্রকৃত্তি করেন নাই ॥ ৩৭ ॥ প্রবণাধ্যয়নার্গপ্রতিষেধাৎ স্মৃতেশ্চ ॥ ৩৮ ॥ প্রাবণ এবং অধ্যয়নের অন্তর্তানের নিষেধ শূদ্রের প্রতি আছে অতএব শূদ্র অধিকারী না হয় এবং মৃতিতেও নিষেধ আছে। এ পাঁচ স্থ্র শূক্ত অধিকার বিষয়ে প্রদঙ্গাধীন করিয়াছেন। ৩৮।। বেদে কছেন প্রাণেব কম্পনে শরীবের কম্পন হয অতএব প্রাণ সকলের কর্ত্তা হয় এমত নহে।। কম্পনাৎ।। ৩৯।। প্রাণ শব্দের দ্বারা ব্রহ্মই প্রতিপাদ্য হয়েন যেহেতু বেদে কহেন যে এক্ষ প্রাণেব প্রাণ হয়েন অতএব প্রাণের কম্পন ব্রহ্ম হইতেই হয়।। ৩৯।। বেদে কহেন প্রম জ্যোতি উপাস্য হয় অত্এব প্রম জ্যোতি শব্দের দ্বারা স্থ্য প্রতিপাদ্য হয়েন এমত নহে।। জ্যোতির্দর্শণাৎ ॥ ৪০ ॥ ঐ শ্রুতিতেই ব্রশ্ধকেই জ্যোতি শব্দে কহিয়াছেন এমত দৃষ্টি হইযাছে।। ৪০।। বেদে কহেন নাম রূপের কর্ত্তা আকাশ হয অতএব ভূতাকাশ নাম রূপের কর্তা হয এমত নছে।। আকাশোহর্থাস্তর-ত্বাদিবাপদেশাং ॥ ৪১ ॥ বেদে কহিয়াছেন যে নাম রূপের ভিন্ন হয় সেই ব্রহ্ম আব নামাদের মধ্যে আকাশ গণিত হইতেছে অতএব আকাশের নামাদেব মধ্যে গণিত হওয়াতে এবং ব্রহ্ম শব্দ কথনের দ্বারা আকাশ শব্দ হইতে এখানে ব্রন্ধই প্রতিপাদ্য হযেন ॥ ৪১ ॥ জনক বাজা যাজ্ঞবন্ধ্যকে জিজ্ঞাসা করিযাছিলেন যে আত্মা দেহাদি ভিন্ন হয়েন কি না তাহাতে ষাজ্ঞবন্ধ্য উত্তর করেন যে স্কষ্প্তি আদি ধর্ম যাহার তিহেঁ। বিজ্ঞানময় হয়েন অতএব জীব এথানে তাৎপর্য্য হয় এমত নহে। স্থৰ্প্যুৎক্রাস্ত্যো-র্ভেদেন।। ৪২।। বেদে কহেন জীব স্বয়্প্রিকালে প্রাক্ত পরমাত্মার সহিত মিলিত হয়েন আর প্রাক্ত আত্মার অবলম্বনের দ্বারা জীব শব্দ করেন অতএব জীব হইতে সুষ্ঠি সময়ে এবং উপ্থান কালে বিজ্ঞানময় পারমাত্মার তেদ কথন আছে এই হেতু বিজ্ঞানময় শব্দ হইতে ব্ৰহ্মই প্ৰতিপাদ্য হয়েন॥৪২॥ পত্যাদিশব্দেভাঃ॥ ৪৩॥ উত্তর উত্তর শ্রুতিতে পতি প্রভৃতি শব্দের কথন আছে অতএব বিজ্ঞানময় ব্ৰহ্ম হয়েন সংসারী জীব বিজ্ঞানময় না হয়।। ৪৩।। ইতি প্রথমাধ্যায়ে তৃতীয়: পাদঃ॥ 🛭 ॥

ওঁচৎসং। আমুমানিকমপ্যেকেষামিতি চেব্ল শবীররূপকবিন্যাদগৃহীতে দৰ্শ্যতি চ ॥১॥ বেদে কছেন জীব হইতে অব্যক্ত স্ক্ৰম হয় অতএব কোন শাখাতে অব্যক্ত শব্দ হইতে এখানে প্রধান মর্থাৎ প্রকৃতি বোধ্য হয় এমত নহে যেহেতু শরীরকে ষেখানে রথ রূপে বেদে বর্ণন করিয়াছেন সেখানে অব্যক্ত শব্দ হইতে লিঙ্গ শরীর বোধ্য হইতেছে অতএব লিঙ্গ শরীর অব্যক্ত হয এমত বেদে দেখাইতেছেন।। ১॥ স্ক্রমন্ত তদহ সাৎ।। ২॥ এখানে লিক্ন শরীর হয় যে হেতু অব্যক্ত শব্দের প্রতিপাদ্য হইবার যোগ্য লিঙ্গ শরীর কেবল হয় তবে স্লুল শরীরকে অব্যক্ত শব্দেযে কহে সে কেবল লক্ষণার দ্বাবা জানিবে ॥ ২ ॥ তদধীনত্বাদর্থবং ॥ ৩ ॥ যদি সেই অব্যক্ত শব্দ হইতে প্রধান অর্থাৎ ঈশ্বরের শক্তির তাৎপর্য্য হয় তবে স্ঠির প্রথমে ঈশ্বরের সহকারি দ্বারা সেই প্রধানের কার্য্যকারিত্ব শক্তি থাকে।।৩।। জ্ঞেয়ত্বাবচনাচ্চ ॥ ৪॥ সাংখ্য মতে যাহাকে প্রধান কহেন সে অব্যক্ত শব্দের বোধ্য নহে যেহেতুদে প্রধান জ্ঞাতব্য হয এমত বেদে কহেন নাই।। ৪।। বদস্তীতি চেন্ন প্রাজ্ঞোহি প্রকরণাৎ।। ৫।। যদি কহ বেদে কহি-তেছেন মহতের পর বস্তুকে ধ্যান করিলে মুক্তি হয় তবে প্রধান এ শ্রুতির দ্বারা জ্বেয় হয়েন এমত কহিতে পারিবে না যে হেতু সেই প্রকরণে কহিতে ছেন যে পুরুষের পর আর নাই অতএব প্রাপ্ত যে পরমান্ত্রা তিহোঁ কেবল জেয় হয়েন।। ৫।। ত্রুয়াণামেব চৈবমুপন্যাসঃ প্রশ্নক।। ৬।। পিতৃতুটি আর অগ্নি এবং পরমাত্মা এই তিনের প্রশ্ন নচিকেত করেন এবং কঠবল্লীতে এই তিনের স্থাপন করিয়াছেন অতএব প্রধান জ্ঞেয় না হয় যে হেতু এই তিনের মধ্যে প্রধান গণিত নহে।। ৬।। মহদ্বক্ত ।। ৭।। যেমন মহান শব্দ প্রধান বোধক নয় সেই রূপ অবাক্ত শব্দ প্রধান বাচী না হয়।। ৭।। বেদে কহেন যে অজা লোহিত শুক্ল কৃষ্ণ বৰ্ণা হয় অতএব অজা শব্দ হইতে প্ৰধান প্রতিপাদ্য হইতেছে এমত নয়। চমসবদ্বিশেষাৎ॥৮॥ অজা অর্থাৎ জন্ম নাই আর লোহিতাদি শব্দ বর্ণকে কহে এই ছুই অর্থের অন্যত্ত্র সম্ভা-বনা আছে প্রধানে এ শব্দের শক্তি হয় এমত বিশেষ নিয়ম নাই যেমত **চমস শব্দ বিশেষণাভাবে কোন বস্তুকে বিশেষ করি**য়া কহেন নাই ॥ ৮ ॥ যদি কহ চমদ শব্দ বিশেষণের দ্বারা যজ্ঞ শিরোভাগকে যেমত কছে সেই

ক্ষিপ অজা শব্দ বিশেষণের দ্বারা প্রধানকে কহিতেছে এমত কহিতে পার না। জ্যোতিরূপক্রমা তু তথা স্থ্রীয়তএকে॥৯॥ জ্যোতি যে মায়ার প্রথম হয় এমত তেজ আর জল এবং অন্নাজ্মিকা মায়া অজা শব্দ হইতে বোধ্য হয় ছন্দোগেরা ঐ মায়ার লোহিতাদি রূপ বণন করেন এবং কহেন এই ক্ষপে মাধা ঈশ্ববাধীন হয় স্বতন্ত্র নহে॥ ৯॥ কম্পেনোপদেশাক্ত মধ্বাদিবদ-<u> </u>বিরোধাৎ ॥ ২০ ॥ স্থাকে যেমন স্থপ দানে মধুর সহিত তুল্য জানিয়া মধু কহিষা বেদে বর্ণন করেন এবং বাক্যকে অর্থ দানে ধেন্তুর সহিত তুলা 'জানিয়া ধেনু• কহিয়া বৰ্ণন কবেন সেই রূপ তেজ অপ **অন্ন স্বরূপি**ণী যে মায়া তাহার অজা অর্থাৎ ছাগেব সহিত ত্যাজা হইবাতে সমতা আছে ংদেই সমতার কম্পেনাব বর্ণন মাত্র অতএব এ মায়াব জন্ম হইবাতে কোন বিরোধ নাই।। ১০।। বেদে কহেন পাঁচ পাঁচ জন অর্থাৎ পাঁচিশ তত্ত্ব হয় অতএব পঁচিশ তরেব মধ্যে প্রধানের গণনা আছে এমত নছে।। ন সং-খ্যোপদংগ্রহাদ্পি নানাভাবাদভিরেকাচ্চ ॥ ১১ ॥ তত্ত্বে পঞ্চবিংশতি সংখ্যা না হয় যেহেতু পরস্পর এক তত্ত্বে অন্য তত্ত্ব মিলে এই নিমিত্ত নানা সংখ্যা তত্ত্বে কহিয়াছেন যদি পঞ্চবিংশতি তত্ত্ব কহ তবে আকাশ আর আত্মা লইযা পঞ্চবিংশতি তত্ত্ব হই তে অতিরেক তত্ত্ব হয়।। ১১॥ যদি কহ যদাপি তত্ত্ব পাঁচিশ না হয় তবে বেদে পঞ্চ পঞ্চজন অৰ্থাৎ পঞ্চবিংশতি তত্ত্ব কি রূপে কহিতেছেন তাহার উত্তর এই। প্রাণাদয়োবাকাশেযাৎ॥১১॥ পঞ্চ পঞ্জন যে শ্রুতিতে আছে দেই শ্রুতিব বাকা শেষেতে কহিয়াছেন কর্ণের কর্ণ শ্রোত্রের শ্রোত্র অক্সের সন্ন মনের মন অতএব এই প্রোণাদি পঞ্চ বন্ধ পঞ্চ জনের অর্থাৎ পঞ্চ পুক্ষের তুলা হয়েন এই পাঁচ আব অ বিদ্যারূপ আকাশ এই ছয় যে আত্মাতে থাকেন তাহাকে জান এথানে শ্রুতির এই সর্থ তাৎপর্যা হয় পঞ্চবিংশতি তত্ত্ব তাৎপর্যা নহে।। ১২।। জ্যোতি-বৈকেষামসতারে।। ২০।। কারদের মতে অল্লের স্থানে জ্যোতির জ্যোতি এমত পাঠ হয় দেমতে অল্ল লইয়া পঞ্চ প্রাণাদি না হইয়া জ্যোতি লইয়া পঞ্চ প্রাণাদি হয়।। ১০।। বেদে কোন স্থানে কহেন আকাশ স্ফীর পূর্ব্ব হয় কোথাও তেজকে কোথাও প্রাণকে স্ফেটিব পূর্ম্ব বর্ণন করেন অস্তএব সকল বেদের প্রস্পাব সমন্ত্র অর্থাৎ এক বাকাতা হইতে পাবে নাই এমত

নহে।। কারণত্বেন চাকাশাদিষ্ যথা ব্যপদিক্টোক্তেঃ॥ ১৪।। ব্রহ্ম সকলের কারণ অতএব অবিরোধ হয় এবং বেদের অনৈক্য না হয় যে হেতু আকা-শাদি বস্তুর কারণ করিয়া ব্রহ্মকে সর্ববত্ত বেদে যথা বিহিত কথন আছে আর আকাশ তেজ প্রাণ এই তিন অপর স্থান্টির পূর্ব্বে হয়েন এ বেদের তাৎপর্য্য হয় এ তিনের মধ্যে এক অন্যের পূর্ব্ব হয় এমত তাৎপর্য্য নছে যে বেদের অনৈক্যতা দোষ হইতে পারে স্থত্তের যে চ শব্দ আছে আহার এই অর্থ হয়।। ১৪।। বেদে কছেন সৃষ্টির পূর্ব্ব জগৎ অসৎ ৄিল অতএব জগতের অভাবের দ্বারা ব্রহ্মের কারণত্বের অভাব সে কালে স্বীকার ক-রিতে হয এমত নহে। সমাকর্ষাৎ।। ২৫।। অন্যত্র বেদে যেমন অসৎ শব্দের দ্বারা অব্যাকৃত দৎ তাৎপর্য্য হইতেছে দেই রূপ পূর্ব্ব শ্রুতিতেও অসৎ শব্দ হইতে অব্যাক্তত সৎ তাৎপর্য্য হয় অর্থাৎ নাম রূপ ত্যাগ পূর্ব্ব কারণেতে স্ঠির পূর্বের জগৎ লীন থাকে অতএব সে কালেও কারণত্ব ব্রন্দের রহিল।। ১৫।। কৌষীতকী শ্রুতিতে আদিত্যাদি পুরুষকে বলাকি মুনির বর্ণন করাতে অজাত শত্রু তাহার বাক্যকে অশ্রদ্ধা করিয়া গার্গের শ্রবণার্থ কহিলেন যে ইহার কর্ন্তা যে তাহাকে জানা কর্ত্তব্য হয় অতএব এ শ্রুতির দ্বারা জীব কিম্বা প্রাণ জ্ঞাতব্য হয় এমত নহে। জগদ্বাচিত্বাৎ॥১৬॥ এই যাহার কর্ম্ম অর্থাৎ এই জগৎ যাহার কর্ম এ স্থানে বেদের তাৎপর্য্য হয আর প্রাণ কিম্বা জীবের জগৎ কর্ম্ম নহে যে হেডু জগৎ কর্তৃত্ব কেবল ব্রক্ষের হয় ॥ ১৬ ॥ জীবমুখ্যপ্রাণলিঙ্গান্ধেতি চেত্তদ্ব্যাখ্যাতং ॥ ১৭ ॥ বেদে কহেন প্রাক্ত স্বরূপ আত্মা ইন্দ্রিয়ের সহিত ভোগ করেন এই শ্রুতি জীব বোধক হয় আর প্রাণ যে সে সকলের মুখ্য হয এ শ্রুতি প্রাণ বোধক হয এমত নহে। যদি কহু এদকল জীব এবং প্রাণের প্রতি পাদক হয়েন ব্রহ্ম প্রতি পাদক না হয়েন তবে ইহার উত্তর পূর্ব্ব হত্তে ব্যাখ্যান করিয়াছি অর্থাৎ কোন শ্রুতি ব্রহ্মকে এবং কোন শ্রুতি প্রাণ ও জীবকে যুদি ক্রেন তবে উপাদনা তিন প্রকার হয় এ মহাদোষ:।। ১৭।। অন্যার্থস্ত জৈমিনিঃ প্রশ্নব্যাখ্যানাভ্যামপি চৈবমেকে ॥ ১৮॥ এক শ্লুতি প্রশ্ন কহেন যে কোথায় এ পুরুষ অর্থাৎ জীব শয়ন করেন অন্য শ্রুতি উত্তর দেন যে প্রাণে অর্থাৎ ব্রক্ষেতে স্বষ্প্তি কালে জীব থাকেন এই প্রশ্ন উত্ত-

বের দ্বারা জৈমিনি ব্রহ্মকে প্রতিপাদা করেন এবং বাজসনেযীরা এই প্রশ্নের দ্বারা যে নিদ্রোতে এ জীব কোথায় থাকেন তার এই উত্তরের দ্বারা যে হ্বদাকাশে থাকেন ঐ রূপ ব্রহ্মকে প্রতিপাদ্য করেন ॥১৮॥ শ্রুতিতে কহেন আত্মাতে দর্শন শ্রবণ ইত্যাদি রূপ সাধন করিবেক এথানে আত্মা শব্দে জীব বুঝায় এমত নহে। বাক্যান্বয়াৎ॥১৯॥ যে হেতু ঐ শ্রুতির উপসংহাবে অর্থাৎ শেষে কহিয়াছেন যে এই মাত্র অমৃত হয় অর্থাৎ আত্মার অবণাদি অমৃত হয় অতএব উপসংহারের দ্বারা ব্রহ্মের সহিত পূর্ব্ব শ্রুতির সম্বন্ধ হইলে জীবের সহিত অন্বয় হয না ॥১৯॥ প্রতিজ্ঞাসিদ্ধে-লিঙ্গিমাশ্মবথ্যঃ ॥२०॥ এক ব্রহ্মের জ্ঞানে সর্ব্বজ্ঞান হয এই প্রতিজ্ঞা সিদ্ধি নিমিত্ত যেখানে জীবকে ব্রহ্ম রূপে কহিয়াছেন সে ব্রহ্মরূপে কথন সঙ্গত হয় আশার্থ্য এই রূপে কহিয়াছেন।। ২০।। উৎক্রমিয়াতে এবং ভাবাদিতো ডুলোমিঃ ॥২১॥ সংসার হইতে জীবের যথন উৎক্রমণ অর্থাৎ মোক্ষ হইবেক তথন জীব আর এক্ষের ঐক্য হইবেক সেই হইবেক যে ঐক্য তাহা কে হইয়াছে এমত জানিয়া জীবকে ব্ৰহ্ম রূপে কথন সঙ্গত হয় জীব রূপে প্রতিবিম্বর ন্যায় অবস্থিতি করেন অতএব জীব আর ব্রহ্মের ঐক্য সঙ্গত হয় এমত কাশকুৎস্ন কহিয়াছেন।।২২।। বেদে কহেন ব্ৰহ্ম সঙ্কপের দ্বারা জগৎ সৃষ্টি করেন অতএব ব্রহ্ম জগতের কেবল নিনিত্ত কারণ হয়েন যেমন ঘটের নিমিত্ত কারণ কুস্তকার হয় এমত নহে। প্রক্র-তিশ্চ প্রতিজ্ঞাদৃদ্টাস্তান্তরোধাৎ ॥২৩॥ ব্রহ্ম জগতের নিমিত্ত কারণ হয়েন এবং প্রকৃতি অর্থাৎ উপাদান কারণো জগতেব ব্রহ্ম হয়েন যেমন ঘটের উপাদান কারণ মৃত্তিকা হয় যেহেতু বেদে প্রতিক্তা করিয়াছেন যে এক জানের ছারা সকলের জ্ঞান হয এ প্রতিজ্ঞা তবে সিদ্ধা হয় যদি জগৎ ব্রহ্মনর হয় আর দৃষ্টাস্ত দিয়াছেন যে এক মৃৎপিতের জ্ঞানের দ্বারা যাবৎ মৃত্তিকার বস্তুত জ্ঞান হয় এ দুফ্টান্ত তবে দিদ্ধি পায় যদি জগৎ ব্রহ্মময় হয় আর ঈক্ষণ দ্বারা স্থাটি করিয়াছেন এমত বেদে কছেন অতএব এন্ধ এই সকল শ্রুতির অনুরোধেতে নিমিত্ত কাবণ এবং সমবায়কারণ জগতের হয়েন যেমন মাকড়সা আপনা হইতে আপন ইচ্ছ। দ্বাবা জাল করে সেই

জালের সমবায় কাবণ এবং নিমিত্ত কারণ আপনি মাকড়সা হয় সমবায় কারণ তাহাকে কহি যে স্বয়ং মিলিত হইয়া কার্য্যকে জন্মায় যেমন মৃত্তিকা ' স্বয়ং মিলিত হইয়া ঘটের কারণ হয় আর নিমিত্ত কারণ তাহাকে কহি যে কার্য্য হইতে ভিন্ন হইয়া কার্য্য জন্মায় যেমন কুস্তুকার ঘট হইতে ভিন্ন হইয়া ঘটকে উৎপন্ন করে।।২৩॥ অভিধ্যোপদেশাক্ত।।২৪॥ অভিধ্যা অর্থাৎ আপন হইতে অনেক হইবার সঙ্কপ্প সেই সঙ্কপ্প শ্রুতিতে কহেন যে ব্রহ্ম করিয়াছেন তথাহি অহং বহুস্যাং অস্তএব এই উপদেশের দ্বারা ব্রহ্ম জগতের নিমিত্ত এবং উপাদান কারণ হয়েন।।২।। সাক্ষাচ্চোভয়াম।-নাৎ।।২৫।। বেদে কছেন উভয় অর্থাৎ স্থাট্ট এবং প্রলয়ের কর্তৃত্ব সাক্ষাৎ ব্রহ্মে হয় অতএব ব্রহ্ম উপাদান কারণ জগতের হয়েন যে হেতু কার্যা উপাদান কারণে লয় হয় নিমিত্ত কারণে লয় হয় নাই যেমন ঘট মৃত্তি-কাতে লীন হয় কুস্তকারে লীন না হয় ॥২৫॥ আত্মকুতেঃ পরিণামাৎ ॥২৬॥ বেদে কহেন ব্রহ্ম স্থাটি সময়ে স্বয়ং আপনাকে স্থাটি করেন এই ব্রহ্মের আত্মকৃতির প্রবণ বেদে আছে আর কৃতি অর্থাৎ স্থান্টির পরিণাম যাহাকে বিবর্ত্ত কহি তাহার শ্রবণ বেদে আছে অতএব ব্রহ্ম জগতের উপাদান কারণ হয়েন। বিবর্ত শব্দের অর্থ এই যে স্বরূপের নাশ না হইয়া কার্য্যা-স্তরকে স্বরূপ হইতে জন্মায় ॥২৬॥ যোনিশ্চ হি গীয়তে॥২৭॥ বেদে ব্রহ্মকে ভূত যোনি করিয়া কহেন যোনি অর্থাৎ উপাদান অতএব ব্রহ্ম জগ-তের উপাদন এবং নিমিত্ত কারণ হযেন বেদে স্ক্লমকে কারণ কহিতেছেন অতএব প্রমাম্বাদি স্ক্রম জগৎ কারণ হয় এমত নহে।।২৭।। এতেন সর্কের ব্যাখ্যাতাব্যাখ্যাতাঃ।।২৮।। প্রধানকে খণ্ডনের দ্বারা পরমান্বাদি বাদ খণ্ডন হইরাছে যে হেতু বেদে পরমান্বাদিকে জগৎ কারণ কহেন নাই এবং প্রমান্বাদি সচেত্রন নহে অতএব প্রমান্বাদিকে ত্যাজ্য ক্রিয়া ব্যাথ্যান পূর্বই হইয়াছে তবে প্রমান্তাদি শব্দ যে বেদে দেখি সে এক্স প্রতিপাদক হয় যে হেতু ব্রহ্মকে স্থূল হইতে স্থূল এবং স্ক্রম হইতে স্ক্রম বেদে বর্ণন করিয়াছেন ব্যাখ্যাতা শব্দ ছুই বার কথনের তাৎপর্য্য অধ্যায় সমাপ্তি হয় ॥২৮॥ ইতি প্রথমাধ্যায়ে চতুর্যঃ পাদঃ। । ইতি শ্রীবেদাস্ত-প্রন্থেপ্রথমাধ্যায়ঃ॥।।।

- DAY FREE

७ँजरमर ॥ यमाथि अधान (क त्वरम क शर कार्य क रहन नाहे कि छ অপর প্রামাণের দ্বারা প্রধান জগৎ কারণ হয় এই সন্দেহ নিবারণ করি-মৃত্যনবকাশদোষপ্রসঙ্গইতি ছেন্নান্যমৃত্যনবকাশদোষপ্রস-ঙ্গাৎ।।১॥ প্রধানকে যদি জগৎ কারণ না কহ তবে কপিল স্মৃতির অপ্রা-মাণ্য দোষ হয় অতএব প্রধান জগৎ কারণ তাহার উত্তর এই যদি প্রধানকে জগৎ কারণ কহ তবে গীতাদি স্মৃতির অপ্রামাণ্য দোষ হয় অতএব মৃতির পরস্পর বিরোধে কেবল শ্রুতি এ স্থানে গ্রাহ্ম আর শ্রুতিতে প্রধানের জগৎ কারণত্ব নাই॥।।। ইতরেষাং চাত্রপলকেঃ॥२॥ সাংখ্যশাস্ত্রে ইতর অর্থাৎ মহস্বাদিকে যাহা কহিয়াছেন তাহা প্রামাণ্য নহে যে হেতু বেদেতে এমত সকল বাক্যের উপলব্ধি হয় নাই ॥২॥ বেদে যে যোগ করিয়াছেন তাহা সাংখ্য মতে প্রকৃতি ঘটিত করিয়া কহেন অত-এব সেই যোগের প্রমাণের দ্বারা প্রকৃতির প্রামাণ্য হয় এমত নছে।। এতেন যোগঃ প্রত্যুক্তঃ।।৩॥ সাংখ্যমত খণ্ডনের দ্বারা সাংখ্য শাস্ত্রে যে প্রধান ঘটিত যোগ কহিয়াছেন তাহার খণ্ডন স্কুতরাং হইল।।৩।। এখন ছুই স্থত্তেতে সন্দেহ করিয়া পশ্চাৎ সন্দেহের নিরাকরণ করেন।। ন বি-লক্ষণস্থাদস্য তথাস্বঞ্চ শব্দাৎ।।৪।। জগতের উপাদান কাবণ চেতন না হয় যে হেতু চেতন হইতে জগৎকে বিলক্ষণ অৰ্থাৎ ভিন্ন দেখিতেছি ঐ চেতন হইতে জগৎ ভিন্ন হয় অর্থাৎ জড় হয এমত বেদে কহিতেছেন।।৪।। যদি কহ শ্রুতিতে আছে যে ইন্দ্রিয় সকল প্রত্যেকে আপন আপন বড় হইবার নিমিত্ত বিবাদ করিয়াছেন অতএব ইন্দ্রিয় সকলের এবং পৃথিবীর চেতনত্ব পাওয়া যায় এমত কহিতে পারিবে নাই।। অভিমানিব্যপদেশস্তু বিশেষায়ু-গতিভাগে।।৫।। ইন্দ্রিয় সকলের এবং পৃথিবীর অভিমানী দেবতা এ স্থানে পরস্পর বিবাদী এবং মধ্যস্থ হইয়াছিলেন যে হেতু এখানে অভিমানী দেব-তার কথন বেদে আছে তথাহি তাহৈব দেবতা অর্গাৎ ঐ ইন্দ্রিয়াভিমানী দেবতা আর অগ্নিবাগভূতা মুখং প্রাবিশ্বং অর্থাৎ অগ্নি বাক্য হইয়া মুখে প্রবেশ করিলেন ঐ দেবতা শব্দের বিশেষণের দারা আর অগ্নির গতির দ্বারা এখানে অভিমানী দেবতা তাৎপর্য্য হয়।।৫॥ দৃশ্যতে তু ।।৬॥ এখানে **তু শব্দ পূর্ব্ব ছুই স্থত্তের সন্দেহের সিদ্ধান্তের জ্ঞাপক হয়। সচেতন পুরুষের**

অচেতন স্বরূপ নথাদির উৎপত্তি যেমন দেখিতেছি সেই রূপ অচেত ন জগতের চৈতন্য স্বরূপ ব্রহ্ম হইতে উৎপত্তি হয় এবং ব্রহ্ম জগতের উপাদান কারণ হযেন।।।। অদদিতি চের প্রতিষেধমাত্রত্বাৎ।।।।। স্থাটির আদিতে জগৎ অদৎ ছিল দেইরূপ অদৎ জগৎ স্ঠি দময়ে উৎপন্ন হইল এমত নহে ফে হেতু সতের প্রতিবেধ অর্থাৎ বিপরীত অসৎ তাহার সম্ভাবনা কোন মতেই হয় নাই অতএব অসতের আভাস শব্দমাত্রে কেবল উপলব্ধি হয় বস্তুত নাই যেমন খপুপেশার আভাদ শব্দমাত্রে হয় বস্তুত নয় ॥।॥ অপীতো তদ্ধৎ প্রসঙ্গাদসমপ্ত্রসং ॥৮॥ জগতের উপাদান কারণ ব্রহ্মকে কছিলে যুক্ত হয় নাই যেহেতু অপীতি অর্থাৎ প্রলয়ে জগৎ ব্রহ্মতে লীন হইলে যেমন তিক্তাদি সংযোগে ছুগ্ধ তিক্ত হয় সেই রূপ জগতের সংযোগে ত্রন্ধেতে জগতের জড়তা গুণের প্রসঙ্গ উপস্থিত হয়। এই স্থত্তে সন্দেহ করিয়া পরস্থত্তে নিবারণ কবিতেছেন ॥৮॥ न তু দৃফীস্ত-ভাবাৎ।।৯।। তুশব্দ এখানে সিদ্ধান্ত নিমিত্ত হয়। যেমন মৃত্তিকার ঘট মৃত্তিকাতে লীন হইলে মৃত্তিকার দোষ জন্মাইতে পারে নাই এই দৃ্টাস্ত দ্বারা জানা যাইতেছে যে জড় জগৎ প্রলয় কালে ব্রহ্মেতে লীন হইলেও ব্রক্ষের জড় দোষ জন্মাইতে পারে নাই।।৯।। স্বপক্ষেৎদোষাচ্চ।।১০।। প্রধানকে জগতের কারণ কহিলে যে যে দোষ পূর্ব্বে কহিষাছ সেই সকল দোষ স্বপক্ষে অর্থাৎ ব্রহ্মপক্ষে হইতে পারে নাই অতএব এই পক্ষ যুক্ত হয ॥>॰॥ তর্কাপ্রতিষ্ঠানাদপ্যন্যথান্তমেয়মিতি চেদেবমপ্যনির্দ্ধাক্ষপ্রস-ঙ্গঃ।।১১।। তর্ক কেবল বুদ্ধি সাধ্য এই হেতু তাহার প্রতিষ্ঠা নাই অর্থাৎ হৈছ্য্য নাই অতএব তর্কে বেদের বাধা জন্মাইতে পারে নাই যদি তর্ককে স্থির কহ তবে শাস্ত্রের সমন্বয়ের বিরোধ হইবেক যদি এই রূপে শাস্ত্রের সমন্বয়ের বিরোধ স্বীকার কবহ তবে শাস্ত্রের দ্বারা যে নিশ্চিত মোক্ষ হয় তাহার অভাব প্রসঙ্গ কপিলাদি বিরুদ্ধ তর্কের দ্বারা হইবেক অতএব কোন তর্কের প্রামাণ্য নাই।।১৯। যদি কহ ব্রহ্ম সর্ব্বত্র ব্যাপক হয়েন তবে আকা-শের ন্যায় ব্যাপক হইয়া জগতের উপাদান কারণ হইতে পারেন নাই কিন্তু পরমাত্র জগতেব উপাদান কারণ হয় এরূপ তর্ক করা অশাস্ত্র তর্ক না হয় যেহেতু বৈশেষিকাদি শাস্ত্রে উক্ত আছে এমত কহিতে পারিবে না।

এতেন শিক্টাপরিগ্রহাত্রপি ব্যাখ্যাতাঃ॥ ১২॥ সজ্জপ ব্রহ্মকে যে শিক্ট লোকে কারণ কহেন তাঁহারা কোন অংশে পরমাণাদি জগতের উপাদান কারণ হয় এমত কহেন নাই অতএব বৈশেষিকাদি মত পরস্পর বিরোধের নিমিত্ত ত্যাজ্য করিয়া শিষ্ট সকলে ব্যাখ্যান করিয়াছেন ॥ ১২ ॥ পরস্বত্তে चार्मा मत्मर कतिया शम्छा ममाधान कतिराज्य ॥ टाञ् । भारति व ভাগশ্চেৎ স্যাক্ষোকবৎ ॥ ১৩ ॥ অদ্বিতীয় ব্রহ্ম যদি জগতের উপাদান কারণ হয়েন তবে ভোক্তা আর ভোগ্যের মধ্যে বিভাগ অর্থাৎ ভেদ থাকে নাই অথচ ভোক্রা এবং ভোগ্যের পার্থক্য দৃষ্ট হইতেছে ইহার উত্তর এই বৈ লোকেতে রক্ষ্যতে দর্পভ্রম এবং দণ্ডভ্রম হইয়া উভয়ের বিভাগ অর্থাৎ ভেদ যেমন মিথাা উপলব্ধি হয় সেই মত ভোক্তা এবং ভোগ্যের ভেদ কম্পিত মাত্র॥ ১৩॥ ছুগ্ধ লোকেতে যেমন দধি হইয়া ছুগ্ধ হইতে পৃথক কহায় এই দৃষ্টাস্তামুদারে ত্রহ্ম এবং জগতের ভেদ বস্তুত হইতে পারে এমত নহে।। তদনন্যসমারস্কণশব্দাদিভাঃ॥ ১৪॥ ব্রহ্ম হইতে জগতের অন্যন্ত অর্থাৎ পার্থক্য না হয় যেহেতু বাচারস্ত্রণাদি শ্রুতি কহিতেছেন যে নাম আর রূপ যাহা প্রত্যক্ষ দেখহ সে কেবল কথন মাত্র বস্তুত ব্রন্ধই সকল॥ ১৪॥ ভাবে চোপলব্ধেঃ॥ ১৫॥ জগৎ ব্ৰহ্ম হইতে অন্য না হয় যে হেতু ব্রহ্ম সত্তাতে জগতের সত্তার উপলব্ধি হইতেছে ॥ ১৫ ॥ সত্বাচ্চাব-রস্য॥ ১৬॥ অবর অর্থাৎ কার্য্য রূপ জগৎ স্থাফীর পূর্ব্ব ব্রহ্ম স্বরূপে ছিল অতএব স্টির পরেও ব্রহ্ম হইতে অন্য না হয় যেমন ঘট আপনার উৎপত্তির পূর্বের পূর্বের মৃত্তিকা রূপে ছিল পশ্চাৎ ঘট হইয়াও মৃত্তিকা হইতে অন্য হয় নাই ॥ ১৬॥ অসদ্বাপদেশাদিতি চেন্ন ধর্মাস্তরেণ বাক্যশে-ষাৎ॥ ১৭॥ বেদে কছেন জগৎ স্ফির পূর্ব্বে অসৎ ছিল অতএব কার্ম্যের অর্থাৎ জগতের অভাব স্**টি**র পূর্ব্বে জ্ঞান হয় এমত নহে যেহেতু ধর্মাস্ত-রেতে স্টির পূর্বের জগৎ ছিল অর্থাৎ নাম রূপে যুক্ত হইয়া স্টির পূর্বের জগৎ ছিল নাই কিন্তু নাম রূপ ত্যাগ করিয়া কারণেতে সে কালে জগৎ লীন ছিল ইহার কারণ এই যে ঐ বেদের বাক্য শেষে কহিয়াছেন যে স্টির পূর্বের জগৎ সৎ ছিল॥১৭॥ যুক্তেঃ শব্দাস্তরাচ্চ॥১৮॥ ঘট হইবার পূর্বের মৃত্তিকা রূপে ঘট যদি না থাকিত তবে ঘট করিবার সময়

মৃত্তিকাতে কুক্তকারের যত্ন হইত না এই যুক্তির দারা হৃটির পূর্বে জগৎ ব্রহ্ম স্বরূপে ছিল নিশ্চয় হইতেছে এবং শব্দাস্তরের দ্বারা স্ফির পূর্বে জগৎ সৎ ছিল এমত প্রমাণ হইতেছে ॥ ১৮ ॥ পটবক্ত ॥ ১৯ ॥ যেমন বস্ত্র সকল আকুঞ্চন অর্থাৎ তানা আর প্রদারণ অর্থাৎ পড়াান হইতে ভিন্ন না হয় সেই মত ঘট জিলালে পরেও মৃতিকা ঘট হইতে ভিন্ন নহে এই রূপ স্ফির পরেও ত্রন্ম হইতে জগৎ ভিন্ন নয়॥ ১৯॥ যথা প্রাণাদিঃ॥ ২০॥ ভিন্ন লক্ষণ হইয়া যেমন প্রাণ অপানাদি পবন হইতেভিন্ন না হয় সেই রূপ রূপান্তরকে পাইয়াও কার্য্য আপন উপাদান কারণ হইতে পৃথক হয় নাই।। ২০।। এই স্থত্তে সন্দেহ করিয়া দ্বিতীয় স্থত্তে ইহার নিরাকরণ করিতেছেন। ইতরবাপদেশাদ্ধিতাকরণাদিদোষপ্রশক্তিঃ। ২১। ব্রহ্ম যদি জগতের কারণ হয়েন তবে জীবো জগতের কারণ হইবেক যেহেতু জীবকে ব্রহ্ম করিয়া কথন আছে আর জীব জড়াদিকে অর্থাৎ ঘটাদিকে স্থাটি করে কিন্তু জীব রূপ এক্ষা আপন কার্য্যের জড়ত্ব দূর করিতে পারে নাই এদোষ জীব রূপ ব্রহ্মে উপস্থিত হয়॥ ২১। অধিকন্ত ভেদনির্দ্দেশাৎ॥২২॥ অপ্পজ্ঞ জীব হইতে ব্রহ্ম অধিক হয়েন যে হেতু নানা শ্রুতিতে জীব আর ব্রহ্মের ভেদ কথন আছে অতএব জীব আপন কার্য্যের জড়তা দূর করিতে পারে নাই ॥ ২২ ॥ অশ্বাদিবচ্চ তদত্বপপতিঃ ॥ ২৩ ॥ এক যে ব্রহ্ম উপা-দান কারণ তাহা হইতে নানা প্রকার পৃথক পৃথক কার্য্য কি রূপে হইতে পারে এদোষের এখানে সঙ্গতি হইতে পারে নাই যে হেতু এক পর্বত হইতে নানা প্রকার মণি এবং এক বীজ হইতে যেমন নানা প্রকার পুস্প ফলাদি হয় সেই রূপ এক ব্রহ্ম হইতে নানা প্রকার কার্য্য প্রকাশ পায়॥ ২৩ ॥ প্রনরায় সন্দেহ করিয়া সমাধান করিতেছেন। উপসংহারদর্শণাল্লেডি চেল্ল ক্ষীরবন্ধি ॥ ২৪ ॥ উপসংহার দণ্ডাদি সামগ্রীকে কছে। ঘট জন্মাই-বার জন্যে মৃত্তিকার সহকারী দুর্ভাদি সামগ্রী হয় কিন্তু সে সকল সহকারী ব্রহ্মের নাই অতএব ব্রহ্ম জগৎ কারণ না হয়েন এমত নহে যে হেতু ক্ষীর যেমন সহকারী বিনা স্বয়ং দুধি হয় এবং জল যেমন আপনি আপনাকে জন্মায় সেই রূপ সহকারী বিনা ব্রহ্ম জগতের কারণ হয়েন॥ ২৪॥ দেবা-দিবদ্পি লোকে ॥ ২৫ ॥ লোকেতে যেমন দেবতা সাধন অপেকা না

ক্রিয়া ভোগ করেন সেই মত ব্রহ্ম সাধন বিনা জগতের কারণ হয়েন ॥२৫॥ প্রথম স্বত্তে সন্দেহ করিয়া দ্বিতীয় স্বত্তে সমাধান করিতেছেন। কৃৎস্প্র-শক্তির্নিরবয়বত্তে শব্দকোপোবা ॥২৬॥ ব্রহ্মকে যদি অবয়ব রহিত কহ তবে তিহোঁ একাকী যখন জগৎ রূপ কার্য্য হইবেন তখন তিহোঁ সমস্ত এক বারে কার্য্য স্কর্মপ হইয়া ঘাইবেন তিহেঁ। আর থাকিবেন নাই তবে ত্রহ্ম সাক্ষাৎ কার্য্য হইলে তাঁহার ছুজ্রে যাত্ত নাই যদি অবয়ব বিশিস্ট কহ তবে শ্রুতি শব্দের কোপ হয় অর্থাৎ শ্রুতি বিরুদ্ধ হয় যেহেতু শ্রুতিতে তাঁহাকে অবয়ব রহিত কহিয়াচেন॥২৬॥ আনতেস্ত শব্দমূলতাৎ॥২৭॥ এখানে তুশব্দ সিদ্ধান্তের নিমিত্ত। একই ব্রহ্ম উপাদান এবং নিমিত্ত কারণ জগতের হয়েন যে হেতু শ্রুতিতে কহিয়াছেন অতএব এথানে যুক্তির অপেক্ষা নাই আর যেহেতু বেদ কেবল ব্রহ্মের প্রমাণ হয়েন॥ ২৭॥ আত্মনি চৈবং বিচিত্রা*চ হি॥ ২৮॥ পরমাত্মাতে সর্ব্ব প্রকার বিচিত্র শক্তি আছে এমত শ্বেতাশ্বতরাদি শ্রুতিতে বর্ণন দেখিতেটি ॥ ২৮॥ স্বপক্ষেই-দোষাচ্চ ॥ ২৯ ॥ নিরবয়ব যে প্রধান তাহার পবিণামের দ্বারা জগৎ হই-য়াছে এমত কহিলে প্রধানেব অভাব দোষ জন্মে কিন্তু ব্রহ্ম পক্ষে এবিষয় হইতে পারে নাই যে হেতু ব্রহ্ম জগতের উপাদান এবং নিমিত্ত কারণ ছয়েন॥২৯॥ শবীর রহিত ত্রন্ধা কি রূপে সর্ব্ব শক্তি বিশিক্ট হইতে পারেন ইহার উত্তর এই। সর্কোপেতা চ দর্শণাং॥ ৩০॥ ত্রন্ধ সর্কি শক্তি যুক্ত হয়েন যে হেতু এমত বেদে দৃষ্ট হইতেছে ॥ ৩০ ॥ বিকরণভাল্লেতি চেত্রতুক্তং॥৩১॥ ইব্রিণ রহিত এক্ষা জগতের কারণ না হয়েন এমত যদি কহ তাহার উত্তর পূর্দ্ধে দেৱা গিয়াছে অর্থাৎ দেবতা দকল লে কেতে বিনা সাধন যেমন ভোগ করেন সেই রূপ এলা ইন্দ্রির বিনা জগতের কারণ হয়েন। ৩১।। প্রথম স্থতে সন্দেহ করিণা দ্বিতীৰ হতে সমাধান করিতেছেন। নপ্রয়োজনবত্বাৎ॥ ৩২॥ ব্রহ্ম জগতের কারণ না হয়েন যেহেতু যে কর্ত্তা হয় সে বিনা প্রয়োজন কার্য্য করে নাই ব্রহ্মের কোন প্রয়োজন জগতের স্ঠিতে নাই॥ ৩২॥ লোকবন্তু নীলাকৈবলাং॥ ৩৩॥ এখানে তুশব্দ সিদ্ধান্তার্থ লোকেতে যেমন বালকেরা রাজাদি রূপ গ্রহণ कतियां नीना करत मिरे क्रथ क्रांश क्रांश दुष्कत चाविकांव इत्या नीना

মাত্র হয়॥ ৩০॥ জগতে কেহ স্থী কেহ ছুঃখী ইত্যাদি অমুভব হই-তেছে অতএব ব্রহ্মের বিষম সৃষ্টি করা দোষ জন্মে এমত যদি কহ তাহার উত্তর এই। বৈষম্যনৈর্ঘ্নোন সাপেক্ষত্বাৎ তথাহি দর্শয়তি॥ ৩৪ ॥ স্থাী আর ত্বঃখীর স্ঠিকর্তা এবং স্থুখ আর তুখের দূর কর্তা যে পরমাত্মা তাঁহার বৈষম্য এবং নির্দ্ধয়ত্ব জীবের বিষয়ে নাই যেহেতু জীবের সংস্কার কর্ম্মের অমুসারে কম্পেতকর ন্যায় ব্রহ্ম ফলকে দেন পুণ্যেতে পুণ্য উপা-র্জিত হয় এবং পাপে পাপ জয়ে এমত বর্ণন বেদে দেখিতেছি॥ ৩৪॥ ন কর্মাবিভাগাদিতি চেল্ল অনাদিত্বাৎ ॥৩৫॥ বেদে কহিতেছেন স্থাটির পূর্ব্বে কেবল সং ছিলেন এই নিমিত্ত স্টির পূর্বের কর্ম্মের বিভাগ অর্থাৎ কর্ম্মের সত্তা ছিল নাই অতএব স্থাটি কোন মতে কর্ম্মের অমুসারী না হয় এমত কহিতে পারিবে না যেহেতু স্ঞি আর কর্মের পরস্পর কার্য্য কারণত্ব ক্রপে আদি নাই যেমন রক্ষ ও তাহার বীজ কার্য্য কারণ রূপে অনাদি হয়॥ ৩৫॥ উপপদ্যতে চাপ্যুপলভ্যতে চ॥ ৩৬॥ জগৎ সহেতুক হয় অত-এব হেতুর অনাদিত্ব ধর্মা লইয়া জগতের অনাদিত্ব সিদ্ধ হয়। আর বেদে উপলব্ধি হইতেছে যে কেবল নাম আর রূপের স্ঠি হয় কিন্তু সকল অনাদি আছেন ॥ ৩৬ ॥ নিগুণ ব্রহ্ম জগতের কারণ হইতে পারেন নাই এমত নহে। সর্ববর্ধর্মোপপত্তেশ্চ ॥ ৩৭ ॥ বিবর্ত্ত রূপে ব্রহ্ম জগৎ কারণ হয়েন যেহেতু সকল ধর্ম্ম আর সকল শক্তি ত্রক্ষে সিদ্ধ আছে বিবর্ত্ত শব্দের অর্থ এই যে আপনি নক্ট না হইয়া কার্য্য রূপে উৎপন্ন হয়েন॥ ৩৭॥ ।॥ ०॥ ইতি দ্বিতীয়াধ্যায়ে প্রথমঃ পাদঃ॥ • ॥

ওঁ তৎসৎ।। সত্ত্রজন্তম স্বরূপ প্রকৃতি জগতের উপাদান কারণ কেন না হয়েন ॥ রচনাত্রপপত্তেশ্চ নাত্রমানং ॥ ১ ॥ অনুমান অর্থাৎ প্রধান স্বয়ং জগতের উপাদান হইতে পারে নাই যেহেতু জড় হইতে নানাবিধ রচনার সম্ভাবনা নাই ॥১॥ প্রব্রেশ্চ ॥ ২ ॥ চিৎস্বরূপ ত্রন্সের প্রবৃতি দ্বারা প্রধা-নের প্রকৃত্তি হয় অতএব প্রধান স্বয়ং জগতের উপাদান কারণ নছে॥২॥ পয়োহস্বুবচ্চেত্তত্ত্রাপি॥৩॥ যদি কহ যেমন ছুগ্ধ স্বয়ং স্তন হইতে নিঃস্ত হয় আব জল ষেমন স্বয়ং চলে সেই মত প্রধান অর্থাৎ স্বভাব স্বয়ং জগৎ স্থি করিতে প্রব্রুত হয় এমত হইলেও ঈশ্বরকে প্রধানের এবং ছুগ্গাদের প্রবর্ত্তক তত্রাপি স্বীকার করিতে হইবেক যেহেতু বেদে কহিয়াছেন ব্রহ্ম জলেতে স্থিত হইয়া জলকে প্রবর্ত্ত করান ॥ ৩ ॥ ব্যতিরেকানবস্থিতে***চা**-নপেক্ষত্বাৎ॥ ৪॥ তোমার মতে প্রধান যদি চেতনেব সাপেক্ষ সৃষ্টি করিবাতে না হয় তবে কার্যোর অর্থাৎ জগতের পৃথক অবস্থিতি প্রধান হইতে যাহা তুমি স্বীকার করহ সে পৃথক অবস্থিতি থাকিবেক না যেহেতু প্রধান তোমার মতে উপাদান কারণ দে যথন জগৎ স্বরূপ হইবেক তখন জগতের সহিত ঐক্য হইয়া যাইবেক পৃথক থাকিবেক নাই অতএব তোমার প্রমাণে তোমার মত খণ্ডিত হয়॥ ৪॥ অন্যত্রাভাবাচ্চ ন তৃণাদি-বৎ॥ ৫॥ ঈশ্বরের ইচ্ছা বিনা প্রধান জগৎ স্বরূপ হইতে পারে না যেমন গবাদির ভক্ষণ বিনা ক্ষেত্রস্থিত তৃণ স্বয়ং মুগ্ধ হইতে অসমর্থ হয়॥ ৫॥ অভ্যুপগমেপ্যর্থাভাবাৎ ॥ ৬ ॥ প্রধানের স্বয়ং প্রকৃত্তি সৃষ্টিতে অঙ্গীকার করিলে প্রধানেতে যাহাদিগ্যের প্রকৃতি নাই তাহাদিগ্যের মুক্তি রূপ অর্থ হইতে পারে না অথচ বেদে ব্রহ্মজ্ঞান দারা মুক্তি লিখেন প্রধানের জ্ঞা-নের দ্বারা মুক্তি লিখেন না॥ ৬॥ পুরুষাশাবদিতি চেত্তত্ত্বাপি॥ १॥ यिन বল যেমন পঙ্গু পুরুষ হইতে অন্ধের চেক্টা হয় আর অয়স্কান্তমণি হইতে লোহের স্পন্দন হয় সেই রূপ প্রক্রিয়া রহিত ঈশ্বরের দ্বারা প্রধানের স্ফিতে প্রান্ত হয় এমত হইলেও তথাপি যেমন পঙ্গু, আপনার বাক্য ছারায় অন্ধকে প্রবর্ত্ত করায় এবং অয়ন্দ্রান্তমণি দাল্লিধ্যের দ্বারা লৌহকে প্রবর্ত্ত করায় সেই রূপ ঈশ্বর আপনার ব্যাপারের দ্বারা প্রধানকে প্রবর্ত্ত করান অতএব প্রধান ঈশ্বরের সাপেক্ষ হয়। যদি কহ ব্রহ্ম তবে ক্রিয়া বি-

শিষ্ট হইলেন তাহার উত্তর এই তাঁহার ক্রিয়া কেবল মায়ামাত্র বন্ধ করিতে ব্রহ্ম ক্রিয়া বিশিষ্ট নহেন॥ ৭॥ অঙ্গিত্বানুপপত্তেশ্চ ॥ ৮॥ বেদে সহ রজ তম তিন গুণের সমতাকে প্রধান কহেন এই তিন গুণের সমতা দূর হইলে স্টির আরম্ভ হয় অতএব প্রধানের স্টি আরম্ভ হইলে সেই প্রধানের অঙ্গ থাকে না ॥ ৮ ॥ অন্যথাত্মতো চ জ্ঞানশক্তিবিয়োগাৎ ॥ ৯ ॥ কার্য্যের উৎপত্তির দ্বারা প্রধানের অনুমান যদি করিতে চাহ তাহা করিতে পারিবে না যেহেতু জ্ঞান শক্তি প্রধানে নাই আর জ্ঞানশক্তি ব্যতিরেকে স্ঠি কর্ত্তা হইতে পারে নাই ॥ ৯ ॥ বিপ্রতিষেধাচ্চাসমঞ্জুদং ॥ ১০ ॥ কেহ কহে তত্ত্ব পাঁচিশ্ব কেহ ছাব্দিশ কেহ আটাইশ এই প্রকার পরস্পর বিপ্র-তিষেধ অর্থাৎ অনৈক্য তত্ত্ব সংখ্যাতে হইয়াছে অতএব পাঁচিশ তত্ত্বের মধ্যে প্রধানকে যে গণনা করিয়াছেন সে অযুক্ত হয়॥ ১০॥ বৈশেষিক আর নৈয়ায়িকের মত এই যে সমবায়ি কারণের গুণ কার্য্যেতে উশস্থিত হয় এমতে চৈতন্য বিশিক্ট ব্রহ্ম কিরুপে চৈতন্য খীন জগতের কারণ হইতে পারেন ইহার উত্তর এই।। মহদ্দীর্ঘবদ্ধা হ্রস্বপরিমওলাভ্যাং॥ ১১॥ অর্থাৎ দ্বাণুক তাহাতে মহত্ব নাই পরিমণ্ডল অর্থাৎ পরমাণু তাহাতে দীর্ঘত্ব নাই কিন্তু যথন দ্বাণুক ত্রসরেণু হয় তথন মহত্ব গুণকে জন্মায় পর-মাণু যথন দ্বাণুক হয় তথন দীৰ্ঘত্ব জনায় অতএব এখানে বেমন কারণের গুণ কার্য্যেতে দেখা যায় ন। সেই রূপ ব্রহ্ম এবং জগতের গুণের ভেদ হইলে দোষ কি আছে ॥ ১১ ॥ যদি কহ তুই পরমাণু নিশ্চল কিন্তু কর্মা-ধীন ছুইয়ের যোগের দ্বারা দ্বাণুকাদি হয় ঐ দ্বাণুকাদি ক্রমে ক্রিফি জন্মে ইহার উত্তর এই। উভয়থাপি ন কর্মাহতস্তদভাবঃ॥ ১২॥ এ সংযোগের কারণ যে কর্ম্ম তাহার কোন নিমিত্ত আছে কি না তাহাতে নিমিত্ত আছে ইহা কহিতে পারিবে না যে হেতু জীবের যত্ন স্থাটির পূর্ব্বে নাই অতএব যতু না থাকিলে কর্ম্মের নিমিত্তের সম্ভাবনা থাকে না অতএব ঐ কর্ম্মের নিমিত্ত কিছু আছে এমৃত কহা যায় না আর যদি কহ নিমিত্ত নাই তবে নিমিত্ত না থাকিলে কর্ম্ম হইতে পারে না অতএব উভয় প্রকারে ছুই পর-মাণুর সংযোগের কারণ কোন মতে কর্ম্ম না হয় এই হেতু ঐ মত অসিদ্ধ । ১২॥ সমবায়াভ্যুপগমাচ সাম্যাদনবস্থিতে: ॥১৩॥ পরমাণু দ্বাণুকাদি

হইতে যদি সৃষ্টি হয় তবে পরমাণু আর দ্বাণুকের মধ্যে সমবায় সম্বন্ধ অ-দীকার করিতে হইবেক প্রমাণ্র সম্বায় সম্বন্ধ প্রমাণু বাদীর **সম্বত** নহে অতএব ঐ মত দিদ্ধ হইল নাই যদি পরমাণাবের সমবায় সম্বন্ধ অঙ্গী-কার করহ তবে অনবস্থা দোষ হয় যেহেতু পরমাণু হইতে ভিন্ন দ্বাণুক সেই দ্বাণুক প্রমাণ্ব সমবায় সম্বন্ধ অপেক্ষা করে এই রূপ দ্বাণুকের সহিত ত্রদরেণাদের ভেদের সমতা আছে অতএব ত্রদবেণু দ্বাণুকেব সম-বায় সম্বন্ধের অপেকা করে এই প্রকারে সমবায় সম্বন্ধের অবধি থাকে না যদি কহ প্রমাণ্র সম্বন্ধ দ্বাণুকেব সহিত দ্বাণুকের সম্বন্ধ ত্রসরেণুর সহিত ত্রদবেণ্ব সম্বন্ন চভূবেণুর সহিত সমবাধ না হইয়া স্বরূপ সম্বন্দ হয় এ**নতে** প্রমাণাদের সমবায় সম্বন্ধ দারা স্থাটি জন্মে এমত যাহারা কহেন সেমতের স্থাপনা হয় না॥ ১৩॥ নিতামেব চ ভাবাৎ। ১৪॥ প্রমাণ্ ইইতে স্ঠি স্বীকার করিলে প্রমাণ র প্রকৃতি নিত্য মানিতে হইবেক তবে প্রলয়ের অঙ্গীকার হইতে পারে নাই এই এক দোষ জন্মে॥১৪॥ রূপাদিমস্বাচ্চ বিপ-ষ্যযোদর্শনাৎ ॥ ১৫ ॥ পরমাণু যদি স্থাটির কারণ হয় তবে পরমাণুর রূপ স্বীকার করিতে হইবেক এবং রূপ স্বীকার করিলে তাহাব নিতাতার বিপ-ৰ্য্যয় হয় অৰ্থাৎ নিত্যত্ব থাকিতে পাৱে নাই যেমন পটাদিতে দেখিতেছি রূপ আছে এনিমিত্ত তাহাব নিত্যত্ব নাই॥ ১৫॥ উভযথা চ দোষাৎ॥ ১৬॥ পরমাণ বহু গুণ বিশিষ্ট হইবেক কিহা গুণ বিশিষ্ট ন। হইবেক বহু গুণ বিশিক্ট যদি কহ তবে তাহাব কুদ্রতা থাকে না গুণ বিশিক্ট না হইলে পরমাণুর কার্যোতে অর্থাৎ জগতে রূপাদি হইতে পারে নাই অতএব উভয় প্রকারে দোষ জন্মে। ১৬॥ অপরিগ্রহাক্ষাতান্তমনপেক্ষা। ১৭॥ বিশিষ্ট লোকেতে কোন মতে পরমাণু হইতে স্ফি স্বীকার করেন নাই অতএব এমতের কোন প্রকারে প্রামাণ্য হইতে পারে নাই ॥১৭॥ বৈভাষিক সৌত্রা-স্তিকের মত এই যে পরমাণ প্রপ্র আর পরমাণু পুঞ্জের পঞ্কন্ধ এই ছই মিলিত হইয়া স্ঠি জন্মে প্রথমত রূপদ্বন্ধ অর্থাৎ চিত্তকে অবলম্বন করিয়া গন্ধ রস রূপ স্পর্শ শব্দ যাহা নিরূপিত আছে দ্বিতীয়ত বিজ্ঞান-ক্ষম অর্থাৎ গন্ধাদের জ্ঞান তৃতীয়ত বেদনাক্ষম অর্থাৎ রূপাদের জ্ঞানের দারা হ্রখ হ্রাথের অত্তব চতুর্থ সংজ্ঞাক্তর অর্থাৎ দেবদত্তাদি নাম পঞ্চম

সংস্কারক্তর অর্থাৎ রূপাদের প্রাপ্তি ইচ্ছা এই মতকে বক্তব্য সুত্তের দ্বারা নিরাকরণ করিতেছেন॥ সমুদারউভয়হেতুকেপি তদপ্রাপ্তি:॥ ১৮॥ অর্থাৎ পরমাণু পুঞ্জ আর তাহার পঞ্চয়য় এই উভয়ের দ্বারা যদি সমুদায় দেহ স্বীকার কর তত্রাপি সমুদায় দেহের সৃষ্টি ঐ উভয় হইতে নির্বাহ ছইতে পারে নাই যেহেতু চৈতন্য স্বরূপ কর্তার ঐ উভয়ের মধ্য উপলব্ধি হয় নাই ॥ ১৮ ॥ ইতরেতরপ্রত্যয়ত্বাদিতি চেল্লোৎপত্তিমাত্রনিমিত্তত্বাৎ ॥ ১৯॥ পরমাণ পুঞ্জ ও তাহার পঞ্চন্ধ পরস্পর কারণ হইয়া ঘটী যন্ত্রের ন্যায় দেহকে জন্মায় এমত কহিতে পারিবে না যেহেতু ঐ পরমাণ পুঞ্ আর তাহার পঞ্চন্ধ পরস্পর উৎপত্তির প্রতি কারণ হইতে পারে কিন্ত ঐ সকল বস্তুর একত্র হওনের কারণ অপর এক বস্তু অর্থাৎ ব্রহ্মকে স্থী-কার না করিলে হইতে পারে নাই যেমন ঘটের কারণ দণ্ডচক্রাদি থাকি-লেও কুস্তকার ব্যতিরেকে ঘট জন্মিতে পারে না॥ ১৯॥ উত্তরোৎপাদে পূর্ব্বনিরোধাৎ।। ২০।। ক্ষণিক মতে যাবৎ বস্তু ক্ষণিক হয় এমত স্থীকার করিলে পরক্ষণে যে কার্য্য হইবেক তাহার পূর্ব্বক্ষণে ধ্বংস হয় এমত স্বী-কার করিতে হইবেক অতএব হেতু বিশিষ্ট কার্য্যের উৎপত্তি হইতে পারে নাই এই দোষ ওমতে জন্মে॥ ২০॥ অসতি প্রতিক্রোপরোধোযৌগপদ্য-মন্যথা।। ২১।। যদি কহ হেতু নাই অথচ কার্য্যের উৎপত্তি হয় এমত কহিলে তোমার এপ্রতিজ্ঞা যে যাবৎ কার্য্য সহেতুক হয় ইহা রক্ষা পায় না আর যদি কহ কার্য্য কারণ তুই একক্ষণে হয় তবে তোমার ক্ষণিক মত অর্থাৎ কার্য্যের পূর্ব্বক্ষণে কারণ পরক্ষণে কার্য্য ইহা রক্ষা পাইতে পারে নাই।। ২১।। বৈনাশিকের মত যে এই সকল ক্ষণিক বন্তুর ধ্বংস অবস্থ বিশ্ব সংসার কেবল আকাশময় সে আকাশ অস্পন্ত রূপ একারণ বিচার ,যোগ্য হয় না ঐ মতকে নিরাকরণ করিতেছেন। প্রতিসংখ্যাপ্রতিসংখ্যা-निर्द्धार्थाश्रीक्षेत्रविष्ठमार ॥ २२ ॥ मामाना ज्ञात्नत हाता ववः विरम्ध জ্ঞানের দ্বারা দকল বস্তুর নাশের সম্ভাবনা হয় না যেহেতু যদ্যপিও প্রত্যেক ঘট পটাদি বস্থুর নাশ সম্ভব হয় তথাপি বুদ্ধি রুত্তিতে যে ঘট পটাদি পদার্থের ধারা চলিতেছে তাহার বিচ্ছেদের সম্ভাবনা নাই।। ২২ ॥ বৈনাশিকেরা যদি কহে সামান্য জ্ঞানের কিন্তা বিশেষ জ্ঞানের দারা নাশ

ব্যতিরেকে যে সকল বস্তু দেখিতেছি সে কেবল ভ্রান্তি বে হেডু ব্যক্তি সকল ক্ষণিক আর মূল মৃত্তিকা আদিতে মৃত্তিকাদি ঘটিত সকল বস্তু লীন হয় তাহার উত্তর এই। উভয়থা চ দোষাং॥ ২৩॥ ভ্রান্তির নাশ ছুই প্রকারে হয় এক যথার্থ জ্ঞান হইলে ভ্রান্তি দুর হয় দ্বিতীয়ত স্বয়ং নাশকে পার। জ্ঞান হইতে যদি ভ্রান্তির নাশ কহি তবে বৈনাশিকের মত বিরুদ্ধ হয় যে হেতু তাহারা নাশের প্রতি হেতু স্বীকার করে নাই যদি বল স্বয়ং নাশ হয় তবে ভ্রান্তি শব্দের কথন ব্যর্থ হয় যেহেতু তুমি কহ নাশ আর তম্ভিম ভ্রান্তি এই ফুই পদার্থ তাহার মধ্যে ভ্রান্তির স্বয়ং দাশ স্বীকার করিলে ছুই পদার্থ থাকে না অতএব উভয় প্রকার মতে বৈনাশিকের মতে **দোষ হয়।। ২৩।। আকাশে চাবিশেষাৎ।।২৪।। যেমন পৃথিব্যাদিতে গদ্ধাদি** গুণ আছে সেই রূপ আকাশেতেও শব্দ গুণ আছে এমত কোন বিশেষণ नाहे य আকাশকে পৃথক স্বীকার করা যায়।\ ২৪।। অনুষ্যুতঞ্চ।। ২৫।। আত্মা প্রথমত বস্তুর অন্তুত্তব করেন পশ্চাৎ স্মরণ করেন যদি আত্মা ক্ষণিক হইতেন তবে আত্মার অহুভবের পর বস্তুর শ্বৃতি থাকিত নাই।।২৫।। নাদতো হ দৃষ্টবাং ॥ ২৬ ॥ কণিক মতে যদি কহ যে অসং হইতে সৃষ্টি হইতেছে এমত সম্ভব হয় না যে হেতু অসৎ হইতে বস্তুর জন্ম কোথায় দেখা যায় না॥ ২৬॥ উদাদীনানামপি চৈবং ট্রান্ধি:॥ ২৭॥ অসৎ হইতে যদি কার্য্যের উৎপত্তি হয় এমত বল তবে যাহারা কখন কৃষি কর্ম্ম করে নাই এমত উদাসীন লোককে ক্বৰি কৰ্মের কন্তা কহিতে পারি বন্ধত এই हुरे अर्थिमिक ॥ २१॥ कान कानिक वलन य माकांत्र कानिक विकान অর্থাৎ জীবাভাস এই ভিন্ন অন্য বস্তু নাই এমতকে দিরাস করিতেছেন। নাভাবউপলব্ধে:।। ২৮।। বৌদ্ধ মতে বিজ্ঞান ভিন্ন বস্তুর যে অভাব কছে সে অভাব অপ্রসিদ্ধ যে হেতু ঘট পটাদি পদার্থের প্রত্যক্ষ উপলব্ধি হই-তেছে। আর এই স্বত্তের দ্বারা শূন্যবাদিকেও নিরাস করিতেছেন তখন সত্তের এই অর্থ হইবেক যে ৰিজ্ঞান আর অর্থ অর্থাৎ ঘট পটাদি পদার্থের অভাব নাই যেহেতু ঘট পটাদি পদার্থের সাক্ষাৎ উপলব্ধি হইতেছে ॥২৮॥ বৈধৰ্ম্মাচ্চ ন স্বপ্নাদিবৎ ॥ ২৯ ॥ যদি কহ স্বপ্নেতে বেমন বিজ্ঞান ভিন্ন বস্তু থাকে না সেই মত জাগ্রৎ অবস্থাতেও বিজ্ঞান ব্যক্তিরেক বস্তু নাই ্ষাবৰস্তু বিজ্ঞান কম্পিত হয় তাহার উত্তর এই স্বপ্নেতে যে বস্তু দেখা

ষায় সে দকল বস্তু বাধিত অর্থাৎ অস্থলগ্ন হয় জাগ্রৎ অবস্থার বস্তু বাধিত হয় নাই অতএব স্বপ্লাদির ন্যায় জাগ্রৎ অবস্থা নহে যে হেতু জাগ্রৎ অবস্থাতে এবং স্বপ্পাবস্থাতে বৈধর্ম্য অর্থাৎ তেদ দেখি-তেছি। শূন্যবাদীর মত নিরাকরণ পক্ষে এই স্থক্তের এই অর্থ হয় যে স্বপ্নাদিতে অর্থাৎ স্ববৃপ্তিতে কেবল শূন্য মাত্র থাকে ঐ প্রকারে জাগ্রৎ অবস্থাতেও বিচারের দ্বারা শূন্য মাত্র রহে তদতিরিক্ত বস্তু নাই এমত কহা যায় না যে হেতু স্বৃপ্তিতেও আমি স্থী কু:খী ইত্যাদি জ্ঞান হই-তেছে অতএব স্থুস্পিতেও শূন্যের বৈধর্ম্মা অর্থাৎ ভেদ আছে।।২৯।। ন ভাবোহনুপলকেঃ।। ৩০।। যদি কহ বাসনা দ্বারা ঘটাদি পদার্থের উপ-লব্ধি হইতেছে তাহার উত্তর এই বাসনার সম্ভব হইতে পারে নাই বে হেতু বাসনা লোকেতে পদার্থের অর্থাৎ বস্তুর হয় তোমার মতে পদার্থের অভাব মানিতে হইবেক অতএব স্থতরাং বাসনার অভাব হইবেক। শূন্যবাদীর মক্ত নিরাকরণ পক্ষে এ স্ক্তের এই অর্থ হয় যে শূন্যকে যদি স্থাকাশ বল তবে শূন্যকে ব্ৰহ্ম নাম দিতে হয় যদি কহ শূন্য স্থাকাশ নয় তবে তাহার প্রকাশ কর্তার অঙ্গীকার করিতে হইবেক কিন্তু বস্তুত ভাহার প্রকাশ কর্তা নাই যে হেতু তোমার মতে পদার্থ মাত্রের উপলব্ধি নাই।। ৩০।। ক্ষণিকত্বাৎ।। ৩১।। যদি কহ আমি আছি আমি নাই ইত্যাদি অমুভৰ যাৰজ্জীবন থাকে ইহাতেই উপলব্ধি হইতেছে যে বাসনা জীবের ধর্ম হয় তাহার উত্তর এই আমি এই ইত্যাদি অহুভবও তোমার মতে ক্ষণিক তবে তাহার ধর্মেরো ক্ষণিকত্ব অঙ্গীকার করিতে হয় শূন্যবাদী মতে কোন স্থানে বস্থার ক্ষণিক হওয়া স্বীকার করিলে তাহার শূন্যবাদ বিরোধ হয় ॥ ৩১ ॥ সর্ব্ববান্পপত্তেশ্চ ॥ ৩২ ॥ পদার্থ নাই এমত কর্থন দর্শনাদি প্রত্যক্ষের দ্বারা সর্বব প্রকারে অসিদ্ধ হয়।। ৩২।। অস্তি নাস্তি ইত্যাদি অনেক বস্তুকে বিবসনেরা অর্থাৎ বৌদ্ধ বিশেষেরা অঙ্গীকার করে এমতে বেদের তাৎপর্য্য এক বস্তুকে অর্থাৎ ব্রহ্মকে প্রতিপাদন করা তাহার বিরোধ হয় এ সন্দেহের উত্তর এই। নৈকশিল্পসম্ভবাৎ।। ৩৩।। এক সত্য বন্ধ ব্রহ্ম তাহাতে নানা বিরুদ্ধ ধর্মের অঙ্গীকার করা সম্ভব হয় না অতএব নানা বস্তা বাদির মত বিরুদ্ধ হয় তবে জগতের যে নানা রূপ দেখি তাছার কারণ এই জগৎ মিখ্যা তাহার রূপ মায়িক মাত্র।। ৩৩।।

এবঞ্চাষ্দ্রो কার্ৎস্প্রাং।। ৩৪।। যদি কহ দেহের পরিমাণের অনুসারে আত্মার পরিমাণ হয় তাহার উত্তর এই দেহকে যেমন পরিচ্ছিন্ন অর্থাৎ পরিমিত স্বীকার করিতেছ দেই রূপ আত্মাকেও পরিচ্ছিন্ন স্বীকার যদি করহ তবে ঘট পটাদি যাবৎ পরিচ্ছিন্ন বস্তু অনিত্য দেখিতেছি সেই মত আত্মারো অনিত্য হওয়া দোষ মানিতে হইবেক ॥ ৩৪॥ ন চ পর্য্যায়াদপ্যবিরোধোবি-কারাদিভ্যঃ।। ৩৫।। আত্মাকে যদি বৈদান্তিকেরা এক এবং অপরিমিত কহেন তবে সেই আত্মা হস্তিতে এবং পিপীলিকাতে কি রূপে ব্যাপক হইয়া থাকিতে পারেন অতএব পর্যামের দারা অর্থাৎ বড় স্থানে বড় হওয়া ছোট স্থানেছোট হওলা এই রূপ আত্মার পৃথক পৃথক গমন স্বীকার করিলে বিরোধ হইতে পারে না এমত দোষ বেদাস্ত মতে যে দেয় তাহার মত অগ্রাহ্ম যেহেতু আত্মার হ্রাস রহ্মি এমতে অঙ্গীকার করিতে হয় আর যাহার হ্রাস রদ্ধি আছে তাহার ধ্বংস স্বীকার করিতে হইবেক॥ ৩৫॥ অন্ত্যাবস্থিতেশ্চোভয়নিত্যস্থাদবিশেষঃ॥ ৩৬॥ জৈনেরা কহে যে মুক্ত আত্মার শেষ পরিমাণ মহৎ কিম্বা স্ক্রম হইয়া নিত্য হইবেক ইহার উত্তর এই দৃষ্টাস্তামুদারে অর্থাৎ শেষ পরিমাণের নিত্যতা স্বীকার করিলে আদি পরিমাণের এবং মধ্য পরিমাণের নিত্যত। স্বীকার করিতে হয় যেহেতু অন্ত্য পরিমাণ নিত্য হইলে পরিমাণের উৎপত্তির অভাব হয় এই হেতু অন্ত্য পরিমাণের আদি মধ্য পরিমাণের সহিত বিশেষ রহিল নাই অতএব সিদ্ধান্ত এই যে এক আত্মার পরিমাণান্তরের সম্ভাবনা না থাকিলে শরী-রের স্ব প্রমতা লইয়া আত্মাব পরিমাণ হয় না।। ৩৬।। যাহারা কছে ঈশ্বর নিমিত্ত কারণ হয়েন উপদান কারণ নহেন তাহারদিগ্ণের মত ' নিরাকরণ করিতেছেন॥ পত্যুরসামপ্ত্রুস্যাৎ॥ ৩৭॥ যদি ঈশ্বরকে জগ-তের কেবল নিমিত্ত কারণ বল তবে কেহ স্থাী কেহ ছুষ্থাী এ রূপ দৃষ্টি হইবাতে পতির অর্থাৎ ঈশ্বরের রাগ দ্বেশ উপলব্ধি হইয়া সামপ্রস্যু থাকে না বেদান্ত মতে এই দোষ হয় না যেহেতু বেদে কহিয়াছেন ব্ৰহ্ম জগৎ স্বরূপে প্রতীত হইতেছেন তাঁহার রাগ দ্বেষ আত্ম স্বরূপ জ্বগতে স্বীকার করিতে হয় নাই যেহেতু আপনার প্রতি কাহারো অসামঞ্জুস্য থাকে না॥ ৩৭॥ সম্বন্ধারূপপত্তে শচ্॥ ৩৮॥ ঈশ্বর নিরবয়ব তাহাতে অপ-রকে প্রেরণ করিবার সম্বন্ধ থাকে না অর্থাৎ নিরবয়ব বস্তু অপরকে প্রেরণ

কারতে পারে না অতএব জগতের কেবল নিমিত্ত কারণ ঈশ্বর নহেন।।৩৮।। অধিষ্ঠানাত্মপপত্তেশ্চ ॥ ৩৯॥ ঈশ্বর কেবল নিমিত্ত কারণ হইলে তাঁহার অধিষ্ঠান অর্থাৎ ঈশ্বরের প্রেরণা প্রধানাদি জড়েতে সম্ভব হইতে পারে নাই।। ৩৯।। করণাচেজ ভোগাদিভাঃ॥ ৪০॥ যদি কহ যেমন জীব ইক্রি-য়াদি জড়কে প্রেরণ করেন সেই রূপ প্রধানাদি জড়কে ঈশ্বর প্রেরণ কবেন তাহাতে উত্তর এই যে ঈশ্বর পৃথক হইয়া জড়কে প্রেরণ করেন এমত স্বীকার করিলে জীবের ন্যায় ঈশ্বরের ভোগাদি দোষের সম্ভাবনা इयु ॥ 8° ॥ অञ्चवद्यममर्व्यञ्ज्ञा वा ॥ 8> ॥ क्रेश्वत्वक् यि कह य श्रधाना-দিকে পরিচ্ছিত্র অর্থাৎ পরিমিত করিয়াছেন তবে ঈশ্বরের অস্তবত্ব অর্থাৎ বিনাশ স্বীকার করিতে হয় যেমন আকাশের পরিচ্ছেদক ঘট অতএব তাহার নাশ দেখিতেছি যদি কহ ঈশ্বর প্রধানের পরিমাণ করেন না তবে এমতে ঈশ্বরের সর্ববিজ্ঞত্ব থাকে নাই অতএব উভয় প্রকারে এইমত অসিদ্ধ হয়।। ৪১।। ভাগবতেরা কহেন বাস্থদেব হইতে সম্বর্ধণ জীব সম্বর্ধণ হইতে প্রত্নায় মন প্রত্নায় হইতে অনিক্লব্ধ অহঙ্কার উৎপন্ন হয় এমত নহে।। উৎপত্তাসম্ভবাৎ ॥ ৪২ ॥ জীবের উৎপত্তি অঙ্গীকার করিলে জীবের ঘট পটাদের ন্যায় অনিভাত্ব স্বীকার করিতে হয় তবে পুনঃ পুনঃ জন্ম বিশিষ্ট যে জীব তাহাতে নির্বাণ মোক্ষের সম্ভাবনা হয় না॥ ৪২॥ ন চ কর্ত্রঃ-করণং।। ৪৩।। ভাগবতেরা কহেন সঙ্কর্ষণ জীব হইতে মনরূপ করণ জন্মে সেই মনরূপ করণকে অবলম্বন করিয়া জীব সৃষ্টি করে এমত কছিলে সেমতে দোষ জম্মে যে হেতু কর্ত্তা হইতে করণের উৎপত্তি কদাপি হয় নাই যেমন কস্তকার হইতে দণ্ডাদের উৎপত্তি হয় না॥ ৪৩॥ বিজ্ঞানাদিভাবে বা তদপ্রতিষেধঃ।। ৪৪।। সঙ্কর্ষণাদের এমতে বিজ্ঞানের স্বীকার করিতেছ অতএব যেমন বাস্থদেব বিজ্ঞান বিশিষ্ট সেই রূপ সন্ধর্ণাদিও বিজ্ঞান বিশিক্ট হইবেন তবে বাস্থদেবের ন্যায় সন্ধর্ণাদেরো উৎপত্তি সম্ভাবনা থাকে না অতএব এমত অগ্ৰাছ।। ৪৪॥ বিপ্ৰতিষেধাক ॥ ৪৫॥ ভাগৰ-তেরা কোন স্থলে বাস্থদেবের সহিত সঙ্কর্যণাদের অভেদ কহেন কোন স্থলে ভেদ কহেন এই রূপ পরস্পর বিরোধ হেতুক এমত অগ্রাছ।। ৪৫।। ইতি দ্বিতীয়াধ্যায়ে দ্বিতীয়: পাদ:।।

ওঁ তৎসং।। ছান্দোগ্য উপনিষদে কহেন যে তেজ প্রভৃতিকে বন্ধ সৃষ্টি করিয়াছেন তাহার মধ্যে আকাশের কথন নাই অন্য শ্রুতিতে কহেন যে আকাশ উৎপন্ন হইয়াছে এই রূপ শ্রুতির বিরোধ দেখিতেছি এই मत्मारवत छेशत वामी किराउट ॥ न विश्वमारा ॥ । विश्व वर्षा । আকাশ তাহার উৎপত্তি নাই যে হেতু আকাশের জন্ম বেদে পাওয়া যায় নাই॥ ১॥ বাদীর এই কথা শুনিয়া প্রতিবাদী কহিতেছে॥ অস্তি তু ॥২॥ বেদে আকাশের উৎপত্তি কথন আছে তথাহি আত্মন আকাশ ইতি অর্থাৎ আত্মা হইতে আকাশ জিনায়াছে ॥২॥ ইহাতে পুনরায় বাদী কহিতেছে॥ গৌণ্যসম্ভবাৎ ॥ ৩ ॥ আকাশের উৎপত্তি কথন যেখানে বেদে আছে সে মুখ্য নহে কিন্তু গৌণ অর্থাৎ উৎপত্তি শব্দ হইতে প্রকাশের তাৎপর্য্য হয় যেহেতু নিত্য যে আকাশ তাহার উৎপত্তি সম্ভব হইতে পারে নাই॥ ৩॥ শব্দাক্ত।। ৪।। বায়ুকে এবং আকাশকে বেদে অমৃত করিয়া কহিয়াছেন অতএব অমৃত বিশেষণ দ্বারা আকাশের উৎপত্তির অঙ্গীকার কবা যায় নাই।। ৪।। স্যাচৈকস্য ব্ৰহ্মশব্দবৎ।। ৫।। প্ৰতিবাদী সন্দেহ করে যে একই ঋচাতে আকাশের জন্ম যখন কহিবেন তথন গৌণার্থ লইবে যখন তেজা-দির উৎপত্তিকে কহিবেন তখন মুখার্থ লইবে এমত কি রূপে হইতে পারে ইহার উত্তর বাদী করিতেছে যে একই উৎপত্তি শব্দের এক স্থলে গৌণত্ব মুখ্যত্ব ছুই হুইতে পারে যেমন ব্রহ্ম শব্দের প্রমাত্মা বিষয়ে মুখ্য অন্নাদি বিষয়ে গৌণ স্বীকার আছে। গৌণ তাহাকে কহি যে প্রসিদ্ধার্থের সদৃশার্থকে কহে।। ৫।। এখন বাদী প্রতিবাদীর বিরোধ দেখিয়া মধ্যস্থ কহিতেছেন। প্রতিজ্ঞাহানিরব্যতিরেকাচ্ছব্দেভ্যঃ॥ ৬॥ ব্রন্দের সহিত সমুদায় জগতের অব্যতিরেক অর্থাৎ অভেদ আছে এই নিমিত্তে ব্রঙ্গেব ঐক্য বিষয়েতে এবং এক ব্রহ্মজান হইলে সকল জগতের জ্ঞান হয় এবিষ-য়েতে যে প্রতিজ্ঞা বেদে করিয়াছেন আকাশকে নিতা স্বীকার করিলে ঐ প্রতিজ্ঞার হানি হয় যে হেতু ব্রহ্ম আর আকাশ এমতে ছুই পুথক নিত্য হইবেন তবে ব্রহ্মজ্ঞান হইলে আকাশের জান হইতে পারে নাই॥৬॥ এখন সি**দ্ধান্তী** বিরোধের সমাধান করিতেছেন।। যাবদ্বিকারন্ত বিভাগো-लाकवर ॥ १ ॥ आकामानि यावर विकात इंटेर उत्मात विভाग अर्थार

ভেদ আছে যেহেতু আকাশাদের উৎপত্তি আছে ব্রহ্মের উৎপত্তি নাই যেমন লোকেতে ঘটাদের স্ঠিতে পৃথিবীর স্ঠির অঙ্গীকার করা যায় না তবে যদি বল তেজাদের স্থাটি ছান্দোগ্য কহিয়াছেন আকাশের কহেন নাই ইহার সমাধা এই আকাশাদের স্ঠির পরে তেজাদের স্ঠি হইয়াছে এই অভিপ্রায় ছান্দোগ্যের হয় আর যদি বল শ্রুতিতে বায়ুকে এবং আকা-শকে অমৃত কহিয়াছেন তাহার সমাধা এই পৃথিবী প্রভৃতির অপেকা করিয়া আকাশ আর বায়ুর অমৃতত্ব অর্থাৎ নিত্যত্ব আছে।। ৭।। এতেন মা-তরিখা ব্যাখ্যাতঃ ॥ ৮ ॥ এই রূপ আকাশের নিত্যতা বারণের দ্বারা মাতরিখা অর্থাৎ বায়ুর নিত্যত্ব বারণ করা গেল যেছেতু তৈত্তিরীয়তে বায়ুর উৎপত্তি কহিয়াছেন আর ছান্দোগ্যেতে অমুৎপত্তি কহিয়াছেন অত-এব উভয় শ্রুতির বিরোধ পরিহারের নিমিত্তে নিত্য শব্দের গৌণতা আর উৎপত্তি শব্দের মুখ্যতা স্বীকার করা যাইবেক॥৮॥ শ্রুতিতে কহিয়া-ছেন যে হে ব্ৰহ্ম তুমি জন্মিতেছ এবং জন্মিয়াছ অতএব ব্ৰহ্মের জন্মপাওয়া যাইতেছে এমত নহে।। অসম্ভবন্ধ স্বতোহনুৎপত্তিঃ।। ৯।। সাক্ষাৎ সদ্ধপ ব্রন্মের জন্ম সজ্রূপ ব্রহ্ম হইতে সম্ভব হয় নাই যেহেতু ঘটত্ব জাতি হইতে ঘটত্ব জাতি কি রূপে হইতে পারে তবে বেদে ব্রুক্ষের যে জন্মের কথন আছে সে ঔপাধিক অর্থাৎ আরোপণ মাত্র।। ১।। এক বেদে কহিতেছেন যে ব্রহ্ম হইতে তেজের উৎপত্তি হয় অন্য শ্রুতি কহিতেছেন যে বায়ু হইতে তেজের উৎপত্তি হয় এই ছুই বেদের বিরোধ হয় এমত নহে।। তেজোহতস্তথা হাহ।। ১০॥ বায়ু হইতে তেজের জন্ম হয় এই শ্রুতিতে কহিতেছেন তবে যেথানে ব্রহ্ম হইতে তেজের জন্ম কহিয়াছেন সে বায়ুকে ব্রহ্ম রূপে বর্ণন মাত্র॥ ১০॥ এক শ্রুতিতে কহিয়াছেন যে ব্রহ্ম হইতে জলের উৎপত্তি অন্য শ্রুতিতে কহিয়াছেন তেজ ইহতে জলের উৎপত্তি অতএব উভয় শ্রুতিতে বিরোধ হয় এমত নহে।। আপঃ।। ১১।। অগি হই-তেই জলের উৎপত্তি হয় তবে ত্রন্ম হইতে জলের উৎপত্তি যে কহিয়াছেন সে অগ্নিকে ব্রহ্ম রূপাভিপ্রায়ে কহেন ॥ ১১ ॥ বেদে কহেন জল হইতে অন্নের জন্ম দে অন্ন শব্দ হইতে পৃথিবী ভিন্ন অন্ন রূপ থাদ্য সামগ্রী তাৎ-পর্য্য হয় এমত নহে।। পৃথিব্যধিকাররূপশব্দাস্তরেভ্যঃ।। ১২।। অন্ধ শব্দ

হইতে পৃথিবী কেবল প্রতিপান্য হয় যে হেতু অন্য শ্রুতিতে অন্ধ শব্দেতে পৃথিবী নিরূপণ করিয়াছেন॥ ১২॥ আকাশাদি পঞ্ভূতেরা আপনার আপনার সৃষ্টি করিতেছে ব্রন্ধকে অপেক্ষা করে না এমত নহে। তদ-ভিধ্যানাদেব তল্লিকাৎ সং॥ ১৩॥ আকাশাদি হইতে স্ঠি যাহা দেখিতেছি তাছাতে সঙ্কপ্পের দ্বারা ত্রহ্মই স্রস্টা হয়েন যে হেতু স্থক্টি বিষয়ে ব্রহ্মের প্রতিপাদক শ্রুতি দেখিতেছি॥১৩॥ পঞ্চভুতের পরস্পর লয় উৎপত্তির ক্রমে হয় এমত কহিতে পারিবে না। বিপর্যায়েণ তু ক্রমোহতউপপদ্যতে চ।।১৪।। উৎপত্তি ক্রমের বিপর্যায়েতে লয়ের ক্রম হয় যেমন আকাশ হইতে বায়ুর জন্ম হয় কিন্তু লয়ের সময় আকাশেতে বায়ু লীন হয় যে হেতু কারণে অর্থাৎ পৃথিবীতে কার্য্যের অর্থাৎ ঘটের নাশ সম্ভব হয় কার্য্যে কারণের নাশ সম্ভব নহে।। ১৪।। এক স্থানে বেদে কহিতেছেন ব্ৰহ্ম হইতে প্ৰাণ মন সর্ব্বেক্তিয় আর আকাশাদি পঞ্চত জন্মে দ্বিতীয় শ্রুতিতে কহিতেছেন যে আত্মা হইতে আকাশাদি ক্রমে পঞ্চূত হইতেছে অতএব তুই শ্রুতিতে স্ফির ক্রম বিরুদ্ধ হয় এই বিরোধকে পর স্কুত্রে সমাধান করিতেছেন। অন্তরা বিজ্ঞানমনদী ক্রমেণ তল্লিসাদিতি চেল্লাবিশেষাৎ।। ১৫।। বিজ্ঞান শব্দে জ্ঞানেক্রিয় প্রতিপাদ্য হয় সেই জ্ঞানেক্রিয় আর মন ইহারদিগের স্থায়ী আকাশাদি স্টির অন্তরা অর্থাৎ পূর্ণের হয় এই রূপ ক্রম শ্রুতির দ্বারা দেখিতেছি এমত কহিবে না যে হেতু পঞ্ভূত হইতে জ্ঞানেন্দ্রিয় আর মন হয় অতএব উৎপত্তি বিষয়েতে মন আর জ্ঞানেন্দ্রিয়ের ক্রমের কোন বিশেষ নাই যদি কহ যে শ্রুতিতে কহিয়াছেন ব্রহ্ম হইতে প্রাণ মন আর জ্ঞানে-শ্রিয় উৎপন্ন হয় তাহার সমাধা কি রূপে হয় ইহাতে উত্তর এই যে শ্রুতি-তে স্টির ক্রম বর্ণন করা তাৎপর্য্য নহে কিন্তু ব্রহ্ম হইতে সকল বস্তুর উৎপত্তি হওয়াই তাৎপর্যা॥ ১৫॥ যদি কহ জীব নিত্য তবে তাহার জাতকর্মাদি কি রূপে শাস্ত্র সন্মত হয়।। চরাচরব্যপাশ্রয়স্তু স্যাৎ তদ্ব্যপদে-শোভাক্তস্তাবভাবিত্বাৎ।। ১৬।। জীবের জন্মাদি কথন স্থাবর জন্ম **एम्टरक व्यवलग्रन क**तिया किट्रिट्टिम जीव विषय एय ज्यापि किट्याट्म সে কেবল ভাক্ত মাত্র যেহেতু দেহের জন্মাদি লইয়া জীবের জন্মাদি কহা যায় অতএব দেহের জন্মাদি লইয়া জাতকর্মাদি উৎপন্ন হয়।। ১৬।। বেদে

কহিতেছেন যে ব্ৰহ্ম হইতে জীবের উৎপত্তি হয় অতএব জীব নিত্য নহে। নাম্বাক্রতের্নি ত্যম্বাক্ত তাভ্যঃ॥ ১৭॥ আত্মা অর্থাৎ জীবের উৎপত্তি নাই যে হেতু বেদে এমত প্রবণ নাই আর অনেক শ্রুতিতে কহিয়াছেন যে জীব নিত্য যদি কহ ব্ৰহ্ম হইতে জীব সকল জিম্মায়েছে এই শ্রুতির সমাধান কি ইহার উত্তর এই সেই শ্রুতিতে দেহের জন্ম লইয়া জীবের জন্ম কহিয়া-ছেন॥ ১৭॥ বেদে কহেন জীব দেখেন এবং জীব শুনেন এপ্রযুক্ত জীবের জ্ঞান জন্য বোধ হইতেছে এমত নহে। জ্ঞোহতএব॥ ১৮॥ জীব জ্ঞ অর্থাৎ স্বপ্রকাশ হয় যে হেতু জীবের উৎপত্তি নাই যদি কহ তবে আধুনিক দৃষ্টি কর্ত্তা শ্রবণ কর্ত্তা জীব কি রূপে হয় তাহার উত্তর এই জীবের শ্রবণ এবং দর্শনের শক্তি নিত্য আছে তবে ঘট পটাদের আধুনিক প্রত্যক্ষ লইয়া-জীবের দর্শন অবণের আধুনিক ব্যবহার হয়॥ ১৮॥ স্ত্যুপ্তি সময়ে জীবের জ্ঞান থাকে না এমত কহিতে পারিবে নাই। যুক্তেশ্চ ॥১৯॥ নিজার পর আমি স্থথে স্থইয়া ছিলাম এই প্রকার ম্মরণ হওয়াতে নিজাকা-লেতে জ্ঞান থাকে এমত বোধ হয় যেহেতু পূর্ব্বে জ্ঞান না থাকিলে পশ্চাৎ স্মারণ হয় না।। ১৯।। শ্রুতিতে কহিয়াছেন জীব জুদ্র হয় ইহাকে অবলম্বন করিয়া দশ পর হত্তে পূর্ব্ব পক্ষ করিতেছেন যে জীবের ফুদ্রতা স্বীকার করিতে হয়।। উৎক্রান্তিগত্যাগতীনাং।। ২০।। এক বেদে কছেন দেছ ত্যাগ করিয়া জীবের উর্দ্ধগতি হয় আর দ্বতীয় বেদে কহেন জীব চক্রলোকে যান তৃতীয় বেদে কহেন পরলোক হইতে পুনর্স্বার জীব আইদেন এই তিন প্রকার গমন শ্রবণের দ্বারা জীবের ক্ষুদ্রতা বোধ হয় ॥ ২০॥ যদি কহ দেহের সহিত যে অভেদ জ্ঞান জীবের হয় তাহার ত্যাগকে উৎক্রমণ কহি সেই উৎক্রণ জীবে সম্ভব হয় কিন্তু গমন পুনরাগমন জীবেতে সম্ভব হয় নাই যে হেতু গমনাগমন দেহ সাধ্য ব্যাপার হয় তাহার উত্তর এই।। याजाना टाउ जरहा: ॥ २১ ॥ यकीय युक्त निक्र भंतीरतत हाता जीरवत गम-নাগমন সম্ভব হয় ॥ ২১ :।। নাণ রতৎশ্রুতেরিতি চেন্ন ইতরাধিকারাৎ ॥২২।। यिन कह जीव क्या नरह रारहिकू तरम जीवरक महान कहिशास्त्रन धमछ কহিতে পারিবে না কারণ এই যে শ্রুতিতে জীবকে,মহান কহিয়াছেন সে শ্রুতির তাৎপর্য্য ব্রহ্ম হয়েন।। ২২।। স্বশন্দোন্মানাজ্যাঞ্চ।। ২৩।। জীবের

প্রতিপাদক যে দকল শ্রুতি তাহাকে স্বশব্দ কহেন আর জীবের পরিমাণ ক্লুরেন যে শ্রুতিতে তাহাকে উন্মান কহেন এই স্বশব্দ আর উন্মানের দ্বারা জीবের कु<u>ज्र</u>ाच दाध हरेटाउट ॥ २०॥ अविदाध**म्य म**नव ॥ २८॥ मंत्रीदात এক অঙ্গে চন্দন লেপন করিলে সমুদায় দেহে স্থখ হয় সেই রূপ জীব ক্ষুদ্র হইয়াও সকল দেহের স্থুখ তুঃখ অমুভব করেন অতএব ক্ষুদ্র হইলেও বিরোধ নাই।। ২৪।। অবস্থিতিবৈশেষ্যাদিতি চেন্নাভ্যুপগমান্ধূদি হি।।২৫।। চন্দন স্থান ভেদে শীতল করে কিন্তু জীব সকল দেহব্যাপা যে স্থথ তাহার জ্ঞাতা হয় অতএব জীবের মহত্ব স্বীকার যুক্ত হয় এমত কহিতে পারিবে নাই যেহেতু অপ্প স্থান হৃদয়েতে জীবের অবস্থান হয় এমত শ্রুতি শ্রুব-ণের দ্বারা জীবকে ক্ষুদ্র স্বীকার করিতে হইবেক।। ২৫।। গুণাদ্বালোক-বং।। ২৬।। জীব যদাপি ক্ষুদ্র কিন্তু জ্ঞান গুণের প্রকাশের দ্বারা জীব ব্যাপক হয় যেমন লোকে অণ্প প্রদীপের তেজের ব্যাপ্তির দ্বারা সমুদায় গৃহের প্রকাশক দীপ হয়॥ ২৬॥ ব্যতিরেকোগন্ধবৎ॥২৭॥ জীব হইতে জ্ঞানের আধিক্য হওয়া অযুক্ত নয় যেহেতু জীবের জ্ঞান সর্ব্বথা ব্যাপক হয় যেমন প্রস্প হইতে গদ্ধের দূর গমনে আধিক্য দেখিতেছি॥ ২৭॥ তথা চ দর্শয়তি ॥ ২৮ ॥ জীব আপনার জ্ঞানের দ্বারা ব্যাপক হয় এমত শ্রুতিতে দেখাইতেছেন ॥ ২৮ ॥ পৃথগুপদেশাৎ ॥ ২৯ ॥ বেদে কহিতেছেন জীব জ্ঞানের দ্বারা দেহকে অবলম্বন করেন অতএব জ্বীব কর্ত্তা হইলেন জ্ঞান করণ হইলেন এই ভেদ কথনের হেতু জানা গেল যে জীব জ্ঞানের দ্বারা ব্যাপক হয় বন্ধত কুদ্র ॥ ২৯॥ এই পর্যান্ত বাদীর মতে জীবের কুদ্রতা স্থাপন হইল। এখন সিদ্ধান্ত করিতেছেন । তদ্গুণসারত্বান্ত্র তদ্বাপদেশঃ, প্রাক্তবৎ।।৩০। বুদ্ধের অণুত্ব অর্থাৎ ক্ষুদ্রত্ব গুণ লইয়া জীবের ক্ষুদ্রতা কথন হইতেছে যে হেতু জীবেতে বুদ্ধির গুণ প্রাধান্য রূপে থাকে যেমন প্রাজ্ঞকে অর্থাৎ পরমাক্সাকে উপাসনার নিমিত্ত উপাধি অবলম্বন করিয়া ক্ষুদ্রে করিয়া বেদে কহেন বস্তুত পরমাদ্ধা ও জীব কেহ কুক্ত নহেন। এই স্বত্তে তু শব্দ শক্ষা নিরাসার্থে হয় ॥৩০॥ যাবদাত্মভাবিত্বাচ্চ ন দোষগুদ্দর্শনাৎ ॥৩১॥ যদি কহ বুদ্ধির কুন্দ্রত ধর্ম জীবেতে আরোপন করিয়া জীবের কুন্দ্রত ক্ৰেন তবে ষথন স্বষ্ঠি সময়ে বুদ্ধি না থাকে তখন জীবের মৃক্তি কেন

নাহয় তাহার উত্তর এই এদোষ সম্ভব হয় না যেহেতু যাবৎ কাল জী সংসারে থাকেন তাবৎ বুদ্ধির যোগ তাহাতে থাকে বেদেতে এই মত দে খিতেছি স্কুল দেহ বিয়োগের পরেও বুদ্ধির যোগ জীবেতে থাকে কিন্তু স্রুফ মূল বুদ্ধিযোগের নাশ ব্রহ্ম সাক্ষাৎকার হইলে হয়॥ ৩১॥ পুংস্তাদিবত স্য সতো**২**ভিব্যক্তিযোগাৎ ॥ ৩২ ॥ স্ব্স্প্তিতে বুদ্ধির বিয়োগ জীব হইতে হয় না যে হেতু যেমন শরীরেতে বাল্যাবস্থায় পুরুষত্ব এবং স্ত্রীত্ব সংক্ষম রূপে বর্ত্তমান থাকে যৌবনাবস্থায় ব্যক্ত হয় সেই রূপ স্বষ্ধ্য অবস্থাতে স্ক্রমরূপে বুদ্ধির যোগ থাকে জাগ্রদবস্থায় ব্যক্ত হয়॥ ৩২॥ নিত্যোপল-ক্যমুপলক্ষিপ্রসঙ্গোহন্যতরনিয়মোবান্যথা॥ ৩৩॥ যদি মনকে স্বীকার না কর আর কহ মনের কার্য্যকারিত্ব চক্ষুরাদি ইন্দ্রিয়েতে আছে তবে সকল ইক্ৰিয়েতে এক কালে যাবৎ বস্তুৱ উপলব্ধি দোষ জয়ে যে হেতু মন ব্যতি-রেকে জানের কারণ চক্ষুরাদি সকল ইন্দ্রিয়ের সন্ধিধান সকল বক্সতে আছে যদি কহ জ্ঞানের কারণ থাকিলেও কার্য্য হয় নাই তবে কোন বস্তুর উপ-লিন্ধি না হইবার দোষ জন্মে আর যদি এক ইন্দ্রিয়ের কার্য্যকালে অন্য সকল ইক্রিয়েতে জ্ঞানের প্রতিবন্ধ স্বীকার করহ তবে সর্ব্ব প্রকারে দোষ হয় যে হেতু আত্মা নিত্য চৈতন্যকে জ্ঞানের প্রতিবন্ধক কহিতে পার না সেই রূপ জ্ঞানের কারণ যে ইন্দ্রিয় তাহাকে জ্ঞানের প্রতিবন্ধক কহিতে পারিবে না অতএব জ্ঞানের বাধকের সম্ভব হয় না॥৩৩॥ বেদে কহিতেছেন যে আত্মা কোন বস্তুতে আসক্ত হয়েন না অতএব বিধি নিষেধ আত্মাতে হইতে পারে না বুদ্ধির কেবল কর্তৃত্ব হয় তাহার উত্তর এই। কর্ত্তা শাস্তার্থ-বস্থাৎ॥ ৩৪॥ বস্তুত আত্মা কর্ত্তা না হয়েন কিন্তু উপাধির দ্বারা আত্মা কর্ত্তা হয়েন যে হেতু আত্মাতে কর্তুত্বের আরোপণ করিলে শান্ত্রের সার্থক্য হ্য। ৩৪। বিহারোপদেশাৎ। ৩৫। বেদে কহেন জীব স্বপ্লেতে বিষয়কে ভোগ করেন অতএব জীবের বিহার বেদে দেখিতেছি এই প্রযুক্ত জীব কর্ত্তা হয়েন॥ ৩৫॥ উপাদানাৎ॥ ৩৬॥ বেদে কছেন ইন্দ্রিয় সকলের গ্রহণ শক্তিকে স্বপ্নেতে জীব দইয়া মনের সহিত হৃদয়েতে থাকেন অতএব জীবের গ্রহণ কর্তৃত্ব শ্রাবণ হইতেছে এই প্রযুক্ত জীব কর্ত্তা॥ ৩৬॥ ব্যপ-দেশাচ্চ ক্রিয়ায়াং ন চেন্নির্দ্ধেশবিপর্যায়ঃ ॥ ৩৭ ॥ বেদে কছেন জীব ষজ

করেন অতএব যজাদি ক্রিয়াতে আত্মার কর্তুত্বের কথন আছে অতএব জাড্মা কর্ত্তা যদি আড্মাকে কর্ত্তা না করিয়া জ্ঞানকে কর্ত্তা কহ তবে যেখানে বেদে জ্ঞানের দ্বারা জীব যজ্ঞাদি কর্ম করেন এমত কথন আছে সেখানে জ্ঞানকে করণ না কহিয়া কর্তা করিয়া বেদে কহিতেন। ৩৭। আত্মা যদি अञ्च कर्ता रुखन उत्व अनिक्रे कर्या रुकन करवन देशा उ छेखन भन्न ऋर्ष করিতেছেন॥ উপলব্ধিবদনিয়মঃ॥৩৮॥ যেমন অনিস্ট কর্ম্মের কখন কখন ইফ্টরূপে উপলব্ধি হয় দেই রূপ অনিস্ট কর্মকে ইস্ট কর্ম ভ্রমে জীব করেন ইফ্ট কর্ম্মের ইফ্ট রূপে সর্ববদা উপলব্ধি হইবার নিয়ম নাই ॥ ৩৮ ॥ শক্তিবিপর্যায়াথ। ৩৯। বুদ্ধিকে আত্মা কহিতে পারিবে না যে হেতু वृक्षि छोत्नत कात्र इस वर्षा वृक्षित होता वश्च मकत्व छोन करम दृक्षि-কে জানের কর্তা কহিলে ভাহার করণ অপেক্ষা করে এই হেতু বুদ্ধি জীবের করণ হয জীব নহে ॥ ৩৯ ॥ সমাধাভাবাচ্চ ॥ ৪০ ॥ সমাধি কালে বৃদ্ধি থাকে নাই আর যদি আত্মাকে কর্তা করিয়া স্বীকার না কবহ তবে সমাধির লোপাপত্তি হয় এই হেতু আত্মাকে কর্তা স্বীকার করিতে হই-বেক। চিত্তের রুক্তি নিরোধকে সমাধি কহি ॥৪০॥ যথা চ ত্বকোভয়থা ॥৪১॥ যেমন জক্ষা অর্থাৎ ছুতার বাইদাদি বিশিষ্ট হইলেই কর্ম্ম কর্তা হয় আর বাইসাদি ব্যতিরেকে তাহার কর্ম্ম কর্তৃত্ব থাকে না দেই রূপ বুদ্ধাদি উপাধি বিশিষ্ট হইলে জীবের কর্তৃত্ব হয উপাধি ব্যতিরেকে কর্তৃত্ব থাকে নাই সে অকর্তৃত্ব স্বষ্ধ্রি কালে জীবের হয় ॥৪১॥ সেই জীবের কর্তৃত্ব ঈশ্বরা-ধীন না হয় এমত নহে। পরাত্তু তচ্চুতেঃ ॥৪২॥ জীবের কর্তৃত্ব ঈশ্বরাধীন হয় যে হেতু এমত শ্রুতিতে কহিতেছেন যে ঈশ্বর যাহাকে উৰ্দ্ধাইতে ইচ্ছা করেন তাহাকে উত্তম কর্ম্মে প্রব্লুত করেন ও যাহাকে অধো লইতে **ইচ্ছ। করেন তাহাকে অধম কর্ম্মে প্রায়ত্ত করেন্**॥৪२॥ স্বিশ্বর্যদি কাহাকেও উত্তম কর্মান কাহাকেও অধম কর্ম্ম করান তবে ঈশ্বরের বৈষমা দোগ হয় এমত নহে। ক্লুতপ্ৰয়ত্ত্বাপেক্ষন্ত বিহিতপ্ৰতিষিদ্ধানৈয়ৰ্থ্যাদিভ্যঃ॥৪০॥ ঈখর জীবের কর্মান্তুসারে জীবকে উত্তম অধম কর্মোতে প্রবর্ত্ত করান এই হেতু যে বেদেতে বিধি নিষেধ করিয়াছেন তাহার সাফল্য হয় গদি বল তবে ঈশ্বর কর্ম্মের সাপেক হইলেন এমত কহিতে পারিবে না যে হেতু

যেমন ভোজ বিদ্যার দ্বারা লোক দৃষ্টিতে মারণ বন্ধনাদি ক্রিয়া দেখা যায় বস্তুত যে ভোজ বিদ্যা জানে তাহার দৃষ্টিতে মারণ বন্ধন কিছুই নাই সেই রূপ জীবের স্থখ ছু:খ লৌকিকাভিপ্রায়ে হয় বস্তুত নহে।। ৪৩।। লৌকিকাভিপ্রায়েতেও জীব ঈশবের অংশ নয় এমত নহে। অংশোন। নাব্যপদেশাদন্যথা চাপি দাসকিতবাদিত্বমধীয়তএকে॥ ৪৪॥ জীব ব্রহ্মের অংশের ন্যায় হয়েন যে হেতু বেদে নানা স্থানে জীব ও ব্রহ্মের ভেদ করিয়া কহিতেছেন কিন্তু জীব বস্তুত ত্রন্মের অংশ না হয়েন যে হেতু তত্ত্ব-মসীত্যাদি শ্রুতিতে অভেদ করিয়া কহিতেছেন আর আথর্কণিকেরা ব্রহ্মকে সর্ব্বময় জানিয়া দাস ও শঠকেও ব্রহ্ম করিয়া কহিয়াছেন।। ৪৪।। মন্ত্রব-র্ণাচ্চ।। ৪৫।। বেদোক্ত মন্ত্রের দ্বারাতেও জীবকে অংশের ন্যায় জ্ঞান হয়॥ ৪৫॥ অপি চ শার্যাতে॥ ৪৬॥ গীতাদি শাৃতিতেও জীবকে অংশ করিয়া কহিয়াছেন ॥ ৪৬ ॥ যদি কহ জীবের হু:থেতে ঈশ্বরের হু:থ হয় এমত নহে।। প্রকাশাদিবল্লৈবম্পরঃ॥ ৪৭॥ জীবের ছু:খের্তে ঈশ্বরের कू: थ र त नार्टे रामन कार्ष्ठत मीर्घण लहे हा अधित मीर्घण अञ्चल र ह কিন্তু বস্তুত অগ্নি দীর্ঘ নহে ॥ ৪৭ ॥ স্মরস্তি চ ॥ ৪৮ ॥ গীতাদি স্মৃতিতেও এই রূপ কহিতেছেন যে জীবের স্থুপ ছুংখে ঈশ্বরের ছুঃখ স্থুখ হয় না॥ ৪৮॥ অহুজ্ঞাপরিহারো দেহসম্বন্ধাৎ জ্যোতিরাদিবৎ॥ ৪৯॥ জীবেতে যে বিধি নিষেধ সম্বন্ধ হয় সে শরীরের সম্বন্ধ লইয়া জানিবে যেমন এক অগ্নি যজ্ঞের ঘটিত হইলে গ্রাহ্ম হয় শাশানের ঘটিত হইলে ত্যাজ্য হয়॥ ৪৯॥ অসন্ততে শ্চাব্যতিকর: ॥ ৫০ ॥ জীব যখন উপাধি বিশিষ্ট হইয়া এক দেহেতে পরিছিল্ল হয় অন্য দেহের স্থুখ ছুঃখাদি সম্বন্ধ তথন সে জীবের থাকে নাই।। ৫০।। আভাসএব চ॥ ৫১।। যেমন স্বর্য্যের এক প্রতিবিম্বের কম্পনেতে অন্য প্রতিবিশ্বের কম্পন হয় না সেই রূপ জীব সকল ঈশ্বরের প্ৰতিবিশ্ব এই হেতু এক জীবের স্থথ ছুঃখ অন্য জীবের উপলব্ধি হয় না ॥৫১॥ সাংখ্যেরা কহেন সকল জীবের ভোগাদি প্রধানের সম্বন্ধে হয় নৈয়ায়িকেরা কছেন জীবের এবং ঈশ্বরের সর্বত্ত সম্বন্ধ হয় অতএব এই ছুই মতে দোষ म्भार्ट्स (य ८२७ এমন इंटेल এक জीবের धर्म अना জीবে উপলব্ধি इंटेराज এই দোষের সমাধা সাংখ্যেরা ও নৈয়ায়িকেরা এই রূপে করেন যে পৃথক

পৃথক অদ্টের দারা পৃথক পৃথক ফল হয় এমত সমাধান কহিতে পারিবে নাই॥ অদৃস্টানিয়মাৎ॥ ৫২॥ সাংখ্যেরা কহেন অদৃষ্ট প্রধানেতে
থাকে নৈয়ায়িকেরা কহেন অদৃষ্ট জীবে থাকে এই রূপ হইলে প্রধানের
ও জীবের সর্ব্বিত্র সম্বন্ধের দ্বারা অদৃষ্টের অনিয়ম হয় অতএব এই ছুই
মতে দোষ তদবস্থ রহিল॥ ৫২॥ যদি কহ আমি করিতেছি এই রূপ
পৃথক পৃথক জীবের সঙ্কপে পৃথক পৃথক অদৃষ্টের নিয়ামক হয় তাহার
উত্তর এই॥ অভিসন্ধ্যাদিধপি চৈবং॥ ৫৩॥ অভিসন্ধি অর্থাৎ সঙ্কপ্প
মনোজন্য হয় সে সঙ্কপে জীবেতে আছে অতএব সেই জীবের সর্ববিত্র
সম্বন্ধ প্রযুক্ত অদৃষ্টের নায় সঙ্কপের অনিয়ম হয়॥ ৫৩॥ প্রদেশাদিতি চেন্নান্ধর্ভাবাৎ॥ ৫৪॥ প্রতি শরীরে সঙ্কপ্পের পার্থক্য কহিতে পারি না
যে হেতু যাবৎ শরীরে জীবের এবং প্রধানের আবির্ভাব স্বীকার ঐ ছুই
মতে করেন॥ ৫৪॥ ৩॥ ইতি দ্বিতীয়াধ্যায়ে তৃতীয়ং পাদঃ॥ ০॥

-myglacon

ওঁ তৎসৎ। বেদে কহেন স্ফীর প্রথমেতে ব্রহ্ম ছিলেন আর ইন্দ্রিয়গঞ ছিলো অতএব এই শ্রুতির দারা বুঝায় যে ইন্দ্রিয়ের উৎপত্তি নাই এমত নহে।। তথা প্রাণাঃ।।>।। যেমন আকাশাদির উৎপত্তি সেই ক্লপ প্রাণের অর্থাৎ ইক্রিয়ের উৎপত্তি হয় এমত অনেক শ্রুতিতে আছে ॥১॥ গৌণ্যসম্ভ-বাৎ ॥२॥ যদি কহ যে শ্রুতিতে ইন্দ্রিয়ের উৎপত্তি কহিয়াছেন সে গৌণার্থ হয় মুখ্যার্থ নহে এমত কহিতে পারিবে নাই যেহেতু শ্রুতিতে ব্রহ্ম ব্যতি-রেকে সকলকে বিশেষ রূপে অনিত্য কহিয়াছেন॥২॥ তৎপ্রাক্ষ্রুতেশ্চ॥২॥ দ্বিতীয়ত এক শ্রুতিতে আকাশাদের উৎপত্তি মুখ্যার্থ হয় ইন্দ্রিয়াদের উৎ-পত্তি গৌণার্থ এমত অঙ্গীকার করা অত্যন্ত অসম্ভব হয় ॥২॥ তৎপূর্ব্বকত্বা-ছাচঃ॥৩॥ বাক্য মন ইন্দ্রিয় এ সকল উৎপন্ন হয় যেহেতু বাক্যের কারণ তেজ মনের কারণ পৃথিবী ইন্দ্রিয়ের কারণ জল অতএব কারণ আপন কার্য্যের পূর্ব্বে অবশ্র থাকিবেক তবে বেদে কহিয়াছেন যে স্থাটির পূর্ব্বে ইন্দ্রিয়েরা ছিলেন তাহার তাৎপর্য্য এই যে অব্যক্ত রূপে ব্রহ্মেতে ছিলেন॥ ৩॥ কোন শ্রুতিতে কহিয়াছেন পশুরূপ পুক্ষকে আট ইন্দ্রিয়েরা বন্ধ করে আর কোন শ্রুতিতে কহিয়াছেন ইন্দ্রিয়ের মধ্যে প্রধান সাত অপ্রধান ছুই এই নয় ইক্রিয় হয় এই ছুই শ্রুতির বিরোধেতে কেহ এই রূপে সমাধান করেন। সপ্তগতের্বিশেষিতত্বাক্ষ ॥ ৪॥ ইন্দ্রিয় সাত হয়েন বেদে এমত উপগতি অর্থাৎ উপলব্ধি আছে যেহেতু ইন্দ্রিয় সাত করিয়া বিশেষ বেদে কহিতেছেন তবে ছুই ইক্রিয়ের অধিক বর্ণন আছে তাহা ঐ সাতের অন্ত-র্গত জানিবে এই মতে মন এক। কর্ম্মেন্দ্রিয় পাঁচেতে এক। জ্ঞানেন্দ্রিয় পাঁচ এই সাত হয়॥॥ এখন সিদ্ধান্তী এই মতে দোষ দিয়া স্বমত কহিতে-ছেন॥ হস্তাদয়স্ত্র স্থিতেহতোনৈবং॥ ৫॥ বেদেতে হস্ত পাদাদিকেও ইন্দ্রিয় করিয়া কহিয়াছেন অতএব সাত ইন্দ্রিয় কহিতে পারিবে না কিন্তু ইন্দ্রিয় একাদশ হয় পাঁচ কর্মেন্দ্রিয় পাঁচ জ্ঞানেন্দ্রিয় আর মন তবে সপ্ত ইন্দ্রিয় যে বেদে কহিয়াছেন তাহার তাৎপর্য্য মন্তকের সপ্ত ছিদ্র হয় আর অপ্রধান হুই ইন্দ্রিয় কহিয়াছেন তাহার তাৎপর্য্য অধোদেশের হুই ছিজ হয়॥ ৫॥ অপরিমিত অহঙ্কারের কার্য্য ইন্দ্রিয় সর্কল হয় অতএব ইন্দ্রিয় সকল অপ-রিমিত হয় এমত নহে। অণব । ৬। ইন্রিয় সকল স্ক্রম অর্থাৎ পরি-

মিত হয়েন যে হেতু ইন্দ্রিয় রুত্তি দূর পর্য্যস্ত যায় না এবং বেদেতে ইন্দ্রিয় দকলের উৎক্রমণের প্রবণ আছে॥ ७॥ বেদে কহেন মহা প্রলয়েতে কে-বল ব্রন্ধ ছিলেন আর ঐ শ্রুতিতে আনীত এই শব্দ আছে তাহাতে বুঝা যায় প্রাণ ছিলো। এমত নহে। শ্রেষ্ঠ 🕫 ॥ গ । শ্রেষ্ঠ যে প্রাণ তিনিও ব্রহ্ম হইতে হইয়াছেন যে হেতু বেদে কহিয়াছেন প্রাণ আর সকল ইন্দ্রিয় ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়াছেন তবে আনীত শব্দের অর্থ এই। মহাপ্রলয়ে ব্রহ্ম উৎপন্ন হয়েন নাই কিন্তু বিদ্যমান ছিলেন ॥ ৭ ॥ প্রাণ সাক্ষাৎ বায়ু হয় কিশ্বা বায়ু জন্য ইন্দ্রিয় ক্রিয়া হয় এই সন্দেহেতে কহিতেছেন। ন বায়ু-ক্রিয়ে পৃথগুপদেশাৎ ॥৮॥ প্রাণ সাক্ষাৎ বায়ু নহে এবং বায়ু জন্য ইন্দ্রিয় ক্রিয়া নহে যে হেতু প্রাণকে বায়ু হইতে বেদে পৃথক করিয়া কহিয়াছেন তবে পূর্ব্ব শ্রুতিতে যে কহিয়াছেন যে বায়ু সেই প্রাণ হয় সে কার্য্য কার-ণের অভেদ রূপে কহিয়াছেন॥৮॥ যদি কছ জীব আর প্রাণের ভেদ আছে অতএৰ দেহ উভয়ের ব্যাপ্য হইযা ব্যাকুল হইবেক এমত নহে। চক্ষরাদিবত্ত তৎসহশিক্ট্যাদিভাঃ ॥৯॥ চক্ষর্ণাদের ন্যায় প্রাণো জীবের অধীন হয় যে হেতু চক্ষুরাদির উপর প্রাণের অধিকার জীবের সহকারে আছে পৃথক অধিকার নাই তাহার কারণ এই যে চক্ষুরাদির ন্যায় প্রাণো ভৌতিক এবং অচেতন হয় ॥ ১॥ চক্ষুরাদির সহিত প্রাণের তুল্যতা কহা উচিত নহে যেহেতু চক্ষুরাদির রূপাদি বিষয় আছে প্রাণের বিষয় নাই তাহার উত্তর এই।। অকরণস্বাচ্চ ন দোষস্তথা হি শ্রতি।। ১০।। যদি কহ প্রাণ ইন্দ্রিয়ের ন্যায় জীবের করণ না হয় ইহা কহিলে দোষ হয় না যেহেতু প্রাণ জীবের করণ না হইয়াও দেহ ধারণ রূপ বিষয় করিতেছে বেদেতেও এই রূপ দেখিতেছি। ১০। পঞ্চরুত্তির্ম্মনোবৎ ব্যপদিশ্যতে। ১১। প্রাণের পাঁচ রত্তি নিঃখাদ এক প্রখাদ ছুই দেহ ক্রিয়া তিন উৎক্রমণ চারি সর্ববাঙ্গে রদের চালন পাঁচ। মনের যেমন অনেক রুত্তি সেইরূপ প্রাণেরো এই পাঁচ রুজ্তি বেদে কহিয়াছেন অতএব প্রাণ ইন্দ্রিয়ের ন্যায় বিষয় যুক্ত হইল ॥১১॥ বেদে কহিয়াছেন জীব তিন লোকের সমান হয়েন জীবের সমান প্রাণ হয় ইহাতে বুঝা যায় প্রাণ মহান হয় এমত নহে। অণুশ্চ ॥ ১২॥ প্রাণ কুদ্রে হয়েন যেহেতু প্রাণের উৎক্রমণ বেদে শ্রবণ আছে তবে পূর্ব্ব শ্রুতিতে যে

প্রাণকে মহান করিয়া কহিয়াছেন তাহার তাৎপর্য্য সামান্য বায়ু হয় ॥১২॥ বেদে কহিতেছেন জীব চক্ষুরাদি ইন্সিয়ের দ্বারা রূপাদিকে দর্শনাদি করেন অতএব চক্ষুরাদি ইন্দ্রিয় আপন আপন অধিষ্ঠাভূ দেবতাকে অপেক্ষা না করিয়া আপন আপন বিষয়েতে প্রব্ত হয় এমত নহে।। জ্যোতিরাদ্য-ধিষ্ঠানন্ত তদামননাৎ॥ ১৩॥ জ্যোতিরাদি অর্থাৎ অগ্নাদির অধিষ্ঠানের ছারা চক্ষুরাদি সকল ইন্দ্রিয়েরা আপন আপন বিষয়েতে প্রব্রুত হয়েন যে হেতু সুর্যা চক্ষু হইয়া চক্ষুতে প্রবেশ করিয়াছেন এমত বেদেতে কথন আছে যদি বল যিনি তাহার অধিষ্ঠাতা হয়েন তিনি তাহার ফল ভোগ করেন তবে অধিষ্ঠাত্রী দেবতার ইক্রিয় জন্য ফল ভোগের আপত্তি হয় ইহার উত্তর এই রথের অধিষ্ঠাতা সারথি সে তাহার ফল ভোগ করে না॥ ১৩॥ প্রাণবতা শব্দাৎ॥ ১৪॥ প্রাণ বিশিষ্ট যে জীব তিনি ইন্দ্রিয়ের ফল ভোগ করেন যে হেতু শব্দ ব্রহ্মে কহিতেছেন যে চক্ষ্ ব্যাপ্ত হইয়া জীব চক্ষুতে অবস্থিতি করিলে তাহাকে দেখাইবার জন্যে স্থ্য চক্ষুতে গমন করেন॥ ১৪॥ তস্য চ নিত্যত্বাৎ॥ ১৫॥ ভোগাদি বিরয়ে জীবের নিত্যতা আছে অতএব অধিষ্ঠাত দেবতা ফল ভোক্তা নহেন॥ ১৫॥ বেদেতে चाह्य र हेक्कियाता किटिएएइन य चामता প्रानित स्रक्तभ रहेगा शांकि অতএব সকল ইন্দ্রিয়ের ঐক্যতা মুখ্য প্রাণের সহিত আছে এমত নহে। ইন্দ্রিয়াণি তদ্ব্যপদেশাদন্যত্র শ্রেষ্ঠাৎ॥ ১৬॥ শ্রেষ্ঠ প্রাণ হইতে ইন্দ্রিয় সকল ভিন্ন হয় যে হেতু বেদেতে ভেদ কথন আছে তবে যে পূৰ্ব্ব শ্ৰুতিতে ইন্দ্রিয়কে প্রাণের স্বরূপ করিয়া কহিয়াছেন তাহার তাৎপর্য্য এই যে ইন্দ্রিয় সকল প্রাণের অধীন হয়॥ ১৬॥ ভেদশ্রুতেঃ॥ ১৭॥ বেদেতে কহিয়া-ছেন যে সকল ইন্দ্রিয়েরা মুখস্থ প্রাণকে আপনার আপনার অভিপ্রায় কহিয়াছেন অতএব ইন্দ্রিয় আর প্রাণের ভেদ দেখিতেতেছি॥ ১৭॥ বৈলক্ষণ্যাচ্চ ॥ ১৮॥ স্ব্রুপ্তিকালে ইন্দ্রিয়ের সত্তা থাকে না প্রাণের সতা থাকে এই বৈলক্ষণ্যের দ্বারা ইন্দ্রর আর প্রাণের ভেদ আছে॥ ১৮॥ বেদে কহিতেছেন যে ঈশ্বর ইচ্ছা করিলেন যে জীবের সহিত পৃথিবী এবং জল আর তেজেতে প্রবিষ্ট হইয়া এই পৃথিব্যাদি তিনকে নাম রূপের দারা বিকার বিশিষ্ট করি পশ্চাৎ ঐ তিনকে একত্র করিয়া পৃথক করি